—প্রকাশক—
স্বামী ত্যাগীশ্বরানন্দ
২১১, রাসবিহারী এভিনিউ
বালিগঞ্জ, কলিকাতা —১২

## —পুন্তক প্রাপ্তির স্থান— ভারত (স**বাশ্রম সহ্য** প্রধান কার্য্যালয়—২১১, রাসবিহারী এভিনিউ.

বালিগঞ্জ, কলিকাতা-->> ফোন নং--৪৬-১১ ৭৮

বাঁকুড়া দেবাশ্রম—কেন্দুবাডিহি, বাঁকুড়া পুক্রিয়া দেবাশ্রম—পুক্রিয়া, (ঝাড়গ্রাম) জেলা—মেদিনীপুর মালদহ দেবাশ্রম—সাহাপুর, সিউড়ী সেবাশ্রম, সিউড়ী গয়া. কালী, পুরী, নবদ্বীপ, এলাহাবাদ প্রভৃতি তীর্থকেক্র। মহেশ লাইব্রেরী—২/১, শ্রামাচরণ দে ষ্টাট, কলিকাতা শ্রীপ্তরু লাইব্রেরী—২০৪, রবীক্র সরণী, কলিকাতা

মূলক:
এশিয়ান প্রিন্টার্স
পি-১২, সি. আই. টি. রোড,
ক্সিকাডা-৭০০ ০১৪

কাইজিং
বন্ধ বাইজিং ওয়ার্ক্স
২০, রাজ চক্র সেন জেন

# উৎসর্গ

এ-দেহের যিনি প্রাণ,

এই জীবনের যিনি জীবনী-শক্তি ;

যিনি প্রেরণারূপে অন্তরে থাকিয়া
জীবন-সাধনার পথে প্রবর্ত্তন করিয়াছেন,

বৃদ্ধিরূপে যিনি সর্ব্বদা
কর্ত্তব্যাকর্ত্তব্য নির্দ্ধারণ করিয়া দিতেছেন,

থিবেকরূপে প্রতিনিয়ত যিনি
লক্ষ্যপথে পরিচালনা করিতেছেন ;
এই জীবনের যিনি শ্রুবতারা, ১ জীবন-তরণীর যিনি কাপ্তারী,

সেই পর্মারাধ্য অন্তর-দেবত।

## শ্রশ্রিশার প্রান্তর্যার

জীবন-সাধনার এই অকিঞ্চিংকর অর্থ্য "জীবন-সাধনার পথে" পরম ভক্তিভরে উৎস্থ হইল।

#### প্রীপ্রীসছ-গীতা

"শ্রীশ্রীমং স্বামী প্রণবানন্দজীর ধর্ম ও আধ্যাত্মিক উপদেশপূর্ণ অমৃদ্য পত্রাবলী ও সজ্ব সাধকদের প্রতি আদেশ নির্দেশাদি সংগ্রহ করিয়া এই অপূর্বব গ্রন্থ সঙ্কলিত হইয়াছে। …এই গ্রন্থপাঠে নিরাশ প্রাণে আশার সঞ্চার হয়। অলস উত্তমহীন জীবন্মত ব্যক্তির হৃদয়ে মৃতসঞ্জীবনী ঢালিয়া দেয়। …আমরা ধর্মজীবনেচ্ছু ব্যক্তিমাত্রকেই ইহার এক এক খণ্ড সংগ্রহ করিয়া নিত্য পাঠ করিতে অমুরোধ করি।"

## প্রকাশকের নিবেদন

শ্রীশ্রীসভ্যনেতার পরম করুণা ও আশীর্কাদে "জীবন-সাধনার পথে" প্রকাশিত হইল।

সভ্যনেত। শ্রীমদাচাব্যদেব লেথককে জীবন-গঠন সম্পর্কে বিভিন্ন
সময়ে যে সমস্ত মূল্যবান উপদেশ দান করিয়াছেন এবং দৈনন্দিন জীবনের
গতিপথে সাধনা ও কর্মের, অন্তর্ভূতি ও অভিজ্ঞতার ভিতর দিয়া
লেথকের জীবনে তাহার যে জীবন্ত ভাষ্ম রচিত হইয়াছে, তাহারই
কিয়দংশ দিনলিপি হইতে ভাষ্য্য রূপায়িত করিয়া ভারত সেবাশ্রম
সঙ্গের মাসিক মূথপত্ত "প্রণব" পত্রিকায় প্রকাশিত হয়। তথন কয়েকথানি মাসিক পত্রিকার সম্পাদক সাগ্রহে লেথাগুলি নিজ নিজ পত্রিকায়
প্রন্ম্ দ্রিত করেন এবং স্বধী, সাধক ও প্রণবের' পাঠকগণের মধ্যেও
অনেকেই উহা পুক্তকাকারে প্রকাশের জন্ম অন্থরোধ জানাইতে থাকেন।
আমরা তাহাদের আন্তরিক আগ্রহে উৎসাহিত হইয়া নানা প্রকার
অন্তরিধা সংস্বত "জীবন-সাধ্যার পথে" নাম দিয়া লেথাগুলি প্রকাশে ব্রতী
হইলাম। জীবন-পথের পথিকগণের পথচলার পক্ষে এই পুন্তিকা কিঞ্চিন্মাত্রও
সহায়তা করিলে আমরা আমাদের শ্রম সার্থক জ্ঞান করিব।

কলিকাতা বিশ্ববিভালয়ের 'রামতম্ব লাহিডী অধ্যাপক' প্রবীণ মনীষী ডক্টর শ্রীপ্রক্রমার বন্দ্যোপাধ্যায় মহাশয় স্বতঃপ্রণোদিত হইয়া পুস্তকের দারগর্ভ ভূমিকা লিথিয়া দিয়া আমাদিগকে গভীর ক্লতজ্ঞতাপাশে আবদ্ধ করিয়াছেন। আমরা শ্রীভগবানের নিকট তাঁহার সর্বাঙ্গীণ কল্যাণ প্রার্থনা করি। ইতি—

শুশ্রীজ্ঞীদোল-পূর্ণিমা ১৪ই ফান্ধুন, ১৩৫১ সাল

# ত্রিতীয় সংক্ষরণের নিবেদন

শ্রীশ্রীসভ্যনেতার অপার রূপায় 'জীবন-সাধনার পথে'র দিতীয় সংস্করণ প্রকাশিত হউল। কিঞ্চিদ্ধিক এক বৎসবের মধ্যেই প্রথম সংস্করণটি সম্পূর্ণ নিংশেষিত হওয়ায় আমরা ইহার দিতীয় সংস্করণ প্রকাশে উৎসাহিত হইয়াছি। বর্তমান সংস্করণে কয়েকটি নৃতন প্রবন্ধ সংযোজিত ইইয়াছে। আশাকরি, প্রথম সংস্করণের তায় এই সংস্করণটিকেও জনসাধারণ সাদরে গ্রহণ করিবেন।

শ্ৰীশ্ৰীদোল পূৰ্ণিমা—২৩শে ফাব্ধন, ১৩৫৩ দাল

## তৃতীয় সংক্ষরণ

শ্রীশ্রীসভ্যনেতার স্মানীর্বাদে তৃতীয় সংস্করণ প্রকাশ করা হইল। ইহাতে শেষের দিকে পরিশিষ্টে সর্বসাধারণের প্রার্থনার স্থাবিধার জন্ত অন্তবাদসহ কয়েকটি প্রার্থনার মন্ত্র সন্মিবিষ্ট হইয়াছে।

গত বৎসর এপ্রিল মাসে পশ্চিমবঙ্গ সরকারের জি, পি, আই মহোদয় পুস্তকথানাকে ভাজহাত্রীদের জ্বত পঠনের জন্ত পাঠ্য হিসাবে অম্বন্ধাদন এবং বর্তমান বর্বে উচ্চ বিদ্যালয় সন্হের শিক্ষক ও শিক্ষয়িত্রিগণ পাঠ্যক্ষণে ইনিক্যান করায় আমরা ভাঁহাদিগকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি। ইতি—

भोव मःकास्टि-->=रम् भोव, ১७४१ मान ।

# চতুর্থ সংক্ষরণের নিবেদন

বিশিক্ষনেতার মহৈতুকী রুপায় চতুর্থ সংস্করণ প্রকাশিত হইল।
ইহাতে 'দিমচর্য্যা' শিরোনামায় জীবন গঠনের সহায়ক কভিপয় নিয়ম
কৃতন সংযোজিত হইয়াছে।

বিশেষ আনন্দের বিষয় এই যে, পৃস্তকথানা শুধু বাঙ্গালীদেরই সমাদর লাভ করে নাই, বাজলা ভাষাভিজ্ঞ অবাঙ্গালীরাও ইহাকে বিশেষ আকরে সহিত গ্রহণ করিয়াছেন। বিহারের প্রবীণ জননায়ক ও অপণ্ডিত উক্ত স্থামপ্রকাশ লালজী ও অক্তান্ত অনেকে পৃস্তকথানা পাঠ করিয়া আক্তই হনঃ ভাঁহাদের আগ্রহ ও অক্তান্ত পরিশ্রমে সম্প্রতি ইহার ভিন্তী অমুবাদ প্রকাশিত এবং বিশিষ্ট সাহিত্যিক, সাংবাদিক ও মনীবিগণ কর্তৃক আদৃত হইয়াছে। এতখাতীত, আমেদাবাদের প্রশিদ্ধ শুজরাটী দৈনিক 'সন্দেশ' পত্রিকায় এই গ্রন্থের অধিকাশে প্রবদ্ধ ইইতে ইহার শুজরাটী অমুবাদ প্রকাশনের ব্যবস্থাও ইইডেছে। বিভিন্ন রাজ্যের শিক্ষাব্রতী মনীবী ও অধ্যাপক অধ্যাপিকাগণ ছাত্র-ছাত্রীদের জীবন-গঠনোব্দেশ্রে বিভিন্ন বিহ্যালয়ে পৃস্তকথানা পঠন-পাঠনের স্থাপক স্বাত্রাক করিতেছেন। সাধারণ গ্রন্থাগার ও পাঠাগার সমৃত্বেও ইহা ক্ষেত্র স্থিত হইতেছে।

আজ খাধীন ভারতে ভারতীয় শিক্ষা-সাধনা-সংস্কৃতি ও আদর্শের শ্বহান্ ভিত্তিতে বহিষ্ঠ মাছ্য ও জাতি-গঠনের সহায়করণে জাতি-ধর্ম-বর্ণ নির্মিশেবে দর্মশ্রেণীর মাছ্য কর্তৃক-পুত্তকথানা অধিকতর আগ্রহ ও শাক্তিকতার গহিত গুলীত এবং বহনভাবে প্রচারিত হউক—ইহাই ঐকান্তিক আর্থনা। ভাঁহার ইচ্ছাই পূর্ণ হউক। ইতি—

नृश्यिः

# স্চী পত্ৰ

	বিষয়		পৃষ্ঠা
31	মিনতি		2
<b>ર</b>	জীবন-লক্ষ্য	•••	•
७।	প্রার্থনা	•••	, F
8	আদৰ্শ ও নীতি		•
a 1	সকল-সাধনা	• •	52
७।	পবিত্রতা	•••	54
91	বাক্সংযম		2/9
61	আত্মশক্তির উদ্বোধনেই প্রক্লত মনগ্রত্	• • •	36
<u>ا (</u>	আত্মনিবেদন		२०
١ • ١	<b>জ</b> াগরণী	•••	२२
>> 1	<b>দ</b> ∤য়ি <b>অ</b>		<b>2</b> 8
>२ ।	আঘাত-অক্তমণ ( নিজেব প্রতি )	- •	રહ
<b>५०</b> ।	माटेजः	• • •	₹ <b>&gt;</b>
186	আত্মসন্ধিৎ		٥.
201	ক্ষণিকের প্রভারণ:		,७३
१७।	আঘাত ( অপরের প্রতি )	•••	હ
186	কর্মীর জীবন-মন্ত্র	•••	99
721	জাগতিক নিন্দা ও গালি	• • •	8 0
166	প্রকৃত ধন্ম হিন্তান	• • •	8 6
<b>२०</b>	বিশ্বাস ও অবিশ্বাস		8,
२५।	মতান্তর ও মনান্তর		86
२२ ।	ছ:খ-হৰোগ	•••	10
	ছোটখাট দোৰক্ৰী	•••	6 5
२८ ।	বিবেকী ও অবিবেকী	• • •	<b>e</b> 9

201	জাগতিক ভালবাদা	•••	<b>6</b> b-
२७ ।	ত্শ্চিন্তার গোহ	•	৬২
291	কর্ত্তব্য-সাধন		৬৬
२৮	ব্যৰ্থতা ও প্ৰাজয়	••	৬৮
२३ ।	চির্দিন কাহারও সমান ুযায় না	•••	92
٠. I	<b>স</b> হায়ত!	•••	98
७५।	হুখাছুসন্ধান	•••	৭৬
७२ ।	জানা, বুঝা, কথা ও কা <b>জ</b>	•••	67
७७।	কর্ন্তব্য-নি <b>র্ণ</b> য়	•••	<b>68</b>
<b>७</b> ८ ।	আত্মপ্রশংসাই প্রকৃত আত্মহত্যা	•••	66
661	অ[পোধ-রফা	•••	৮৮
৩৬	প্রিয় ও অপ্রিয় কথা	•••	70
७१।	দায়িত্বে অধিকার	•••	4.7
	নামের কাঙ্গাল	•••	* •
621	কশ্মী, কশ্ম´ও প্রতিষ্ঠান	•••	5.0
8 0	প্রশংসা ও বিরুদ্ধ সমালে।চনা	•••	45
821	নেতা ও নেতৃত্ব	•••	> > >
85 1	অ তারক	•••	>0%
१ ७३	জীবনের গতিপথে	***	220
881	জীবন-গঠনের সাধনা	•••	7 7 8
se I	অন্তৰ্বাণী	•••	252
६७।	্ভান্তির নেশ।	•••	>5>
89 [	দিনচ্যা	•••	১৩২
१ चक	প্রার্থনার-নিয়ম	•••	:00
8= 1	প্রার্থনা মন্ত্র	· · · ·	३७७

#### গ্রন্থ-পরিচিতি

#### ডক্টর শ্রী শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় এম-এ, পি-এইচ-ডি

ভারত-সেবাশ্রম-সজ্ঞের সহ-সম্পাদক শ্রীমং আত্মানন স্বামীকী-প্রণীত "জীবন-সাধনার পথে" গ্রন্থখানি পড়িয়া নিবতিশয তৃপ্তি লাভ করিলাম। বর্তমান মুগে জড়বাদ ও দঙ্কীর্ণ স্বার্থপরতার অতি-প্রাছর্ভাবের জন্ম জীবনকে গভীরভাবে অম্বভব করিবার প্রবৃত্তি দিন দিন কমিয়া আসিতেছে। যে কোন উপায়ে অর্থোপার্জন, ভোগবিলাদের পরিতৃপ্তি ও লঘু আমোদ-প্রমোদের আস্বাদন মানব-জীবনের চুড়াও সার্ণকতা বলিষা বিবেচিত হইতেছে। সমস্ত জীবন যে একটা চুক্ত ব্রতের সাধন ও উদযাপন এই সত্য আমবা ক্রমশঃ ভুলিতে বৃদিয়াছি। এই অবস্থায় স্বামীন্দীর এই গ্রন্থথানি বিশেষ সময়োপযোগী হইয়াছে। ইহাতে গ্রন্থকার ভাবের গভীর আন্তরিকতা ও প্রকাশ-ভঙ্গীর উদাত্ত ওজ্বিতার সহিত মানবজীবনের কর্তব্য ও আদর্শের নির্দেশ দিয়াছেন। যে সমস্ত গুণের বিকাশ না ২ইলে প্রকৃত মহুয়তের কুরণ অসম্ভব, গ্রন্থকার সেই সমস্ত গুণোর অমুশীলন সম্বন্ধে অতি সরল ও আন্তরিকতা-পূর্ণ ভাষায় আমাদের মনোযোগ আকর্ষণ করিয়াছেন। এই নৈতিক উপদেশের পশ্চাৎপটে আছে প্রকৃত ধর্মবিশ্বাস ও ভগবানের ষাত্ম-নিবেদন—এই পিছনের প্রতিষ্ঠানভূমিই শুষ নৈতিকতার মধ্যে উচ্চতর কব্যোৎকর্ষ ও ভাব-গভীরতার স্থবের সঞ্চার করিয়াছে। লেথক বে প্রকৃতই গুরুর আসনে অধ্যাসীন হইবার বোগ্য, তাহা প্রমাণ হইয়াছে তাঁহার আত্ম-জিজ্ঞাসার পরিচ্ছেদগুলিতে। তিনি কেবল উপদেষ্টার উচ্চমঞ্চ इटेर्ड भन्नरक উপদেশ দেন नारे-अधम् थी मृष्टियल निक कि अपूर्वता সম্বন্ধে সচেতন হইয়াছেন ও ভগবানের করুণা ও প্রসাদ যাজ্ঞা করিয়া প্রকৃত শক্তির উৎদের সহিত নিজ সংযোগ অক্ষণ্ণ রাথিয়াছেন।

এই সমস্ত গ্রন্থ পাঠ করিয়া মনে একটা প্রশ্ন জাগে। আমাদের দেশে ধর্ম ও সমাজশক্তি যথন সজীব ছিল, তথন এরপ প্রত্যক্ষ নীতি-উপদেশের সেরপ আবশুকতা ছিল না। যে দেশে রামায়ণ রচিত হইয়াছে, সে দেশের লোককে পিতভক্তি সম্বন্ধে বিশেষ করিয়া উপদেশ দিতে হয় না। যেখানে সমাজ কর্মনিষ্ঠ, দৃঢ়প্রতিজ্ঞ ও আদর্শপরায়ণ সেখানে সমাজের প্রভাব ও দৃষ্টাস্তই নীতি-উপদেশের স্থান অধিকার করে। বিশুদ্ধ আবহাওয়ায় মনকে সরস রাখিলেই আপনা-আপনি স্বস্থ ধর্মবোধ অঞ্চরিত ২ওয়া স্বাভাবিক। তুর্ভাগ্যক্রমে আমাদের দেশে প্রতিবেশের সহজ হিতকর শক্তি আজ অনেকাংশে পঙ্গু হইয়া পড়িয়াছে। দেশের আকাশ-বাতাদে আজ জীবনীশক্তি-বৰ্দ্ধক উপাদান এত প্রচুরভাবে পরিব্যাপ্ত নয় যে, সহজ নি:খাস-প্রখাসেই আমরা উহাকে গ্রহণ করিতে পারি। আজ দেশের সংস্কৃতির ঐক্য বিধ্বস্ত; নৃতন নৃতন মতবাদের হৃষ্ট বীজাণু আমাদেব সহজ বুদ্ধিকে আজ ক্লিষ্ট ও নীরক্ত করিয়া তুলিয়াছে; বিপরীতমুখী আকর্ষণ আজ আমাদিগকে আমাদের চিরম্ভন প্রতিষ্ঠাভূমি হইতে কোন অন্ধ রসাতলের দিকে টানিয়া লইয়া যাইতেছে। কাজেই আবার প্রচারকের প্রয়োজন হইয়াছে, পরিচিত সত্যগুলি আমরা জীবনে বিশ্বত হইতে চলিয়াছি, দেগুলির মহিমা আবার ঘোষণা করিতে হইতেছে। রোণের প্রতিষেধক ঔষধ ব্যবহার করিতে হইতেছে। আজ ব্যাধিজর্জন সমাজে এই চিত্তকর ঔষধের প্রয়োজনীয়তা আমরা কৃতজ্ঞচিতে স্বীকার করিতে বাধা। ইতি-

ত্রী প্রীকুমার বন্দ্যোপাধ্যার



ভাৰত সেবাশ্রম সজের প্রতিষ্ঠাতা —জাভি সংগঠক— আচার্হ্য শ্রীমৎ স্বামী প্রণবানক্ষজী মহারাজ

# की वत-प्राथतात्र भाश

#### মিনতি

পশ্চাতে অনাদি অতীত, সম্মুখে অনস্ত ভবিষ্যং; মাঝে এতত্ত্বের সংযোগসেত্রূপে ক্ষণিক "বর্ত্তমান" প্রতিনিয়ত তিলে ডিলে পলে পলে অজ্ঞাত ভবিষ্যতের বৃক চিরিয়া দিন রাত্রি ছুটিয়া চলিয়াছে অবিরাম অবিপ্রাম তুর্নিবার গতিতে। জীবনের ঘনঘোর কুল্মাটীকাময় অন্ধ-কারাচ্ছন্ন এই তুর্গম পথে, হে প্রেমময় প্রভো! তুমিই আমার আশ্রয় অবলম্বন; বিপদে-আপদে, সম্পদে-নিরাপদে তুমিই একমাত্র সহায়, হুছদ, আত্মীয়, আপনার জন। শুধু তাই নয়, এই জীবন-তর্মীর তুমি গতি-মুক্তি, তুমি পরিণাম-পরিণতি, তুমিই কাশ্বারী।

হে দয়য়য়! জীবনের এই বিশ্ব-সঙ্কল হুদীর্ঘ গতিপথে যদি হ্বর্বল প্রাণমন আমার প্রান্ত বিপর্যান্ত হইয়া পড়ে, তবে তোমার স্কেহসিক্ত অমৃত পরশ ব্লাইয়া দিও। অজ্ঞান অহংএর প্রমন্ত অহমিকায় উল্মন্ত হইয়া হ্বের্কিবশে যদি কখনও তোমার নিয়য়ণ উপেক্ষা করিয়া বিপথে ছুটিয়া যাই, তবে হে করুণানিধান! তুমি আমায় ত্যাগ না করিয়া তোমার কাছে ফিরাইয়া লইও। আমি অবোধ জীব, শিশু সন্তান তোমার; আমার শত অপরাধ, সহস্র দোষক্রাটি মাজ্জনা করিয়া তোমার প্রীচরণে স্থান দিও। প্রলোভনের কুহকে ভুলিয়া, তোমার পরিত্র শ্বিত

বিশ্বত হইরা যদি পাপের পিচ্ছিল পথে পড়িয়া যাই, তবে হে জীবননাধ! করুণা করিয়া তুমি একবার তোমার স্থকোমল কোলে তুলিয়া লইও। তুর্কিসহ জ্বালামালার জ্বলিয়া পুড়িয়া অন্তর যদি ছাই হইয়া যায়, স্থতীত্র যাতনা-বেদনায় জীবন যদি কখনও তুর্কহ হইয়া উঠে, তবে তোমার স্থলীতল করস্পার্শে অন্তরের সমস্ত জ্বালা জুড়াইয়া শান্তি ও সাস্থনা দিও।

কি আর বলিব নাথ! তুমি অন্তর্যামী, আমার অন্তরের নিভ্ত চিন্তা-তরক্ষ, নিতান্ত গোপনীয় ভাবসমূহ সমস্তই তুমি আমার চেয়েও বেশী জ্ঞান। তাই তোমার জীচরণে শেষ মিনতি— জীবনে-মরণে, শরনে-স্থপনে এই দেহ-মন-প্রাণ দ্বারা যেন তোমারই ইচ্ছা সাধিত হয়, দৈনন্দিন জীবনের প্রতি নিঃশ্বাসপ্রশ্বাস্টি যেন নিঃসঙ্কোচে ভোমারই আদেশ পালনে ব্যয়িত হয়। প্রাণের সকল তারে আজ ভোমারই জিব্য রাগিণী ঝন্তারিয়া উঠুক, সমস্ত হৃদয় আজ ভোমারই জয়গানে পরিপূর্ণ ইউক, জীবনের এই প্রথম যাত্রা-পথে ভোমার আপ্রিতের এই ক্ষীণ কণ্ঠ মহোল্লাসে ভোমার অপার মহিমা বিঘোষিত করুক।

ওঁ তৎসৎ হরিঃ ওঁ।

### জीवर-नका

ক্ষুত্র বীব্দের ভিতর যেমন মহামহীক্রহের বিরাট কাল্লা আত্মসংস্কাচ করিয়া লুকায়িত থাকে, তেমনি এই ক্ষুদ্র মানুষের ভিতরও আত্মসঙ্কোচ করিয়া ঘুমাইয়া পাকে ভাহার অনন্ত শক্তিমান ভূমা আত্মা। অপব্লি-ক্ষৃটি সঙ্কুচিত কোরকের বৃকে স্থপরিক্ষৃট পুল্পের সৌন্দর্য্যস্থমার অ.ছা-গোপনের মত এই ক্ষুম্র অবিকশিত মানবশিশুর ভিতরেই মহামানবের অপূর্ব্ব মহত্ত্বও দেবোপম চরিত্রমাধুধ্য আত্মগোপন করিয়া থাকে। এই সঙ্কুচিত ঘুমন্ত মহান্ আত্মসন্তাকে জাগ্রত করিয়া মারুষের বিরাট সম্ভাবনাকে স্থপরিক্ট স্থপরিণত রূপ দেওয়াই জীবনের চরম সার্থকতা। মাধুষ যখন ভাহার বিরাট ভূমাম্বরূপকে উপলব্ধি করে, তখন সে আর দ্বাহাত্রান্ত, কামনা-বাসনা-ভাড়িত, রিপু-ইন্দ্রিয়-শাসিত, রোগ-শোক-কাতর, মরণ-ভীক তুর্বল মান্তুষ নয়, তখন সে তৃংখ-শোক-মোহাতীত, জরাব্যাধিমৃক্ত, রিপু-ইন্দ্রিং-শাসক মৃত্যুঞ্জয়ী মহাবীর। জগতেব কোন শক্তি তখন তাহাকে শাসন করিতে পারে না, কোন প্রলোভন ভাহাকে প্রলুদ্ধ করিতে সক্ষম হয় না, কোন ছঃখ-দৈল, অনুখ-অশান্থি, পাপতাপ, ভয়-ভাবনা নিকটে আসিতে সাহস পায় না; প্রবল প্রতাপান্থিত সমাটের পদতলে লুপ্তিত ভূত্যের মত সমস্ত বিরুদ্ধশক্তি সমন্ত্রমে আসিয়া তাহার পদমূলে আশ্রয় ভিক্ষা করে, মমুষ্যত্ত ও মহত্ত্ব গঙ্গা যমুনার পবিত্র ধারার মত পরস্পার সন্মিলিত হইয়া ভাহার জাগ্রত ভূমাম্বরূপে মিশিয়া সাগর-সঙ্গমের পুণ্যভীর্থ স্বষ্টি করে। "ভূমৈৰ স্থং নাল্লে স্থমন্তি।" ভূম। বিরাট মহান্যাহা, ভাহাডেই

সুখ শান্তি আনন্দ ; আর অল্ল সামাত্ত ক্ষুদ্র যাহা, তাহাতেই শোক-হঃখ-অসুখ-অশান্তি।

"যে। বৈ ভূমা ভদমূতম্থ যদল ভ্লার্টাম্।"

্ভুমার ভিতবে মহানের ভিতবে অমূতত্ব— চির অমর্তের অক্ষয় বীজ নিহিত, আর অজ্ল সামাকা সঙ্কীণ্তার ভিতরেই হানিশিচড় ধব স্, মহামৃত্য। অনন্ত শক্তির আধার মানুষ যধন তাহার এই বিরাট স্বরূপ ভুলিয়া, চরম ত্রভাগ্যবশে জীবনের এক অসাবধান তুর্বল মৃত্রুত নিজেকে 'অলে'র (সঙ্কার্ণতার) মুধ্যে আবদ্ধ করিয়া পিঞ্জরাবদ্ধ হয়, তখন সে, শুগু তার আত্মশক্তির অপুবারহার ও আত্মসতাকে লাজনা ও অপমানই, করে না, মহামৃত্যুকে বরণ করিয়া লইয়া করে চির্মুণ্যু নির্গজ্জ আতাহত্যা। যে মাতুষ অসামাতা পৌরুষ্বলে অসাধ্য সাধন করিয়া সমগ্র জগতে একট। আলোড়ন সৃষ্টি করিবার মত শক্তিসম্পন্ন, যার তপোলক অভাদ্ত বীর্যাবিভূতি বিশ্বপ্রকৃতিকে আয়তে আনিয়া ইঙ্গিতে পরিচালন্ করিতে সমর্থ, যাহাব স্থাবিকশিত জাতা্ত ব্যক্তিছের বিপুল প্রভাব সর্বধ্বংদী মহাকালকেও অ্গ্রাহ্য করিয়া জগতের বুকে অক্ষয় আসন প্রতিষ্ঠা করিতে। সক্ষম, সেই হুর্জন্ম শক্তির আধার মানুষ ষদি তার সমৃস্ত শক্তি স্বীয়, উদ্রপুর্তি ও নি্দিষ্ট মৃষ্টিমেয় কয়েকটি লোকের ভর্ণ-পোষণে সীমাবদ্ধ করে, তবে তাহা আত্মহত্যা নয় তো কি ? ্যে মানুষ সমগ্র বিশ্বমানবকে শাখ্ত শান্তি ও কল্যাণের অমৃতার পরিবেশনে পরিত্ত করিয়া চির্ত্তন অশান্তির দাবদাহ নির্ব্বাপিত করিবে, সে যুদ্ উপু ইচ্ছিন্ন-মুখ-স্ভোগ-চেষ্টায় আত্নিয়োগ করে ভবে তাহা কি তাহার সামর্থ্যের অপুচয় নয় ? শুধু আহার-নিজ্ঞা-শুয়-মৈথুনই

কি জীবদের এক মাত্রা কাম্যা কর্মণ তথু বিপু-ইন্দিরের লাক্ষ ও পাশবিকা বৃত্তির চরিতার্থতায়ই কি এক মাত্র তৃপ্তি গৈ এক মাত্র হৃষণ মান্ত্রই কি করে তার হিছা লাকে। না, তাহার জীবনের অন্ত কোন ভোই উদ্বেশ্য, মহন্তর প্রয়োজন আছে। কেইচাবিচরণশীল প্রচন্ত প্রতাপশালী পশুরাজ সিংহের শৃঞ্জিত জীবনই কি বাজনীয় গ অনন্ত আকাশে উভ্জীয়মান স্বাধীন বিহলের পিঞ্জরাবদ্ধ জীবনই কি শান্তিদায়ক গ স্বর্ণ-পিঞ্লর, হুর্ণশূজাল, অনায়াসলক আহায়্য ও লোকের মনোরঞ্জনই কি তাহার নিকট তৃত্তিকর গ আত্মন। একবার ধীরভাবে, শান্ত মনে, স্থির স্পিকে চিন্তা করিয়া দেখ।

দাস্থভাবসম্পন্ন চুর্বল মান্ত্র বা জাতি যেমন প্রাধীনভার অহিফেন সেবন করিয়া ঝাধীন জাবনের শান্তি ও আনন্দ ভূলিয়া যায় এবং পরাধীনভাকেই একমাত্র শান্তির কারণ, বলিয়া মনে করে, ত্বেমনি ঐক্সিক হুখ সন্তোগে মন্ত, মোহাভিভূত মান্ত্র্যন্ত ইন্দ্রিয়াতীত ভূমার অনন্ত শান্তি-পারাবারের কথা ভূলিয়া একমাত্র ক্ষণভঙ্কুর 'আপাত্ত-মনোরম পরিগাম ভয়াবহ' ভোগ হুখকেই প্রকৃত হুখ বলিয়া জুল করে। কিন্তু যে মূহুর্ত্ত মহাকালের নির্মাম আঘাতে বিষয়সন্তোগরূপ রঙ্গীন নেশা ছুটিয়া যায়, সভাগৃত পাশবদ্ধ কেশরীর মত বন্ধভাবনের বন্ধনার মান্ত্র্য অন্তির চঞ্চল ইন্ট্রয়া উঠে, তখন সেই মূহুর্ত্ত "নির্মছ্ছিত জগজজালাৎ পিপ্তরাদিন কেশরী'',—সিংহ যেমন স্বোন্য পিপ্তর ভঙ্গ করিয়া মুক্ত প্রাক্তরে বাহির ইন্ট্রয়া আসে, ইন্দ্রিয়পাশবদ্ধ মান্ত্রয়ও তেমনি সংসারজ্ঞাল ভিন্নভিন্ন করিয়া ত্যাগের পথে— শান্তির রাজ্যে ছুটিয়া আসে,

সর্ববন্ধনমূকে স্বাধীন জীবনের নিরবচ্ছিন্ন অনাবিদ্ধ আনন্দ আসাদন করিয়া ধন্ম ও কৃতার্থ হয়। ওধু তাই নয়, এতদিন সে ভ্রান্তির ঘোরে মোহের বশে যে রিপু-ইন্দ্রিয়ের দাসত্ব করিতেছিল, সেই রিপু-ইন্দ্রিয়ই অমুগত ভূত্যের মত তাহার আদেশ পালন করিতেছে দেখিয়া এবং প্রভূ হইয়াও সে যে এতদিন তাহারই ভূত্যের দাসত্ব করিয়াছে তাহা বৃঝিতে পারিয়া বিশ্বিত ও লজ্জিত হয়।

আত্মন! সর্ব্ধ প্রকার দাসত, পরাধীনতা ও আত্মবিশ্বতির মোহকবল হইতে আত্মোদ্ধার করিয়া অন্তর্নিহিত স্থপ্ত শক্তিকে জাগ্রত
করিয়া তোল, ইহার জন্ম যত কঠোর মূল্যই প্রয়োজন হউক না কেন
ভাহা দিতে প্রস্তুত হও। আজ যাহা তৃঃসাধ্য বা অসম্ভব বলিয়া মনে
হইতেছে, তাহাই নিরন্তর সাধনা ও অভ্যাসের ফলে একদিন স্থসাধ্য
ও সম্ভব হইয়া উঠিবে। তবে ইহার জন্ম চাই বিরাট উল্লোগ, অনম্ভ
অসীম বৈর্ঘ্য, অদম্য অফুরন্ত উৎসাহ, উত্মম, অধ্যবসায়। জীবনের
লক্ষ্য-সাধনায় সিদ্ধ পূর্বতন কৃতী মহামানবদের ভিতর যে শক্তিসামর্থ্য
ছিল, ভোমার ভিতরেও সেই শক্তিসামর্থ্যই বিল্লমান। এখন চাই
ধ তাঁদের মত ) শুধু সদ্গুরুর আশ্রেয় গ্রহণ করিয়া তাঁহারই নির্দিষ্ট পথে
চলিয়া সেই শক্তির অনুশীলন, কার্য্য সিদ্ধির উপযোগী কঠোর
আত্মত্যাগ, সাধনা ও তুঃখ-কন্ট বরণ।

সাময়িক হঃখ-হর্বলতা বা প্রাথমিক অকৃতকার্য্যতায় হতাশ হইও না। কঠোর প্রতিজ্ঞা ও বজ্লন্ন সম্বন্ধ সহকারে লক্ষ্য-সাধনে প্রবৃত্ত হও। মনে রাখিও —

#### জীবন-লক্ষ্য

"উদরতি যদি ভাষুঃ পশ্চিমে দিগ্বিভাগে, বিকশতি যদি পদ্ধং পর্বভানাং শিখরাগ্রে। প্রচলতি যদি মেকঃ শীভতাং যাতি ৰচ্ছিঃ, ন চলতি খলু বাক্যং সম্জনানাং কদাচিং।"

সূধ্য যদি পশ্চিম দিকে উদিত হয়, পর্বত শিখরে যদি পদ্ম প্রস্কৃতিত হইতে আরম্ভ করে, মেরু পর্বত যদি স্থানান্তরে গমন করে এবং অগ্নিও যদি শীতগতা প্রাপ্ত হয় তথাপি প্রাকৃত সজ্জনের বাক্য ক্ষান্ত অক্সপা হয় না।

— লক্ষ্য-সাধনের এই দৃঢ়তাই মাত্রকে সিদ্ধির গৌরব দান করে।

## প্রার্থনা

উপাসনা আত্মার খাত্য, প্রার্থনা প্রাণের অমৃতরসায়ন। জীবনের ঘোর ত্রনিনে, তুঃখ-দৈক্ত-অস্থ-অশান্তি-হাহাকারের মাঝে প্রার্থনাই মানুষের একমাত্র আশ্রয় ও অবলম্বন। অনাহারক্লিষ্ট ত্র্বল শরীর যেমন দৈনন্দিন আহারের দারা পরিপুষ্ট ও পরিবর্দ্ধিত হয়, তেমনি জন্মজন্মান্তরের বৃভূক্ষিত পাপতাপক্লিষ্ট মানবাত্মাও প্রার্থনা দারা হুস্থ, সবল, সঞ্জীব ও নূতন তেজে উদ্দীও হইয়া উঠে।

বিবিধ ঘাত-সংঘাত, জ্ঞালা-যন্ত্রণায় যখন জদয়-ভন্তী ছিন্নভিন্ন হইয়া যায়, বিভিন্ন রকম বিপদাপদ বিষাদ-অবসাদে প্রাণমন যখন ভাঙ্গিয়া পড়ে, প্রাণপাতী পরিশ্রম, চেষ্টা-ঘত্ন, উত্যোগ উৎসাহ সমস্তই যথন নিদারুণ ব্যর্থভায় পর্যাবসিত হয়, হতাশা-নিরাশার নিষ্ঠুর কশাঘাতে জ্বজ্জরিত হইয়া যখন নিতান্ত অসহায়ভাবে শুধু মাংগের প্রতীক্ষায় দিন গণিতে ইচ্ছা হয়, তখন—জীবন-মরণ সমস্ভার সেই নিদারুণ তুঃসময়ে একটিবার কেবল হৃদয়ের দ্বার খুলিয়া দাও, সমস্ত প্রাণমন ঢালিয়া জ্রীভগবানের রাতৃল চরণে আকুল প্রার্থনা নিবেদন কর, আগ্রহ-ব্যাকুল হৃদয়ে সমস্ত অন্তর দিয়া তাঁহার শরণ গ্রহণ, আশ্রয় ভিক্ষা কৰ, দেখিবে, মুহুর্ত্তের ভিতর যেন কাহার স্নেহশীতল হস্তের স্মিথ্য মধুর স্পর্শে অশান্তির দাবানল নিভিয়া গিয়াছে, সমস্ত জালামালা বিষাদ অবসাদ দুর হইয়া অন্তরের গভীরতম প্রদেশে নিশ্মল শান্তির অনাবিল ধারা ঝির-ঝির করিয়া বহিয়া চলিয়াছে, কে যেন ভোমার অ'াধার পথ আলো করিয়া পর্বতপ্রমাণ বাধাবিপদ পায়ে দলিয়া আগে আগে পথ দেখাইয়া চলিয়াছে।

দাও, আপনাকে সম্পূর্ণ রিক্ত করিয়া, মুক্ত করিয়া, উজ্ঞাড় করিয়া নিঃশেষে তাঁহার জ্রীচরণে ঢ।লিয়া দাও, প্রার্থনা ও উপাসনার ভিতর দিয়া তাঁহার সহিত নিরবচ্ছিন্নভাবে বুক্ত হও, অন্তরকে সর্বদা পূর্ণরূপে তাঁহার প্রতি উন্মুখ করিয়া রাখ, তবেই নিমেষের মধ্যে তাঁর কুপার বৈত্যতিক স্পার্শ তোমার হতাশা-বিপর্যন্ত প্রাণমন সরল সত্তেজ হইয়া উঠিবে, তাঁহার অহৈত্ক করুণাধারায় অভিসিঞ্জিত হইয়া সমগ্র জীবন-জনম ধন্য ও কৃতার্থ হইয়া যাইবে।

# আদর্শ ও নীতি

আদর্শ ও নীতিই মান্নবের জীবনীশক্তি, প্রাণপ্রস্ত্রবণ। প্রত্যেক্ত মানুষ, সমাজ ও জাতি খাঁটি শক্তিমান হয়, সভিচ্বার বাঁচা বাঁচিয়া থাকে তাহার শিক্ষা-সংস্কৃতি, আদর্শ ও নীতির অমুসরণের ভিতর দিয়া। যে মানুষ ও যে জাতি যতদিন পর্যান্ত তাহার মহান্ আদর্শ ও নীতিকে প্রাণপণে আকড়াইয়া ধরিয়া থাকে ততদিনই সে থাকে জগতের বৃক্কে হর্জরু, হুর্রভিক্রমা, অপরাজেয়। রাষ্ট্রীয় অধিকার স্থালিত হইলেও সত্তেজ প্রাণশক্তি তাহার হুর্বল হয় না, কঠোর নির্যাতন নিপীড়নেও প্রবল জীবনীশক্তি কখনও লোপ পায় না। অটুট প্রাণ-শক্তির প্রাচুর্যাে, মহান্ শিক্ষা-সংস্কৃতি ও আদর্শের জীবন্ত প্রভাবে সে মরণজ্বয়ী হইয়া মহাকালের বৃকে নির্ভরে বীরের মত বিচরণ করে, স্বীয় বিজ্ঞোকে পর্যান্ত আদর্শ-সমৃদ্ধ মহাজীবনের মন্তে দীক্ষা দান করিয়াঃ শিক্ষারূপে বরণ করিয়া লয়; জগতের ইতিহাস ইহার প্রভাক্ষ সাক্ষী।

প্রকৃত মানুষ যে, মহান্ আদর্শ ও নীভিকেই সে জাবনের ধ্রুবভারা ৰলিয়া প্রহণ করে। মংস্থা যেমন জ্বলশৃত হটয়া বাঁচিতে পারে না, প্রকৃত মামুষও তেমনি মহান আদর্শ ও নীতি ব্যতীত জীবন ধারণ করিতে সক্ষম হয় না। আদর্শনিষ্ঠ, নীতিপরায়ণ ব্যক্তি এই জন্ম যে-কোন বিপদ বরণ করিয়া লইতে প্রস্তুত হয়: কোন অত্যাচার উৎপীডনকে সে ভয় করে না, লাঞ্চনা নির্ঘাতনকে গ্রাহ্ম করে না, মৃত্যু আসিয়া সম্মুখে উপস্থিত ২ইলে অস্তরক বন্ধুর মত হাসিমুখে সাদরে ভাহাকে আলিঙ্গন করে; কিন্তু জীবনের আদর্শকে কখনও সে পরিত্যাগ করে না। বিহ্যাদঝলসিত, অশনিমন্ত্রিত কাল বৈশাখীর প্রলয়ঝন্বা মন্তকে ধারণ করিয়া, আততায়ীর গুপ্ত ছুরিকা পশ্চাতে ব্লাখিয়া, শত্রুর শাণিত কুপাণের মুখে নির্ভয়ে সে আগাইয়া চলে কুপশের ধনের মত স্বীয় আদর্শ ও নীতিকে বৃকে জড়াইয়া ধরিয়া। নিষ্ঠ্ৰ নিৰ্য্যাতনের কণ্টক-মুকুট সে সানন্দে মাথায় তুলিয়া লগ, 'সারকে' অন্তরের গোপন অন্তরালে সয়ত্বে আগ্লাইয়া রাথিয়া অভ্যাচারীর কোষমুক্ত উন্তত ভরবারির নিয়ে শির আগাইয়া দেয়।

আদর্শেব জ্বল্য মরণ—সার্থক মরণ; সে তো মরণ নয়--অমর জীবন। তাই বিপদের কৃষ্ণমেঘ যতই গাঢ়তর হয়, নির্যাতনের নির্মাতা যতই নিষ্ঠুরতর হইতে থাকে, আদর্শের পূজারী নিঠাবান্ সাধকের প্রাণমনও ততই বিপুল উল্লাসে মাতিয়া উঠে। তখন তাহার দেই বজ্বসম্ভার ক্রারে ভয় ভীত হইয়া পলায়ন করে, মৃত্যু আসিয়া "অন্তংগন প্রাণের" সন্ধান দিয়া বিদায় লয়, তার 'অমর মরণ' (রজ্বনাজেব মত) সহস্র সহস্র আদর্শপরায়ণ নূতন ম'মুষ স্প্তি করিয়া জাতির

ক্রীবনে অফুরন্থ প্রেরণার উৎসরূপে অক্ষয় হইয়া বাঁচিয়া থাকে।

মহান আদর্শের অফুশালন, উত্তম নীতির অফুসরণ দ্বারাই মানুষ প্রকৃত মহৎ হয়, সমাজ্ব ও জাতি প্রকৃত শ্রেষ্ঠতা অর্জন করে। যে জাতি ও সমাজ যত বেশী উচ্চতম আদর্শসম্পন্ন মহামানব দান করিতে পারে, সে জাতি ও সমাজ মহত্তর নীতি ও আদর্শদায়া বৃহত্তম জনসমষ্টিকে উদ্বন্ধ ও পরিচালিত করিতে সক্ষম হয়, সেই জাতি ও সমাজই সমগ্র জগতের নিকট তত বেশী শ্রাদ্ধা ও গৌরব লাভ করিয়া থাকে। জুগৎ মানুষের পূজা করে না, পুজা করে মহান্ আদর্শের; জ্গৎ মানুষকে শ্রদ্ধা দেখায় না, শ্রদ্ধা দেখায় শ্রেষ্ঠ মহত্তক । আদর্শহীন মামুষ—সে তো গলিত শব, এজগতে কেচ তাহার দিকে ফিরিয়া তাকায় না। লক্ষ লক্ষ্, কোটি কোটি মানুষ জ্বান, মরে; কি আদে যায় তাতে ? মানুষের মত মানুষ, খাঁটি আদর্শবান পুরুষ একজন জ্ঞালে সমগ্র জ্বগতে ভোলপাড় সৃষ্টি হয়, জাতির শিরায় শিরায় বসন্তের পুলক শিহরণ জাগে, সমাজের বৃকে নৃতন জীবনের স্পানন (मधा (मग्न, मिटक मिटक प्लरम प्लरम प्रशास्त्र अविम विश्वा याग्न, সম্প্র জগৎ সেই মহান্ ব্যক্তিকের শক্তিময় স্পর্শে সজীব হইয়া উঠে। তখন জাতীয় জীবনে এক নূতন অধাায়ের সূচনা হয়, সহস্রাব্দের ঘুমস্থ জ্ঞাতি জ্ঞাডাজড়তা বিষাদ-অবসাদ ঝাড়িয়া ফেলিয়া নূতন বিক্রমে জীবনের পথে অগ্রসর হইতে পাকে। সমগ্র মানব-জাতি নবজন্ম লাভ করিয়া ধন্য হয়!

আত্মন্! প্রকৃত জীবন চাও ? তবে স্বীয় আদর্শকে প্রাণপণে আক্ডাইয়া ধরিয়া থাক। মাসুষ চিরকাল বাঁচে না, আদর্শই চিরকাল বাঁচিয়া থাকে। বাঁচিতে হয় তো আদর্শকৈ নিয়া বাঁচিয়া থাক, মরিতে হয় তো আদর্শ নিয়াই মরিয়া। যাও। জীবনে-মরণে, শয়নে-স্বপনে, জাগরণে-বিচরণে আদর্শই তোমার সাথী, নীভিই পর্ম স্থাদ, বন্ধু। আদর্শকে তুমি রক্ষা করিলে আদর্শও তোমাকে ক্ষোকরিবে, নীতির (Principle) জন্ম প্রাণ বলি দিলে শত শত প্রাণ তোমার পশ্চাতে দাঁড়াইবে। স্কুতরাং বুথা মোহে মুগ্ধ না হইয়া, ভোগ-মরীচিকার পশ্চাতে না ছুটিয়া আদর্শের সাধনায় আত্মনিয়োগ কর, নীতিকে জীবনে প্রতিষ্ঠিত কর; তুমি কৃতার্থ হইবে, সমাজ ও জ্ঞাতি নবজন্ম, নবজীবন লাভ করিয়া মহীয়ান্ গ্রীয়ান্ হইয়া উঠিবে ও শম্।

-----

#### সঙ্কল্প-সাধনা

সংগ্রেই সাধাকের জীবন, দৃঢ়প্রতিজ্ঞাই সন্ধল্লের প্রাণ। জীবন-পথের তরুণ অভিযাত্রিগণ! আজিকার এই শুভমুহুর্তে,—নববর্ষের নূতন প্রভাতে তোমবা তোমাদের জীবনের সন্ধল্ল মন্ত্রকে আবার নূতন করিয়া ধানে কর। স্বর্ণকে যেমন অগ্নিভাপে শোধন পূর্ব্বক মালিশ্য দূর করিয়া উজ্জ্বল ও ব্যবহারোপযোগী করিয়া লইতে হয়, তেমনি মানুষের অভীষ্টদিন্দির সন্ধল্লকেও প্রতিদিন, প্রতিমাস, প্রতি বর্ষের নবীন উষায় ধ্যানদ্বারা অবসাদ ও মালিগ্র দূর করিয়া নূতন করিয়া জাগ্রহ, জীবন্ধ ও কার্যাকরী করিয়া তুলিতে হয়।

স্বার্থ-কালিমাশুরু, ইষ্টনিষ্ঠ, শুদ্ধ সাধকের নিশ্মল হৃদয়ে যে পবিত্র সম্ভল্ন জাগ্রত হয় তাহা কখনও বার্থ বা নির্থক হয় না: তাই সিদ্ধি সেখানে স্থনিশ্চিত। কিন্তু জড়ের মত নিশ্চেষ্ট বা উদাসীন থাকিলে, অথবা কাপুরুষের মত শুধু ভাবিয়া ভাবিয়া কাল कां हो हिला कि नित्व ना। देश त क्या की नन भग करिए इटें रव. मर्व-প্রকার ছঃখনৈতাকে বরণ করিয়া লইয়া উপযুক্ত মূল্য দিতে হইবে। "কখনও কোন মুহুর্তে যদি সক্ষয় হইতে বিচাত হইতে হয়, তবে যেন তাহার পুরেব জীবন-লীলার অবসান হয়"—এমনিতর দৃঢ়প্রতিজ্ঞার বলে সম্ভল্লকে সর্বদা সন্ধাগ ও সচেতন রাখিতে হইবে। কেন না, আবর ব্রত উদ্যাপন, আদর্শ জীবন-সাধনার সকল প্রহণের সংক সঙ্গেই সাধকজীবনে কঠোর অগ্নি-পরীক্ষা স্থক্ত হয়। চতুদ্দিক হইতে বাধাবিদ্ধ, বিপদাপদ আসিয়া সাধককে সম্বন্ধচাত করিবার জন্ম প্রবলবেগে আক্রমণ করিতে খাকে ৷ সময় সময় তাহা এমনি চরমে উঠে যে, সাধকের ব্যক্তিত্ব বৈশিষ্ট্য, এমন কি অস্তিত্ব পর্য্যন্ত দলিয়া পিষিয়া গুঁডাইয়া ফেলিবার উপক্রম করে। নিদাঘ মধ্যান্তের প্রচণ্ড মার্তণ্ড যেমন দিবাবসানে ক্লাস্থ ও নিস্প্রভ হইয়া পশ্চিম গগনে ঢলিয়া পড়ে. তেমনি সম্ভল-সাধনার সাহসী সাধক, জীবন-পথের বার অভিযাত্রীও সময় সময় আঘাত আক্রমণে ক্ষতবিক্ষত হইয়া ক্লান্তিভারে এলাইয়া পডে। তখন দেই নিদারুণ অবসাদের সময়, জীবনের সম্বন্ধযন্ত্র বার বার স্মরণ ও গ্রাহণ করিয়া, হতাশাচ্ছন তুর্বল মন-প্রাণকে সবল হুস্থ করিয়া বিজ্ঞান্ত্রী বীরের মত আৰার অভীষ্ট সিদ্ধির পথে অভিযান করিতে হয়। হতাশার দমিও না. নিরাশায় ভাঙ্গিয়া পড়িও না. আঘাত আক্রমণে

বিচলিত হইও না। সীতার মত কঠোর অগ্নিপরীক্ষায় উত্তীর্ণ ছইয়া,
মহাবীর হ্মুমানের মত তৃস্তর ন্বারিধি অভিক্রেম করিয়াই ভোমাকে
সঙ্কল্লের সাধনায় সাফল্য লাভ কবিতে হইবে। সর্ববদা মনে রাখিও
প্রতিনিয়ত শয়নে, স্বপনে, জ্বাগরণে ধ্যান করিও—প্রহলাদের দৃঢ়তা,
আর তথাগত বৃদ্ধের সেই মহাসঙ্কল্পমন্ত্র—

"ইহাসনে শুষ্যতু মে শরীরং, জগস্থিমাংসং প্রলয়ঞ্চ যাতু। অপ্রাপ্য বোধিং বহুকল্প-তুর্লভাং নৈবাসনাৎ কায়মতশ্চলিষ্যতে।।"

শরীর শুদ্দ হয় হউক, অস্থি-চশ্ম-মাংস ধ্বংস হইয়া যায় যাউক, তথাপি সেই বহুকল্পত্লিভ বোধি (আত্মজ্ঞান) লাভ না করিয়া কিছুতেই আমি এই আসন আগ করিব না

এই প্রকার বজ্জন্ত সক্ষল্পের বলে ভগবানের আসন টলিয়া উঠে, তিনি স্বয়ং আসিয়া সাধকের কঠে সিদ্ধির জ্বয়-মাল্য পরাইয়া সক্ষল্প-সাধনার গৌরব দান করেন।

ইহা শুধু স্তোকবাক্য নয়, সাধক-জীবনে বহুপরীক্ষিত নানাভাবে উপলব্ধ বাস্তব সভ্য।

--- :#:---

## পবিত্রতা

ধর্মপীবন গঠনের জন্ম চাই পবিত্রতা—পরিপূর্ণ পবিত্রতা। সর্ব্বদা সর্বব্যোভাবে দেহমন-প্রাণের পবিত্রতা রক্ষা করিছে হইবে, চিন্তা, বাক্য ও কার্য্যে সম্পূর্ণ নিজ্ঞলুষ হইতে হইবে।

পবিত্রতাই মান্ত্রের প্রকৃত জীবন, পবিত্রতাই মানব চরিত্রের যথার্থ ভূষণ, পবিত্রতাই সত্যিকার শান্তিও আনন্দ; পরিপূর্ণ পবিত্রতার ভিতরেই মান্ত্রের যাবতীয় শক্তিসামর্থ্য, বলবীধ্য, সৌন্দধ্য ও মাধুর্য বিজ্ঞমান। স্থতরাং জীবন পণ করিয়া এই মহান্ পবিত্রতা-সাধন-ত্রত পালন কর। ধৌত বস্ত্রের মত নিক্লক্ষ হও, শাংদ প্রভাতের স্তবিকশিত শেফালির মত নিশ্মল, সুগন্ধি, মনোরম ও স্থমনোহর ইইয়া সমগ্র লিগেশ তোমার পবিত্র ও মধুরভাবে আমোদিত করিয়া ভোল।

সর্বদা জ্বপ কর পবিত্রতা পবিত্রতা, চিন্তা কর পবিত্রতা পবিত্রতা, ধ্যান কর পবিত্রতা পবিত্রতা। এমনি করিয়া নিজের অন্তরে বাহিরে, নিজের চতুর্দিকে এক মহাপবিত্র আব্হাওয়া, একটা বিশুদ্ধ পরিবেশ সৃষ্টি কর; আর সর্ব্রদা তাহার মধ্যে অবস্থান করিয়া পারিপাশ্বিক পজিলভার আক্রেমণ হইতে নিজেকে মুক্ত রাখ।

যখন যেখানে যাইবে, ভোমার সঙ্গে সঙ্গে একটা পবিত্র পরিন্ত কর্ন, একটা পবিত্র আবহাওয়া বহন বরিয়া লইয়া যাইবে। যখন যাহা কিছু করিবে, এই পবিত্র পরিবেশের ভিতরে থাকিয়া করিবে; ভোমরা পবিত্রভার প্রভাবে বাহিরের চভুম্পার্শস্থ পঞ্চিল আবহাওয়া ও মালিফকে (পবিত্রভার) রূপান্থবিত কয়য়। ভোমার নিকট হইতে সর্বাদা চভুদ্দিকে একটা প্রবল পবিত্র ভাবপ্রবাহ প্রবাহিত করিতে চেষ্টা করিবে।

সর্বনা পবিত্র চিম্বা কর, পবিত্র ভাবনা ভাব, পবিত্র কথা বল, পবিত্র বস্তু দর্শন কর, পবিত্র বিষয় শ্রাবণ ও অধ্যয়ন কর, পবিত্র 'সঙ্গ কর, পবিত্র স্থানে বদবাস কর। পবিত্র ক্লিনিষ প্রাহণ ও পবিত্র খাত্র আহার কর। এননি ভাবে অন্তরে বাহিরে সর্ববন: সর্বত্র পবিত্রভার সাধনায় নিমগ্র থাকিয়া যখন ভূমি পবিত্রভাব জ্বন্ত-ক্লীবন্ত প্রতিমূর্ত্তি হইতে পারিবে, সর্ব্র প্রকার মালিক্য ও পঙ্কিলত। যখন বিশ্বতির অভল তলে নিমজ্জিত হইয়া ভোমার নিকট কল্পনারও অভীত হইয়া যাইবে, তখন সেই মহা শুভম্পূর্ত্তে ভোমার সেই পবিত্র ক্লায়ে পবিত্রভাঘনবিপ্রাহ নিক্ষল শ্রীভগ্রান পূর্ণক্র্যাভিত্তে ভাতিয়া উঠিবেন।

### বাকু সংযম

কাজের সময় অপ্রয়োজনীয় কথা বলিও না। এই জগতে যে যত বেশী অনাবশ্যক কথা বলে, সে-ই তত কম কাজ করিতে পারে। কারণ, অন্তরের যে শক্তি কর্ম্মরেপে পরিণত হইয়া জগতের অশেষ কল্যাণ সাধন করিতে পারিত, তাহাই বুণাবাক) বা বাগাড়স্বরের ছিদ্র পথে নিংশেষিত হইয়া মানুষকে অন্তঃসারহীন, অকর্মণা করিয়া ফেলে। উদ্দেশ্যহীন নিরর্থক বাক্যব্যয়ে মানুষের অন্তর ক্রেমশাঃ চঞ্চল ও তুর্বল হয়; তখন সেই অবস্থায় যে কোন গভীর বিষয়ে মনোনিবেশ বা কোন কঠোর কাজে আত্মনিয়োগ করিতে পারে না। তখন তাহার অন-বরতই আ্রথিম্ম তি ঘটিতে থাকে এবং লে সর্ব্বপ্রকারে নিতান্ত সাধারণ লারিজ-বহনেরও অ্যোগ্য হইন্মা পড়ে: শুধু তাই নয়, নিরন্ধর অনাবশ্রক ও অবান্তর কথা বলার ফলে বিশেষ পদমর্য্যাদ। সম্পন্ন ব্যক্তিও এমন হান্ধা হইয়া যার যে সাধারণ লোকও তাহাকে অশ্রান্ধা ও উপহাস করে, নিতান্থ আপনার জনও তাহার কথায় কোনও গুরুত্ব আরোপ করে না।

মানুষ যতই ধীর, স্থির ও সংযতবাক্ হইবে ততই তাহার বিচার নিভুলি, প্রতিভা অমান, কর্মশক্তি প্রথর, আত্মত্বতি জাগ্রত, বৃদ্ধি নির্মাল ও কর্ত্তব্যবোধ সঞ্জাগ হইবে।

সংযতবাক্ ব্যক্তির কথার ভিতর দিয়া এত শক্তি সঞ্চারিত হয় যে, তাহার অন্তথাচরণ করা অপরের পক্ষে হঃসাধা, এমন কি অসাধ্য হইয়া উঠে। সংযতবাক্ ব্যক্তির প্রত্যেকটি কথা অপরের প্রাণে গক্তির তাড়িং-প্রবাহ সৃষ্টি করে, সম্মোহন শক্তির মত সকলকে মুগ্দ করিয়া সেই ভাবে কার্য্য করিতে বাধ্য করে। মনে প্রাণে সংযতবাক্ হইতে পারিলেই বাক্সিদ্ধি লাভ হয়। তখন মানুষ এত শক্তি লাভ করে যে মানুষ তো সাধারণ কথা, সমগ্র বিশ্বপ্রকৃতি পর্যান্ত তাঁহার মানেশ অবনত মন্তকে মানিয়া লইতে বাধ্য হয়।

'মা পৃষ্টঃ কন্সচিং ক্রেয়াং' - জিজ্ঞাসিত না ইইয়া কাহারও সহিত কথা বলিবে না। জিজ্ঞাসিত হইলেও অবাস্তর কথা এড়াইয়া চলিবে। নিতান্থ প্রয়োজনীয় কথাও যেটুকু না বলিলে নয়, ততটুকুই অভি দীর, স্থির ও সংযভভাবে বলিবে। এই জন্ম অপ্রয়োজনীয় লোকের দংস্তর হইতে যভটা সম্ভব দূরে থাকিবে। প্রভাবে উঠিয়া সংকল্প করিবে যে, আজ এভটি কথা বলিব এবং শ্যা প্রহণ না করা পর্যান্থ এই দংখ্যা ঠিক রাথিব। এমনি ভাবে শুধু বাহ্যিক নয়, মনে প্রাণে, এমন কি

বা কর্মনায়ও যথন অবাস্তর কথা বলার প্রার্ত্তি জাগিবে না, অবাস্তর চিন্তা-ভাবনা ও কর্মার তরে পর্যান্তও যথন সম্পূর্ণরূপে ভামার অস্তর হইতে তিরোহিত হইয়া যাইবে, \* তখনই তুমি ঠিক ঠিক সংযতবাক্ হইবে; তখন সেই শুভ সময়ে ভোমার চিন্তা ও বাক্যের আমোঘ শক্তি সমগ্র বিশ্বক্ষাণ্ডে এক মহা আলোড়ন সৃষ্টি করিবে—সমগ্র বিশ্ববাসী ভোমাব মুখের একটি মাত্র কথা শুনিবার জন্ম সর্বদঃ উন্মুখ হইয়া থাকিবে।

-::-

# অ অুশক্তির উদ্বোধনেই প্রকৃত মনুস্তত্ত্ব

অন্তর্নিহিত অনিকশিত শক্তির উপযুক্ত প্রবাশ বিকাশ উন্মেষ উদ্বোধনের ভিতরেই মারুষের প্রকৃত মনুষ্যক, বারের প্রকৃত বীর্ত্ব নির্ভার করে। উপযুক্ত সময়ে আত্মশক্তির উন্মেষ উদ্বোধন, আত্মচেতনার প্রকৃত জ্ঞাগালে না ঘটিলে অতি বড় বীর, মস্ত বড় মনীষীও নিতান্ত সাধারণ নিজ্জীবের মত কাল কাটাইতে বাধ্য হয়; আর ঘুম্ন আত্মশক্তি ও চেতনা জ্ঞাপ্রত হইলে সাধারণ মানুষও মহাবীরত্বের পরিচয় প্রদান করিয়া সমগ্র জ্বগৎকে বিস্মিত ও চমৎকৃত করিয়া ভোলে। সার্ক্তিহস্ত পরিমিত ক্ষুক্র মানুষই সীয় উদ্বোধিত শক্তির

# জীবনের মহান্ আদর্শ, উদ্দেশ্য ও লক্ষ্য সম্বন্ধে চিন্তা-ভাবনায় তথ্ময় এবং সাধনায় একনিষ্ঠ ২ইতে পারিলে ধীরে ধীরে এই অবস্থা লাভ হইতে থাকে।

বলে তুর্লভিষ্য গিরিশুঙ্গ উল্লভ্যন করিয়া, তৃত্তর কানন-কান্তার মরু-প্রান্তর অতিক্রেম করিয়া প্রচণ্ড তরঙ্গ-বিক্রুক্ত অপার বারিধিবক্ষে ভাসমান হইয়া অসাধ্য সাধন করে: জ্বামৃতাঞ্জয়ী হইয়া মহাকালের উপর পর্যান্ত প্রভাষ করার মত সামর্থ্য লাভ করে। সহিষাপ্রমাণ ক্ষ্রভ বীক্ষের ভিতরে যেমন মহামহীক্রহের বিরাট সম্ভাবনা আছে, তেমনি এই জরাব্যাধি-প্রপীডিত মরমান্ধ্রমে ভিতরেও অসাধ্য সাধনের অনস্ত শক্তি ও চির অমরত্ব লাভের বিপুল সম্ভাবনা রহিয়াছে: কুসুম-কোরক যেমন দৈনন্দিন সাধনায় ধীরে ধীরে ক্রমশঃ নিঃশব্দে আপনার অন্তর্নিহিত সৌন্দর্য্য হ্রষমাকে বিকশিত করিয়া উপযুক্ত সময়ে সমস্ত দিপেশ আমে।দিত করিয়া ভোলে, মান্তবত তেমনি দৈনন্দিন জীবন-সাধনা, চেষ্টা-যত্ম-উভ্তম-অধ্যবসায় দ্বারা স্বীয় অবিকশিত শক্তির বিকাশ সাধন করিয়া সমগ্র জ্বপৎকে মহন্তাবে উদ্বোশ্তি করিতে পারে: কিন্ত মানুষ সেই বিরাট সম্ভাবনার কথা ভূলিয়া, অ আবোধ ও আআচেতন। হারাইয়া নিজ্জীবের মত নিতাম্ব সাধারণ ভাবে, গীনভাবে জীবন ও জনম নষ্ট করিয়া ফেলিতেছে !

"এই যুগ মহাজাগরণের যুগ, মহামুক্তির যুগ।" এখন আর
মানুষকে নিতান্ত অসহায় নিজ্জাবৈর মত ঘাত-স্থাত ও অবস্থাবিপর্যায়ের মধ্যে পড়িয়া হাব্ডুব্ খাইলে চলিবে না। তার ঘুমস্ত
সত্তাকে জাগ্রত করতঃ জাবনের বিরাট সন্তাবনাকে সার্থক করিয়।
তুলিতে ১ইবে। আজ চাই মানুষের স্থপ্ত আত্মচেতনার
পুনরুবোধন - মহাজাগরণ।

## আত্মনিবেদন

দিন যায়। জ্বীবন তো নিরস্থব মরণ-সিন্ধুপানে ব'য়ে যায়। কিন্তু প্রভো! আজন্ত ভোমার জীবনে বরণ করে নিলাম কই ? আস্তরিক প্রেম-প্রীতি-অমুরাগ, ভক্তি-শ্রানা-ব্যাকুলভা নিয়ে ভোমার শ্রীচনণে আত্মসমর্পণ করলাম কোপায় ?

জীবননাথ! তুঃখ-দৈশ্য-ত্বিকিপত্তি যখন শ্রাবণের ধারার মত অবিরাম মাধার উপর ঝরেছে, অস্তখ-অশান্তি, হতাশা-নিরাশা যেদিন তুর্ভেগ্য প্রাচীরেন মত জীবন-পথ রুদ্ধ ক'রে দাঁড়িয়েছে, পঙ্কিল কামনা বাসনা ও প্রলোভনের প্রবল প্রবাহ যখন আমায় ভাসিছে নেওয়ায় উপক্রেম করেছে, তখন তুমিই তো করুণাপরবশ হয়ে স্পেণকুল জননীর মত সাদরে কোলে তুলে নিয়েছ।

হে করুণানিধান! ভোমার নির্দেশ অবহেল। ক'বে, অহ কার অভিমানে মত হ'য়ে যখন বিপথে ছুটে গিয়েছি, ভখন তুমিই ভো বাস্ত হ'থে এস্ত পদে এগিয়ে গিয়ে আমায় ফিয়িয়ে নিয়ে এসেছ। আনিলভা, পঙ্কিলভা যখন আমায় চারিদিক থেকে ঘিরে ধবেছে, স্থাকুত পাপভাপ, পৃঞ্জীভূত জঞ্জালজাল যখন জীবনকে তুর্বহ ক'বে তুলেছে, ভখন হে আমার প্রিয়ভম। তুমিই ভো ভোমার স্থাকামল ক্ষেহশীতল কর সঞ্চালনে সমস্ত জ্বালামাল। জুডিয়ে আমায় শান্তি ও সান্ধনা দিয়েছ।

কত আর বলবো, হে আমার দয়িত। কত শত বার বুধ। মোহে মুশ্ধ হ'য়ে. তোমাকে হৃদয়াসন থেকে নির্বাসন কোরে অন্সের জয় সাথ্রহে আসন পেতে দিয়েছি, কত সহস্রবার প্রেম-প্রীতি-মহ-করণা বিশ্বত হ'য়ে মায়া-মরীচিকার পিছনে ছুটে গিয়ে বিশ্বাসঘাতকতা করেছি। কিন্তু তব্তু তো তুমি আমায় কখনও ভুলোনি, বিশ্বাসঘাতক বলে অবিশ্বাস ক'রে ঘূণাভরে (আমায়) দূরে তাড়িয়ে দাও নি। হে আমার প্রিয়তম! চিরকালই তুমি আমায় সমস্ত প্রবঞ্চনা প্রতারণা, সমস্ত অনাদর অশ্রন্ধা উপেক্ষা ক'রে সাদরে কোলে টেনে নিয়েছ, চিরকালই তুমি আমার সমস্ত অপরাধ ক্ষমা ক'রে, সমস্ত দোষক্রটে ভুলে গিয়ে "এই চির অপরাধী পাতকীর বোঝা" হাসিমুখে ব'য়ে চলেছ!

কিন্তু হায় ! তবুও আমি তোমায় ব্যলাম কই ? ব্যেও সমস্ত প্রাণমন দিয়ে দংদ করলাম, ভালবাসলাম কই ? তুমি যে আমার, আমি যে তোমার, সকলের চেয়ে বেশা আপনার"—একখা সমস্ত ক্রদর দিয়ে নিবিড্ভাবে অনুভব করতে পারলাম কোখায় ? ব্যে না ব্যে অনভীন্দিত পথে চলে প্রতিনিয়ত তোমার ঐ স্বেহকোমল হাদয়ে কত না আঘাত করেছি, ইচ্ছায় অনিচ্ছায়, স্বেচ্ছায় পরেচ্ছায় কত শত বারই না তোমার ঐ দর্শভ্রা ব্কে মন্মান্তিক শেল হেনেছি। কিন্তু তব্ও তমি অকৃত্ত আমায় স্বেহালিকন দানে কৃষ্ঠিত হওনি।

তাই, হে আমার অন্তরতম! আব্দ 'এই অবেলায়' ভোমায় সেই ভুবনভুলান, প্রাণগলান, মনমাতান অপরপ রূপমাধুরী স্মরণ ক'রে ভোমার আহৈতুক স্নেহ-করুণা, আদর-যত্ন-ভালবাদার দাবী নিয়ে ভোমায় শ্রীচরণে উপস্থিত। আমার গর্বিত মস্তক ভোমার চরণধূলার ভলে লুঠিত হয়েছে, সমস্ত অহস্কার অভিমান চোখের জলে ধুয়ে মু'ছে গেছে, আমি আব্দ "সকল ত্য়ায় হইতে ফিরিয়া ভোমারই ত্য়ারে এসেছি," অঞ্চসিক্ত মৌন বেদনার অর্ঘ্য নিয়ে তোমারই করুণার প্রভীক্ষায় দাড়িয়ে রয়েছি।

লও, লও, হে জীবননাথ। হে হাদয়-সামীন্। আজ আমায় পূর্ণরূপে তোমার করে লও। তোমার ও আমার মাঝে যে আড়াল, যে ভেদ ও ব্যবধান রয়েছে ত।' চিরতরে দূর করে দাও। 'আমি' ও 'আমার' বলতে যত কিছু সব নিঃশেষে 'তুমি' ও 'তোমার' মাঝে ডুবে যাক, আর সঙ্গে সমস্ত প্রাণমন এক স্থারে গেয়ে উঠক—

"All Thine is mine and all mine is Thine."

"ত্মেৰ মাতা চ পিতা ত্মেৰ ত্মেৰ ব্ৰুশ্চ স্থা ত্মেৰ। ত্তমেব বিছা জবিণং ত্তমেব ত্তমেব সর্ববং মম দেব দেব।।"

# জাগরণী

উদ্বুদ্ধ হও, জাগ্রত হও, জীবনের মহত্তম দায়িছ, শ্রেষ্ঠতম কর্ত্তবা সাধনের জন্ম দৃঢ়দঙ্কল্পবদ্ধ হও। সর্ব্বপ্রকার ক্লৈব্য-দৌর্বল্যকে বিসর্জন দিয়া, আবিলতা পদ্ধিলতাকে ঝাড়িয়া ফেলিয়া, মোহ ও আত্মবিশ্বতিকে দূরে পরিহার করিয়া বীরের মত উঠিয়া দাড়াও। জীবনের পথ বড় বন্ধুর, বড় বিপদসন্ত্ল, ঘাত-সংঘাত, অবস্থাবিপর্যায় সেখানে নিত্য-সাখী, তুঃখ-দৈন্ম, অস্থ-অশান্তি, বিষাদ-অবসাদ, হতাশা-নিরাশা সেধানে মাছুবের নিত্যসহচর। বাধাবিদ্ধ পথ রুদ্ধ করিয়া দাঁড়ার, সংশয় সন্দেহ অবিশ্বাস আদর্শের প্রতি অনাস্থা জাগাইয়া সাধন-জীবনের মূল ভিত্তি চুরমার করিয়া দেয়, পদ্ধিল কামনা বাসনা ও বিষয়-ভোগাকান্দ্র। আসিয়া শক্তি-সামর্থ্য-বলবীয়্য অপহরণ করিয়া মামুষকে নিজ্জীব পঙ্গু করিয়া ফেলে, বিভ্রম-বিভাপ্তি ও বিশ্বতি আসিবা তাহাকে আদর্শভিষ্ঠ, লক্ষাচ্যুত করিয়া বিপথে ভুলাইয়া নিয়া যায়। জাবনের দ্বন্দ্র-সংঘর্ষময় এই দারুণ হুর্যোগে, আত্মবিশ্বতি ও আদর্শবিভাটের এই বিষম সংকটে, হে মুমুক্তু সাধক! তুমি স্বীয় প্রজ্ঞাবলে আত্মবাধ ও আত্মপক্তিকে জাগ্রত করিয়া নৃতন উৎসাহে বৃক বাধিয়া বীর বিক্রমে জীবনের লক্ষ্যপানে অগ্রসর হও। নৈরাশ্বা ও নিশ্চেষ্টভাকে দূরে সরাইয়া দিয়া তুমি প্রকৃত পৌরুষ অবলম্বন কর।

প্রকৃত সাধক যে, সে-ই প্রকৃত বীর। তাহার আবার তৃঃখ-দৈশ্য অন্থখ-অশান্তি-বিষাদ-অবসাদ লইয়া নিশ্চেষ্ট ভাবে বসিয়া থাকিবার অবসর কোথায়? যুধ্যমান বীর সৈনিক যেমন সংগ্রামক্ষেত্রে বিরুদ্ধ-পক্ষীয় অনলবর্ঘী কামানের মরণমুখে দণ্ডায়মান হইয়া রণোল্লাসে মাভিয়াউঠে, জীবন-পথের বীর অভিযাত্রী খাঁটী সাধকও ভেমনি জীবনের মহান্ সংগ্রামক্ষেত্রে তৃংখ-তৃবিবপত্তির প্রলয় ঝঞ্চার ভিতরে মৃত্যুর সম্মুখে দাঁড়াইয়া বীর বিক্রমে গর্জিয়া উঠে। আখাতের পর আঘাত আসে, বিপদের পর বিপদ দেখা দেয়, বিরুদ্ধনাদীর কোষমুক্ত শাণিত ভরবারি শিরোপরি উত্তত্ত হয়, কিন্তু সাধক তব্ও নিশ্চল, নির্ভীক; কোন দিকে কোন জক্ষেপ নাই। তাঁর উন্নত্ত শির ক্রেমশাং উন্নত্তর হয়, ভাবগন্তীর প্রশান্ত মুখ্যপ্ত প উৎসাহের দীপ্ত আলোকে সমুজ্জল হইয়া উঠে, সে

মহানন্দে বিপদের স্থেশযা। রচনা করিয়া আরামে, পরম নিশ্চিন্ত মনে ভাহাতে বিশ্রাম করে, মৃত্যুর সঙ্গে পাঞ্জা ধরিয়া অমৃতের তুর্গম পথে আগাইয়া চলে। ইহাই ডাহার চলার ভঙ্গী।

আত্মন্! প্রদিনের ঘন ঘোর বিভীষিবায় সম্ভ্রন্থ হইও না, সংগ্রামের ভয়ে দূরে সরিয়া পড়িও না, চরম শ্রেয়ের পথে অভিযান করিয়া শান্তি লাভ কর, আর উৎবর্ণ হইয়া শোন শ্রুভির সেই ব্রুগন্তীর বাণী—
চিরন্থাগরণী—

''উরিষ্ঠত, জাগ্রত, প্রাপ্য বরান্নিখেছ।''

--::--

#### . দায়িত্ব

কর্ত্তব্য-সাধনে পশ্চাৎপদ হইও না, কোন বিষয়ে দায়িত্ব প্রহণ করিয়া কখনও নিশ্চেষ্ট থাকিও না। কর্মাক্ষত্রে যত সময় তুমি (যে বিষয়ের) দায়িত্ব প্রহণ করিয়া আছ, তত সময় প্রাণমন ঢালিয়া বীরের মতই তাহা উদ্যাপন করিতে থাক। কেন না, নিতান্ত আপনার জনও কর্মক্ষেত্রের দোষক্রটি ক্ষমা বা উপেক্ষা করে না।

কৈফিয়ং দারা কখনও আপনার অক্ষমতার সাফাই গাহিতে যাইও না, খীয় অন্থ-অন্থবিধার কথা জানাইয়া অকৃতকার্য্যভার কারণ দর্শাইও না। কারণ, কর্মাক্ষেত্রে সকলেই চায় কাজ, কেহই কৈফিয়ং চায় না। কর্মাক্ষেত্রে দোষক্রটি পাইলে, অক্ষমতা, হর্মকাতা বা বিচারের ভূল দেখিলে কেহ কাহাকে ছাড়িয়া দেয় না, সহামুভূতি দেখায় না। নিডাপ্ত স্নেহাম্পদ যে, সে-ও ভোমার দায়িত উদ্যাপন করিতে না পালার উপযুক্ত কোন কারণ ছিল কিনা ভাহা বিচার করিয়া দেখিবে না, বরং অক্ষমতার কৈফিয়ৎ শুনিয়া একটু করুণা বা বিদ্যাপের হাসি হাসিবে। স্তরাং সহামভূতি লাভ বা দোষ-ক্ষালনের আশায় অপরকে ভোমার দায়িত্ব উদ্যাপন করিতে না পারার কারণ জানাইয়া রুণা উপহাসাম্পদ হইও না। ভাহাতে ভোমার কোন লাভ বা কর্তব্যসাধনের কোন সাহায্য তো ইইবেই না; বরং অস্তবিধা হইবে যুপেষ্ট।

ত্নিয়া বঁরের পূজা করে, শক্তিমানের কথা শুনে, সবল সঠে ব্যক্তিকে সাহায্য করে, সহামূভূতি দেখায়। এই জগতে অক্ষম, তুর্বল, নিশ্চেষ্ট ব্যক্তির কোন স্থান নাই; কেহ তাহাকে সাহায্য করে না: নিভান্ত আপনার জনও ভাহার দিকে ফিরিয়া তাকায় না। তাই পড়িতে পড়িতে উঠিয়া দাঁডাও, মরিতে মরিতে কর্ত্বনা কাজ করিয়া যাও, জীবনের শেষ নিংশাসটি, শরীরের শেষ হক্তবিন্দুটি পর্যান্ত গৃহীত দায়িত্ব উদ্যাপনের জন্য ব্যয় করিতে প্রস্তুত হও। দেখিবে, তোমার নিরলস চেষ্টা-যত্ন, তোমার অপ্রতিহত উৎসাহ-উত্তম-অধ্যবসায়, তোমার আভ্রিক ও ঐকান্তিক আগ্রহ ও কর্ত্ব্যানিষ্ঠাই তোমাকে সহক্র বিফলতার মধ্যে সাফল্যের বিজয় মুকুট পরাইয়া দিবে।

জ্বগৎ সব সময় শুধু কাজের পরিমাণ বা ফলাফল দেখিয়াই মানুষকে বিচার করে না, বিচার করে তাহার কার্য্যসাধনার আফুরিকতা, তার আগ্রহ-আকাঝা, চেষ্টা-যত্ন ও একান্তিকতার পরিমাণ দেখিয়া। ভোমার অটুট কর্ত্তব্যনিষ্ঠা, তীত্র দায়িত্বনোধ, প্রাণপাতী পরিশ্রম-প্রচেষ্টা, অবিচল ধৈর্যা ও তিতিক্ষাই অপর সকলের ভিতর রূপ পরিগ্রহ করিয়াঃ এমন এক উৎসাহপূর্ণ পরিবেশ ও বিপুল কর্মপ্রবাহ সৃষ্টি করিবে, যাহাতে পর্বেত-প্রমাণ বাধাবিদ্ধ অপসারিত হইয়া গুরুতর দায়িত ও কর্ম্বর্ত অনায়াসেই সম্পন্ন হইয়া ঘাইবে। মনে রাধিও—-গৃহীত দায়িত উদ্যাপনের জন্ম চরম বিপদকে বরণ করিয়া যখন তুমি সর্ব্বশ্রেষ্ঠ মূল্য দিতে প্রস্তুত হইবে, তখনই ভগবানের আসন টলিবে, তখনই তাহা অপরকে উদ্ধান ও অনুপ্রাণিত করিবে। আর সঙ্গে জানিয়া রাধিও—তীত্র দায়িতজ্ঞানের ভিতর দিয়াই মানুস্বব অনুনিহিত স্তপ্ত শক্তি জাগ্রহ হয়, কর্তব্য-সাধনার জন্ম চরম বিপদকে বরণ করার ভিতর দিয়াই মানুষ মহায়ান্ গরীয়ান্ হইয়া উঠে; মরণের ভিতর দিয়াই সভা্কার জীবন আসে, মৃত্যুর ছারেই অমৃতত্তের স্কান পাওয়া যায়, দিয়াই মানুষ চির অমরত্ব লাভ করিয়া গল্ম ও ক্রার্থ হা তার্ম দিয়াই মানুষ চির

-- ::---

## আ্বাত-আক্রমণ (নিজের প্রতি)

ভীবনের পথে অনেক আঘাত-আক্রমণ সহা করিয়া মানুষকে বড় হুইতে হয়। এই জন্ম নাকে কাঁদিয়া অপবের উপর দোষারোপ করিলে বা অক্সিব হুইয়া হাল ছাড়িয়া দিলে চলিবে না। বীরের মন্ত আক্রমণ-কারীর সমস্ত জভঙ্গী উপেক্ষা করিয়া কঠোর দৃঢ়তা সহকারে হুর্দমনীয় তেজে স্বীয় আদর্শের পথে অগ্রসর হুইতে হুইবে। সমস্ত বাধা-বিপত্তি অভিক্রম করিয়া একবার লক্ষ্যস্থলে পৌছিতে পারিলে দেখিবে, যাহারা প্রথমে তীব্র বিজ্ঞাপ ও কঠোর সমালোচনার তীক্ষ্ণ দংট্রাঘাতে ভোমাকে ক্ষতবিক্ষত করিতেছিল, তাহারাই ভোমার প্রশংসায় মুখর হুইয়া সাহায্যের জ্বস্থ আগাইয়া আনিতেছে; ইহাই জগতের চিরস্তনী রীতি। অসহায়ের আকুল ক্রন্দন, ত্র্বলের মর্মান্তদ হাহাকার এ জ্বগতে কাহারও কর্ণে প্রবেশ করে না। যতদিন তুমি ছোট থাকিবে, ত্র্বল থাকিবে, তত্তিদন পর্যান্ত চতুদ্দিক হইতে বিরুদ্ধ শক্তি আসিয়া নিজ্কণভাবে ভোমাকে দলিয়া পিষিয়া মারিয়া ফেলিতে উপত হইবে। কিন্তু যখনই তুমি বড় হইবে, সবল শক্তিমান হইয়া জীবন-সংগ্রামে যথোচিত বীরত্বের পরিচয় দান করিবে তখনই সকলে ভোমাকে বিজ্ঞামাল্য পরাইয়া সাদরে বরণ করিয়া লইবে।

জগৎ শক্তির পৃদ্ধানী, শক্তিমানের শ্রেষ্ঠ আসন সকলের শিরোপরি প্রতিষ্ঠিত। অতি বড় বিরুদ্ধবাদীও শক্তিমানকে শ্রাদ্ধার অর্ঘ্য নিবেদন করিয়া নিজেকে ধন্য মনে করে। বিল্প অসহায়, অক্ষম ও ত্র্বলকে নিতান্ত সহাত্মভূতিশীল সমবেদনাপরাহণ ব্যক্তিও অনেক সময় সাহায্য করিতে অগ্রাসর হয় না, তাহা সম্পূর্ণ নিজ্ল ও ব্যর্থ ইইবে ভাবিয়া।

সর্ব্ব প্রকারের ত্ববলতা ও ভীক্তাকে ঝাটাইয়া দূর করিয়া দাও, আদর্শের সাধনায় প্রকৃত শক্তি ও সাহসের পরিচয় প্রদান কর, দেখিবে, কেহ ভোমাকে অগ্রাহ্য বা অস্বীকার করিতে পারিবে না। সকলের সমস্ত আঘাত, আক্রমণ, লাঞ্ছনা, অপমানের যোগ্য প্রভ্যুত্তর দেওয়া হইবে তখনই যখন তুমি নিজেকে উপযুক্ত করিয়া গড়িয়া তুলিয়া কর্মানেরে যথার্থ শক্তি, সাহস ও বীরত্বের পরিচয় দিতে পারিবে। নিজে যতাই নিভীক ও শক্তিমান্ হইতে পারিবে, সমস্ত আঘাত আক্রমণের

প্রতিরোধ ও প্রতিকার তখনই সম্ভব হইবে। অন্যণা শুধু জীবনের তিক্ততাই বৃদ্ধি পাইবে, কিন্তু সত্যিকার প্রতিকার কিছু হইবে না।

আত্মন! এ জগতে শক্তিথীনভার কথা জানাইয়া কাহারও সাহায্য চাহিও না, স্বীয় অক্ষমভার কথা নিবেদন করিয়া কাহারও দয়া ভিক্ষা করিও না। কারণ নিজের অসহায় ও তুর্বল অবস্থা জানাইয়া যতই অনোর করণা উদ্রেক করিতে চাহিবে, ততই করণার পরিবর্তে কেবল ঘুণা ও লাঞ্ছনার মাত্রাই বৃদ্ধি পাইবে। স্তৃত্বণং জ্বীবন-পথে কাহারও কৃপাপ্রার্থী না হইয়া, একমাত্র ভগবানকে সহায় করিয়া জয়য়য়ত্র। স্ক্রকর, আর তাঁহার দানকেই মাধা পাতিয়া বরণ করিয়া লইয়া সানক্ষেবল—

"ব্যাঘাত আসুক নব নব, আঘাত খেয়ে অচল রবো; তুঃখে আমার বক্ষে তব বাজাবে জায়ভাছা, দেবো সকল শক্তি, লব অভয় তব শাছা।"

ভাহা হইলে স্বীর যোগা স্থান, যোগা ম্য্যাদা অধিকার করিয়া লইভে পারিবে।

# गरिस्

হুৰ্জ্জয় সাংস ও অবিচলিত অস্থাবিশ্বাসই জগতে অসাধ্য সাধন করিয়া থাকে। আকাশ যদি মাথায় ভাঙ্গিয়া পড়ে, হুমেরু যদি পথ রুদ্ধ করিয়া দাড়ায়, মৃত্যুও যদি সম্মুখে আগাইয়া আদে, মাভৈ: ! জীবনের মহান্ সংগ্রাম-ক্ষেত্রে দণ্ডায়মান বীর সৈনিক তুমি, পিছনে হটিবার আদেশ নাই, গন্তব্য স্থান—ভোমার সম্মুখে। অগ্রসর হও, সম্মুখে অগ্রসর হও, মৃত্যু যদি পথে নামিয়া আসে তবে ভাহার সহিত পঞ্জাধ্বিয়া পথ চল, মহামৃত্যুর পরপারে যে সীমাগীন অমর জাবন, ভাহাকেই বরণ করিয়া লও।

অনন্ত শক্তিমান আত্মার মহাশক্তিতে শক্তিমান তুমি, বঠোর তপংশক্তি-সম্পন্ন অবি-মহর্ষিগণের মহানাদশে তোমার জীবন গঠিত অনুপ্রাণিত, তাঁহাদের হুশ্চর সাধনার অমোঘ শক্তি তোমার ধমনীতে ধমনীতে প্রবাহিত (বিধ তা যে অবার্থ বজের অজপ্র শক্তি তোমার ভিতরে ভরিয়া দিয়াছেন)। তোমার আবার ভয়, পরাভয়! তোমার আবার ক্রৈব্য, দৌককায়! অমন্তব, অসন্তব। জয় নিশ্চয় ভয়। হুর্জের সাগসে ভর করিয়া, গভীর আত্মবিশ্বাসে বৃক বাঁধিয়া জীবন-পণে সম্মুখের দিকে অগ্রসর হও। দেখিবে—কালবৈশাখীর ক্রন্ত নিঃখাসে অপস্ত তুণরাজির মত তোমার উদ্দাম গতিপ্রবাহে সমস্ত বাধ বিশ্ব কোধায় উড়িয়া গিয়াছে, অন্তরের সমস্ত ভয়া-ভাবনা, সংশয়-সঙ্কোচ, সন্দেহ কোন্ অজ্ঞাত মুহুর্ত কোধায় মিলাইয়া গিয়াছে, পথ সম্পূর্ণ নিজ্বক, নিরুপদ্রেব,—বিজয়লক্ষী সিদ্ধির বরমাল্য হস্তে তোমার প্রতীক্ষায় পথ চাহিয়া ব্যাকুলভাবে দণ্ডায়মানা।

----

### আত্মসন্বিৎ

আত্মন্! স্রোতে প্রবহমান তৃণগুচ্ছের মত জগতের গড়ডালিকা-প্রবাহে ভাসিয়া চলিও না, ঘটনা-বৈচিত্রের ঘূর্ণাবর্তে পড়িয়া কখনও আত্মসন্থিৎ হারাইও না। দৈনন্দিন কর্মবাস্ত কলকোলাহলময় ভাবনের অন্তরালে নারব নিভতে প্রতিদিন অন্ততঃ একবার করিয়া ভোমার মতোচ্চ আদর্শের ধ্যান করিও, চরম লক্ষ্যের বিষয় চিন্তা করিও। গ্রাভিদিন অন্ততঃ একবার গভীর অভিনিখেশ সহকারে ভাবিয়া দেখিও কিভাবে তুমি তোমার জীবন পরিচালন করিতেছ: যে ভাবে জীবন পরিচালিত হইতেছে, ভাগা (ভোমার) লক্ষ্যে পৌ ছিবার পক্ষে যথেষ্ট কিনা; যে ভাবে তুমি ভোমার সাধন-ভজন-ব্রত-তপ্রসারণ উদযাপন ক্রিটেছ, ভাষা আদর্শ লাভের পক্ষে প্র্যাপ্ত কিনাণ পথিক যেমন প্রতি পদক্ষেপে ধীরে ধীরে ভাগার গন্তব্য স্থানের দিকে আগাইং। চলে, তুমি কি তোমার দৈন্দিন ধাান-ধারণা কাজকর্ম, অনুষ্ঠান-আচরণের ভিতর দিয়। তেমনি ভাবে লক্ষাের দিকে আগাইয়া চলিতেছ 💡 ভোমার অন্তর কি ক্রমশঃ শান্ত শুদ্ধ হইয়া উঠিতেছে ৷ মনঃপ্রাণ কি নিভা নুতন ভাবে, নিত্য নুতন অমুভূতির রাজ্যে বিচরণ করিতেছে ! তুমি কি জীবনের পথে নিতা নূতন আলোকের সন্ধান পাইতেছ ? যদি তাহা না পাইয়া থাক, তবে গভার নিশীথে সমগ্র জগৎ যথন স্থতির ঘোরে নিমজ্জিত থাকে, তখন তুমি একবার ধীর পদক্ষেপে অস্তরের অন্ত:স্থলে প্রবেশ করিয়া শান্তভাবে আত্মানুসন্ধানে রত হও, তর ওর করিয়। খুঁজিয়া বাহির কর স্বভাবের সমস্ত দোষ ক্রটি-গ্রন, আর প্রবল পৌরুষ সহায়ে সে-সমস্তকে সমূলে উৎপাটিত, দূরীভূত করিয়া বীর— বিক্রমে জীবনের পথে বিজয়াভিযান কর।

আত্মন্। গভামুগতিকভার মোহ-গর্বে তুরিয়া মৃহ্যুকে বরণ করিও না। বিভ্রম বিভ্রান্থির কুহকে তুলিয়া লক্ষ্য ও আদর্শ হারাইও না। জাগতিক ঘটনা-প্রবাহে গা ভাসাইয়া নিশ্চেষ্টভাবে কাল কাটাইলে কিরপে তুমি ভোমার শ্রেষ্ঠ কর্ত্তব্য সম্বন্ধে অবহিত হইবে ? বৈষয়িক উন্মাদনা ও সাধারণ কর্ম-প্রাবলো উন্মন্ত হইয়া আত্মবিশ্বত হইলে কিভাবে জীবনের শ্রেয়কে লাভ করিবে ? জীবনপথ তো সম্বল, সহজ, মস্প নয়; তাহা যে ক্র্রধারের ন্যায় শাণিত, তুর্গম; একটু অসাবেধান হইলেই পদভ্যলন অবশ্বস্তাহী। মৃহ্যু সেখানে অবধারিত।

আত্মন্! তুমি তোমার জীংনের মহান্ দায়িত সম্বন্ধে সচেতন হল, আত্মবোধ ও আত্মন্তিকে জাগাইয়া তোল, পরম শ্রেয়ের প্রতি দৃষ্টি নিবন্ধ করিয়া জীবনের গতিবেগকে বর্দ্ধিত কর, 'চিমা তেতালা' ভাব একেবারে বিসর্জন দাও, জ্বংস্ত উন্ধার মত প্রচণ্ড তেজে লক্ষ্যপথে অগ্রসর হল, আর সর্বাদা স্বাক্ষিরে হাদ্যপটে প্রীশীসভ্যনেতার মহাবাণী অস্কিত করিয়া রাখ—"আত্মবিশ্বতিই মহামৃত্যু; আত্মবোধ আত্মন্তিই প্রকৃত জীবন।"

# ক্ষণিকের প্রতারণা

ক্ষণিকের ভুল— মানুষের জীবনে এক মহাবিপধ্যর ঘটার; ক্ষণিকের হুর্বলতা - মানুষের অমল-ধবল চরিত্রে হুরপনের কলুষ-কালিমা লেপিয়া দিয়া চির কলঙ্কিত করে; ক্ষণিকের আত্মবিস্মৃতি—মানুষকে আত্মমধ্যাদা ভুলাইয়া গৌরবের ভুক্ত শৃক্ত হইতে অধঃপতনের স্থানিয় সোপানে ঠেলিয়া দেয়; ক্ষণিকের মোহ—মানুষের মনে গভার ভ্রান্তি উৎপাদন করিয়া আত্মন্থতি ৬ আত্মকর্ত্তব্য ভুবাইয়া বিপথে টানিয়া নিয়া যায়; প্রলোভনের নিকট ক্ষণিকের আত্মসমর্পণ—আদর্শনিষ্ঠা ও দৃঢ়তা ভাঙ্কিয়া মানবচ্রিত্রে পাপ প্রবেশের পথ প্রশস্ত করিয়া দেয়।

অভএব সাবধান। ক্ষণিককে কখনও বিশ্বাস করিও না, ক্ষণিকের প্রভারণায় ভূলিয়া কখনও নিজের বিপদকে ভাকিয়া আনিও না। মনে রাখিও 'ক্ষণিক' ক্ষণিকের জ্বন্থ হইলেও মানব-চরিত্রের উপর ইহার প্রভাব ক্ষণিক নয়—চিরস্থায়ী, অমোঘ। ক্ষণিকের ভূল ব্বিয়া ক্ষণিকের শক্তিও প্রভাব উপলব্ধি করিতে না পারিয়া একবার যদি ভাহার নিকট আত্মসমর্পণ কর. তবে সেই আত্মসমর্পণের ছিজপথে ভোমার ভিতরে যে আত্মঘাতী দৌর্বলা প্রবেশ করিবে, ভাহাকে নিরসন করা ভোমার পক্ষে বিষম কষ্টকর, এমন কি এক প্রকার অসম্ভব হুইয়া পড়িবে; কারণ ক্ষণিকের কুহকী মায়াও প্রলোভনের শক্তি বড় সাংঘণ্ডিক। জ্বীবন-পথে পাপ প্রলোভন যখন মানুষকে অভি মাত্রায় প্রলুক্ধ করিয়া ভোলে তখন এই ক্ষণিকের সান্থনাও আশ্বাসেই মানুষ বিবেকের সহিত রক্ষা করিয়া আত্মসমর্পণ করিতে অগ্রাসর হয়। মানুষ

তখন ভাহার বিবেক, ভাহার বিচারবৃদ্ধিকে এইভাবে বৃঝাইতে চেষ্টা করে যে—আচ্ছা, এইবার ক্ষণিকের জন্ম এই প্রর্কালতাকে আশ্রেয় দেই, বরং ভবিষ্যতে আর কখনো না দিলেই চলিবে; আচ্ছা, এই বারের জন্ম এই অক্সায়টি করি, আর কখনো না হয় ইহা না করিব; আচ্ছা, এই মুহুর্ত্তের জন্ম প্রবেলাভনের এই আবদারটুকু বরং বন্ধুন্তের উপরোধে শ্বীকার করিয়া লাই, ভাহাতে আর কি হইবে, আর কোন সময় ইহা না করিলেই হইবে। এমনি ভাবে বার শ্বার প্রতিবারই সে ক্ষণিকের দোহাই দিয়া প্র্রেলভার নিকট আত্মসমর্পণ করিয়া ক্রমশং চরিত্রের দূঢ়ভা ও আদশ্রিষ্ঠা হারাইয়া হীন ও প্র্রেল হইয়া পড়ে। অবশেষে মান্ত্র্য এমন এক সংকটময় অবস্থায় উপনীত হয়, যখন পাপের প্রতি ঘূণা ও অক্সায়বোধ চলিয়া যায়, সকল্প ও সংগ্রাম-শক্তি লোপ পায়, সংযমের বাধ নষ্ট হইয়া জীবনের মেরুদণ্ড একেবারে ভাঙ্গিয়া পড়ে। তখন ক্ষণিক আর 'ক্ষণিক' নয়, 'ক্ষণিক'ই চিরন্তনে পরিণত হইয়া মানুষকে মহাযুত্যুর মুখে নিক্ষেপ করে।

সংগ্রামই জীবনের পরিচায়ক, সংগ্রামের ভিতর দিয়াই মানুষ প্রকৃত্ত শক্তি আহরণ করে, সংগ্রামের বলেই মানুষ জগতের বুকে খীয় অন্তিত্ব রক্ষা করিয়া সদস্মানে বাঁচিয়া থাকে। স্কুতরাং ক্ষণিকের প্রভারণায় আত্মবিশ্ব ভ হইয়া কখনও জীবন-সংগ্রাম পরিত্যাগ করিও না। অস্থায় যাহা, পাপ যাহা, ক্ষণিকের জন্ম হইলেও তাহা অস্থায় ও পাপ। তাহায় সহিত কখনও আপোষরফা চলে না। বিন্দু বিন্দু বারিসমষ্টি যেমন মহাপারাবার সৃষ্টি করে, তেমনি ক্ষণিকের সমষ্টিই দিন-মাস-বংসর তৈয়ায়ী করে। তাই জীবন-পথের বীর অভিযাত্রী যে, সে চিরকালই অস্থায় ও তুর্বলভার সহিত কঠোর সংগ্রাম করিয়া জীবনের কন্টকাকীর্ণ তুর্গম পথে

অপ্রসর হয়। প্রাথমিক প্রচেষ্টা হয়তো বার্থ হইতে পারে, কিন্তু প্রতিবারের প্রতিরোধশক্তি পরবর্ত্তী বারের সংগ্রাম-প্রচেষ্টার সহিত যুক্ত হইয়া মামুষকে ক্রমশংই অধিকতর শক্তিসম্পন্ন করিয়া তোলে। অবশেষে মামুষ এমন এক হুর্জয় শক্তি লাভ করে যাহার বলে জ্বগতের সমস্ত বিরুদ্ধভাব ও শক্তিকে চুর্ণ-বিচূর্ণ করিয়া সে স্ব-ভাবে স্ব-মহিমায়, স্ব-স্বরূপে প্রতিষ্ঠা লাভ করিতে সক্ষম হয়। তখন বিধাতা স্বয়ংই আসিয়া ভাহার ললাটে সাফল্যের বিজয়তিলক পরাইয়া দেন।

আত্মন! জীবন-সাধনায় যদি কুতি হইতে চাও, তবে সর্বাদা বিচারের কোষমুক্ত ভরবারি উগ্রভ রাখ: যে কোন মুহুর্তে যে কোন শক্র যে কোন বেশে উপস্থিত হউক না কেন্ অমনি ভাহার উপর আঘাত করিবে। শত্রু যেন কোন মুহুর্তে তোমাকে অসতর্ক না দেখে. অসাবধান অপ্রস্তুত অবস্থায় না পায়। তুমি যদি অক্তায়ের সহিত. পাপের সহিত, আপোষ না করিয়া সর্বাদা সংগ্রাম করিতে প্রস্তুত থাক ভবে স্বয়ং ভগবানই ভোমাকে রক্ষা করিবেন। ভগবান শুধু বাহিরের কাজ দেখেন না তিনি দেখেন মানুষের অন্তর মনোবৃতি। সংগ্রাম করিয়া পরাভূত হইলে, ঘটনাচক্রে পড়িয়া বাধ্য হইয়া স্বীয় ইচ্ছার বিরুদ্ধে কখনও কোনও অস্থায় কাজ করিয়া ফেলিলে তাহা তত দোষের হয় না: সেই অপরাধ তিনি ক্ষমা করেন। কিন্তু স্বেচ্ছায় কেছ কোন অক্সায়কে প্রশ্রেয় দিলে, পাপের সহিত রফা করিয়া স্বেচ্ছায় ভাহার নিকট আত্মসমর্পণ করিলে, তুর্বলভার সহিত সংগ্রাম না করিয়া সাদকে ভাহাকে বরণ করিয়া লইলে নিভান্ত আপনার জ্বনও ভাহাকে ক্ষমা করে না। স্তভরাং ক্ষণিকের মোহজাল ছিন্ন করিয়া বীর বিক্রমে জীবনের পথে জয়যাত্রা স্তরু কর। শত্রু যদি মিত্তবেশে আপোষরফার

প্রস্তাব লইরা উপস্থিত হর, শান্তির বাণী লইরা সদ্ধি করিতেও আসে, তব্ও তাহাকে ক্ষমা করিবে না। জীবন-সংগ্রামে আপোষ-রফা, সন্ধি বা শান্তি প্রস্তাবের কোন স্থান নাই, সেধানে হয় বিজয়— সিন্ধি, না হয়—মৃত্যু—এই এক কথা। ওঁ শম্।

#### ু আঘাত

#### ( অপরের প্রতি )

কখনও কাহাকেও অযথা আঘাত করিও না; ভোমার কোন প্রকার ব্যবহার, আচরণ, বাক্য, কার্যা, ভাব বা অক্স কিছুর ছার। কখনও কাহারও মনে নির্থক ব্যথা দিও না।

ত্ই দিনের জন্ম এখানে আসিয়াছ, ক্ষণিকের জন্ম দায়িত্ব ও কর্ত্তব্য উপলক্ষ্য করিয়া সকলে মিলিত হইয়াছ, জগদ্রক্ষমঞ্চে আপনার অভিনর শেষ করিয়া তুই দিন পরে আবার কোণায় চলিয়া যাইবে। ভাই যতটুকু পার অপরকে শান্তি দাও, আনন্দ দাও। গোলাপ যেমন কন্টকাঘাতে ক্ষত্তবিক্ষত হইয়াও সকলকে হুগন্ধ দান করে, তুমিও তেমনি জগতের নিক্ট হইতে যতই আঘাত ও তুর্ব্যবহার পাও নাকেন, প্রতিদানে প্রতিঘাত না করিয়া শুধু শান্তি ও সাজ্বনাই পরিবেশন কর।

মামুষ যে জিনিষটি নিজে ভালবাসে সেটিই সে অপরকে দান করিয়া আনন্দ পায়। কিন্তু তুমিতো কাহারও নিকট হইতে আঘাত বা হুর্ব্যবহার পাইতে ভালবাস না, তবে অপরকেই বা তুমি ভাহা দিবে কেন গ মনে রাখিও, তুমি যেমন অত্যের নিকট হটতে অযথা কোন আঘাত পাইতে চাও না. অস্তেও তেমনি তোমার নিকট হইতে অযথা কোন আঘাত পাইতে চায় না। তুমি যেমন অক্সের অপ্রত্যাশিত ব্যবহারে ক্ষন হও, অন্মেও তেমনি তোমার অপ্রীতিকর ব্যবহারে ক্ষন্ন হয়। ওপু ভাই নয্ হোমার অপ্রীতিকর ব্যবহাররূপ আঘাতই অপরের নিকট হুইতে প্রতিঘাতরূপে আসিয়া আবার তোমাকেই বাণায় জজ্জ রিত করিয়া তুলিবে। স্বভরাং তুমি যদি (নিজে) কাহারও নিকট হইতে আঘাত পাইতে না চাও, তবে তুমিও কাহাকেও আঘাত করিবে না; ত্মি নিজে কাহাকেও আঘাত কবিলে তাহা আজ্ঞই হউক বা কালই হুটক প্রতিঘাতকপে আবার তোমারট নিকট ফিরিয়া আসিবে। কেননা, মানুষ যেমন চিম্মা ভাবনা ও আচরণ করে তাহারই একটা প্রতিক্রিয়া বাহিরে পারিপার্শ্বিক অপর সকলের ভিতর সংঘটিত হয় এবং সে যখন যেখানে যায়, তখন তাহার নিধ্বের ভাবের প্রতিচ্ছবি সেখানে প্রতিকলিত দেখিতে পায। প্রত্যেক মামুখের নিজের ভাব প্রকৃতি ও আচবণ দ্বারা ভদমকুল একটা প্রিবেশ আপ্রনিই সৃষ্টি হয় এবং যে কোন ব্যক্তিই ভাহাব সংস্পর্শে আত্মক না কেন, সেইভাবে সে অল্পনিস্তব অন্ধুপ্রাণিত হইবেই।

জীবন-সাধনার সাধক! তুমি সর্বপ্রকার বৈরভাব# ত্যাগ করিয়া সম্পূর্ণ উপদ্রবশ্বা ও মহৎ হও। অন্তবে বাহিরে সকলের প্রতি প্রেম

<sup>\*</sup>ইহা কর্মবোগী সাধকের সাধন-জীবনের একটি অধ্যায় বিশেষ। ইহার বাবা কথনও অক্যার অভ্যাচারের প্রতিকার না করা, বা কাহারও দোব-ফ্রাট-অপরাধ সংশোধনের জন্ত শাসন না করা ব্ঝায় না। কেননা, এই শাসন ও প্রতিকার চেট সাময়িক ভাবে ছঃখ বা অশান্তির কারণ হইলেও ইহাতে

ও সহামুভূতিপূর্ণ এক পরম শান্তিময় আবহা e য়ার স্টি কর। তোমার নিকট হইতে সর্বনা এক মহানন্দময় ভাবপ্রবাহ চতু দিকেে বিচ্ছুরিত হউক, আর সমগ্র দেশবাসী ভাহাতে অবগাহন করিয়া শুদ্ধ, শান্ত ও আনন্দময় হইয়া উঠুক। কেন না, এজগতে প্রকৃত মহৎ যে, কুঠারাহত চন্দন বৃক্ষ হইতে স্থগন্ধ বিস্তারের আঘাত-আক্রমণে তাঁহার ভিতর হুইতে কেবল মহন্ত বিচ্ছুরিত হুইতে থাকে। ।। ওঁ শম্।।

পরিণামে মাহ্য নির্দোষ হইয়া প্রকৃত শাস্তি ও আনন্দ লাভ করিয়া থাকে। কারণ, ইহার মূলে দোষকটি অস্তারের সংশোধন পূর্বক প্রকৃত মাহ্র করিয়া গড়িয়া তুলিবার প্রেম ও সহাহভ্তিপূর্ণ মহান্ উদ্দেশ্ত রহিয়াছে। যে আঘাত-আক্রমণের ভিতর এই মহান্ উদ্দেশ্তর পরিবর্গে তথু অপদস্থ করা বা শাস্তি দেওয়ার আক্রোশমূলক শক্রভাব থাকে. তাহারই সহত্তে এই কথা এথানে বলা হুইয়াছে।

# কম্মার জাবন-মন্ত্র

ক্ষমতাপ্রিয়তা ও প্রভ্রনিস্সাই কর্মক্ষেত্রে কর্ম্মীর প্রধান বিপদ।
গভীর সমুদ্রে বিচরণকারী অর্ণবিপোত যেমন সহসা চোরা-পাহাড়ে
আঘাত খাইয়া ধ্বংসপ্রাপ্ত হয়, তেমনি সংসারক্ষেত্রে প্র্যাটনকারী উদ্দাম
কর্ম-প্রবণ ব্যক্তির জীবনও অতর্কিতে ক্ষমতাপ্রিয়তা ও প্রভ্রনিস্পার
মোহে পড়িয়া বিনষ্ট হয়। মানুষ যখন কর্ম্মের প্রবল উন্মাদনায় আত্মম্বিতি হারাইয়া ফেলে, যখন সে ভূলিয়া যায় যে, কর্ম্মিটাই মানুষের আসল
উদ্দেশ্য নয়, কর্মের ভিতর দিয়া মানুষ 'হওয়াটা'ই প্রকৃত উদ্দেশ্য, কর্ম্ম

শুধু বাহিরের অবশস্থন, ইহার ভিতর দিয়া নিজ্ঞের ও অপরের জীবনকে গড়িয়া গোলাই প্রকৃত লক্ষ্য— তখনই তাহার ভিতর দেখা দেয় যশ-মান-প্রতিষ্ঠার উদ্মাদ আকাজকা, প্রভূষ ও ক্ষমতা লাভের আত্মবিধবংসী ত্র্বার স্পৃথা।

অহস্কার ও দান্তিকভাই মামুষকে দায়িত্বীন, তুর্বল করিয়া ফেলে, কর্তৃত্বাভিমানই প্রেকৃতপক্ষে কর্মীর কর্মশক্তি ও কর্ত্ব্যবৃদ্ধি নষ্ট করিয়া ভাহাকে স্বার্থির ও অকর্মণা করিয়া দেয়। মামুষের ভিতর যখন উৎকট ক্ষমতালোলুপতা ও উদগ্র কর্তৃত্বস্পৃহা দেখা দেয়, তখন তাহার সাধারণ বচারবৃদ্ধি ও হিতাহিত নিবেচনাশক্তি পর্যান্ত লোপ পায়; সে তাহার অসম্বন্ধ বাক্যালাপ ও নির্লভ্জ আচরণের দ্বারা পারিপার্শ্বিক আবহাওয়া, এমন কি অন্তর্গ স্কুদ্ ও সহকর্মীদের মনোবৃত্তি পর্যান্ত নিয়াক্ত, নিরক্তিপূর্ণ করিয়া ভোলে। মামুষ অত্যুগ্র নাম ও যশোলোলুপভার ফলে এমন আত্মবিশ্বত ও বিচার-বিমৃত্ হইয়া পড়ে যে, তাহার অসক্ষত অসম্প্রক্ত অলোপ ব্যবহারের দ্বারা সে যে সকলের নিকট হাস্তাম্পদ হইতেছে, তাহাও সে বৃথিতে পারে না।

নিশু বা উন্মানের মত নিরর্থক হস্তপদ সঞ্চালন, অথবা বাত্যাভাড়িত তৃণধণ্ডের মত কামনা-বাসনা-রিপু-ইন্দ্রিয়-ভাড়িত মানুষের
দিখিদিগ্ জ্ঞান-শৃক্যাবস্থায় ইতস্ততঃ ছুটাছুটিই কর্ম্ম নয়; ভগবস্তাবে উদ্বৃদ্ধ
আত্মাভিসানশূক্য মানুষের জনকল্যাণে প্রযুক্ত প্রচেষ্টাই প্রকৃতপক্ষে কর্ম।
উপযুক্ত ধরস্থনী যেমন বিষকে শোধন করিয়া লইয়া মৃতসঞ্জীবনী-সুধার
প্রণিত করে, ভেমনি প্রকৃত কন্মীও ভগবৎ-শরণাগভির দ্বারা
কর্মকে শোধন করিয়া লইয়া যোগে পরিণত করে ("যোগং কর্মস্ব কৌশলম")। আত্মসমর্পন, আ্যান্সনিবেদনের ভিতর দিয়া কন্মী কর্মের কর্ত্থাভিমানরূপ বিষ্ণাত ভাঙ্গিয়া 'ফেলিয়া কর্মকে নির্বিষ, নির্দোষ করিয়া লয়। কর্ম তখন দম্ভাভিমানের আকর, প্রবৃত্তিমূলক ও বন্ধনের কারণ হয় না, কর্ম হয় তখন মুক্তির কারণ—নিষ্কাম, যোগ, ভগবানের স্থিত মিলিত হইবার অবলম্বন স্বরূপ। কর্মের ভিতর দিয়া কর্মী তখন ভগবানের সহিত যুক্ত হয়।

ভগবানই মামুষের সমস্ত শক্তির একমাত্র উৎস। নদী যেমন আছবিসজ্জনের দারা বিশাল বারিধিক হইতে বিপুল বারিরাশি সংগ্রহ
করিয়া লইয়া জনকলাগের জন্ম সমগ্র দিন্দেশে তাহা ঢালিয়া দের,
প্রকৃত কন্মী ও তেমনি আত্মাৎসর্গের দারা ভগবানের নিকট হইতে
শক্তি আহরণ করিয়া নিয়া জগন্মঙ্গলের নিমিত্ত কন্ম রূপে উহা উৎসারিভ
করিয়া দেয়। দেখানে কোন অহস্কাব, অভিমান, দম্ভ থাকে না, থাকে
না কোন কর্তৃত্ব, প্রভূত্বস্পৃহা ও ক্ষমতা-মন্ত্রতা; সেখানে থাকে ওপু
আ্মানিবেদন, আত্মাৎসর্গ, আ্মাবিসজ্জন, জনকল্যাণ ও জীবসেবা।

উৎসম্ধে বালি সঞ্চিত হইলে নদী যেমন সমুদ্রের সহিত সংযোগশৃত্ত হইয়া ক্রেমশং শুদ্ধ হইয়া যায়, কন্মীর ভিতরেও তেমনি আয়বিসজ্জন ও নিঃস্বার্থ পরতার পরিবর্ত্তে অহন্তার অভিমান, ভোগস্থাকাক্রা, মান-যশ-প্রতিষ্ঠার বাসনা দেখা দিলেই সে অনন্ত শক্তির আধার ভগবানের সহিত যোগস্ত্র হারাইয়া শক্তিহীন হইয়া পড়ে। সমুদ্রের সহিত সংযোগহীন আভঃশৃত্ত নদীর জল যেমন বিকৃত ও রোগবীজাণুপূর্ণ ইইয়া সকলের অপেয় ও প্রাণহননের কারণ হয়, ভেমনি ভগবানের সহিত যোগশৃত্ত, দম্ভাহন্তারপূর্ণ, কর্ত্ত্বাভিদানী কন্মীর আসুরিক কর্মন্ত জীবজ্বগতের শান্তি ও কল্যাণ বিধান না করিয়া অশান্তির আগুনই জ্বালাইয়া দেয়।

নদীর গভিবেগ অব্যাহত রাখিতে হইলে যেমন সমুদ্রের সহিত সংযোগ-পথ পরিক্ষার রাখা দরকার, তেমনি কর্ম্মীর জ্ঞগন্মঙ্গল কর্মপ্রবাহ অঙ্গুর রাখিতে হইলেও ভগবংপ্রেরণা ও ভগবং-শক্তি আহরণের-পথ পরিক্ষার রাখা আবশ্যক। বালি যেমন চড়া সৃষ্টি করিয়া সমুদ্র সঙ্গমের পথ বন্ধ করিয়া দেয়, তেমনি দম্ভাভিমান প্রভৃতিই কন্মীর ভগবচ্ছক্তি ও প্রেরণা লাভের পথ রুদ্ধ করে। স্থতরাং কর্ম্মীকে প্রতিনিয়ত আত্মায়ু-সন্ধানের আলোক-বর্ত্তিকা হস্তে লইয়া অতি সাবধানে পথ দেখিয়া সন্ধ্রপণের সহিত কর্ম্মের ছর্গম পথে পদক্ষেপ করিতে হয়। তাহা না হইলে যে কোন মৃহুর্ত্তে অহঙ্কার অভিমানরূপ চোরাবালিতে আবদ্ধ ইইয়া জ্বীবন-তরণী বেসামাল হইতে পারে।

## - জাগতিক নিন্দা ও গালি

আত্মন্! শান্ত, গুদ্ধ, প্রবৃদ্ধ হও। মাহুষের নিন্দা ও গ্লানিতে বর্ণ-পাত করিও না; লাঞ্চনা, গঞ্জনা, অসম্মান, অপমানের প্রতি ক্রক্ষেপ করিও না; অনাদর অপ্রাদ্ধা, তিরস্কার, উপেক্ষার হতাশ ও মৃহ্যমান হইও না। স্বার্থসন্ধীর্ণ, ঈর্ষাপরায়ণ মানবের হৃদয়োদগীরিত এই তীব্র হলা-হলকে আকণ্ঠ পান করিয়া তুমি নীলকণ্ঠ হও, জ্ঞানবৃদ্ধ, প্রবৃদ্ধ ভীত্মের মত অর্ব্বাচীন মানব-নিক্ষিপ্ত তীক্ষ্ণ শররাজিদ্বারা শরশযা রচনা করিয়া হুখে নির্বিকারচিত্তে তুমি তাহাতে বিশ্রাম কর। এ জগতে (কাজ্ফ করিতে গেলে) "কেহ বা ভোমারে মালা পরাইবে, কেহ বা ভোমারে পদ প্রহারিবে।" কিন্তু তুমি তাহাতে বিচলিত হইয়া জীবন-সাধনায় নিশ্চেষ্ট থাকিও না, নিরর্থক চিত্তের প্রশান্তি ভাঙ্গিয়া অশান্তিকে ডাকিয়া আনিও না। জগতের পুঞ্জীভূত পাপতাপ, স্থপীকৃত জ্ঞানজালে অগ্নি-সংযোগ করিতে যাহারা বন্ধপরিকর, কুসংস্কারাচ্ছন্ন মানবের তিক্ত রসনা তাঁহাদেরই নিন্দায় মুখর হইয়া উঠে। যাঁহারা গতামুগতিক পৃতিপর্যুযিত বন্ধ ভাবধারার পরিবর্তে জীবন্ত ও নূতন প্রেরণাময় উচ্ছল জীবন-প্রবাহ নিয়া উদ্দাম বেগে ছুটিয়া চলে, জগতের সবল হন্ত তাঁহাদেরই জীবন-পথে সর্বাদা বিপদের পাহাড় রচনা করে। শুধু তাই নয়, তাঁহানেরই জীবন-পথে সর্বাদা বিপদের পাহাড় রচনা করে। শুধু তাই নয়, তাঁহানেরই মশ্বাস্থলে নিশ্বম আঘাত হানিবার জন্ম সবলে উন্নত হয়, জ্ঞগতের বৃক হইতে তাঁহাদিগকে মুছিয়া ফেলিবার জন্ম সমস্ত শক্তিনিয়োগ করে।

একদিন যাহারা তোমার অত্যক্ষ হৃত্যদ, প্রিয়তম বন্ধু ও নিণ্টতম আত্মীয় ছিল, তাহারাই পরে ইইবে তোমার পরম শক্ত। একদিন যাহারা তোমার নিত্য সাথী, সহায়ক ছিল, সমস্ত সময় ছায়ার মত প্রতি পদবিক্ষেপে তোমার অনুসরণ করিত, তাহারাই ইইবে তোমার প্রবল্গ প্রতিদ্বন্দ্বী, পরম বিরুদ্ধাচারী: যাহাদের হৃঃখ-দৈশু দূর করিবার জক্ম তুমি তোমার সমস্ত প্রাণ ঢালিয়া দিকে, নিজেকে সহস্র বিপদে ফেলিয়াও যাহাদিগকে বিপন্মুক্ত রাখিতে সর্বদা সচেষ্ট থাকিতে, তাহারাই আজ তোমাকে বিপদজালে আবদ্ধ করিতে চেষ্টা-নিরত। ইহাই জগতের নিয়ম। যতক্ষণ তুমি নিজেকে সকলের সহিত সমপর্যায়ে রাখিয়া মিলিয়া ঘটনা-প্রবাহে গা ভাসাইয়া গভান্থগতিক পথে চলিবে, ততক্ষণ সকলেই মিত্রের মত তোমার সহিত মিলিয়া মিলিয়া চিলিয়া হিনা-প্রবাহে গা ভাসাইয়া গভান্থগতিক পথে চলিবে ও একই স্ত্রে প্রথিত থাকিবে। কিন্তু যখনই তুমি ভোমার বিশিষ্ট ভাব, রূপ, আদর্শ ও কর্মপদ্ধতি নিয়া জীবন-পথে জয়য়ারা সুক্র-

করিবে, যখনই তুমি তোমার বৈশিষ্ট্যপূর্ণ সাধন-গরিমায় মহিমান্থিত হইয়া অপর সকল হইতে শুভম্ব প্রতিভাগ প্রতিভাত হইতে থাকিবে তখনই অপর সকলে হিতাহিও বিবেচনাশৃত্য হইয়া তোমার বিরুদ্ধাচরণ করিতে দণ্ডায়মান হইবে।

আত্মন্! জাগতিক ঘটনা-পরম্পারার উর্দ্ধে, নিন্দা-স্তুতি প্রভৃতি ব্যবহারিক জীবনের পরপারে সেই দম্বাতীত শান্ত ভূমিতে ভূমি অবস্থান কর। তোমার অন্তরের বাহিরে, চতুপ্পার্শ্বে সীয় আদর্শামুযায়ী একটি শান্তিপূর্ণ আবহাওয়া সৃষ্টি করিয়া সর্বাদা কর্ত্তব্য-পথে অগ্রসর হও, আত্ম-ভাবে সমাহিত থাকিয়া ব্যবহারিক জগতের দ্বন্দ্ব-কোলাহল, আবিলতা-পঙ্কিলতা, ঘাত-প্রতিঘাত হইতে আত্মরক্ষা করিয়া চল। ছনিয়ায় যে মানুষ হইতে চায়, জগৎকে কিছু নূতন জিনিষ দিতে চায়, তাহাকে কাহারও মতামতের দিকে ফিরিয়া তাকাইলে চলে না। স্বীয় মহান্ আদর্শের প্রতি লক্ষ্য রাধিয়া বর্ষার বৃষ্টিধারার মত জগতের নিন্দা গালিকে তাহার মাধা পাতিয়া বরণ করিয়া লইতে হয়।

মানুষ সমালোচনায় ক্ষুপ্প হয় তখনই, যখন তাহার ভিতর মান-যশ প্রতিষ্ঠার আকাজকা উদপ্র হইয়া উঠে। মানুষ যখনই প্রশংসা-সুখ্যাভি লাভ করিবার জন্ম লালায়িত হয়, আদর-যত্ম-ভালবাসা-সহামুভূতি ও সমবেদনার কাজাল হইয়া জগতের দারে ভিক্ষাপাত্র লইয়া ঘুরিয়া বেড়াইতে গুরু করে, তখনই সে কেবল অন্মের মতামতের দিকে ফিরিয়া তাকায়, তখন কৈ কি বলিল না বলিল, কোন্ সময়, কোন কাজে কে কি ভাবিল মা ভাবিল তাহা ভাবিয়া বিচলিত হয় এবং খীরে ধীরে আপন স্বাধীন চিন্তা, ভাব, আদর্শ, ব্যক্তিত্ব, বৈশিষ্ট্য বিদর্জন দিয়া প্রমাত্রের দাস হইয়া পডে। তখন আপনার মহত্ম

ঔদার্ঘ্য প্রভৃতি যথাসর্বস্থে বলি দিয়া শুধু অপরের মন রক্ষা করাই তাহার কাজে হইয়া দ।ড়ায়।

জ্বীবন-লক্ষ্যের সন্ধানী সাধক! তুমি যশ, মান, প্রতিষ্ঠাকে পদদলিত করিয়া দৃপ্ত সিংহের মত সমুন্নত শিবে জ্বীবন-পথে অপ্রসর হও; আদর, যত্ন, ভালবাসা ও ন্তুখ্যাতি-লাভের মানসিক তুর্বলতাকে পরিহার করিয়া সমস্ত নিন্দা ও বিরুদ্ধ-সমালোচনার প্রতি উপেক্ষা প্রদর্শন কর। প্রদীপের সলিতার মত প্রতিনিয়ত আদর্শের জন্ম অকৃষ্ঠিত চিত্তে তিলে তিলে আত্মদান করিতে প্রস্তুত হও, দেখিবে —জ্বাতের ক্রভেক্ষী কোধায় মিলাইয়া গিয়াছে।

নিন্দুকের নিন্দ', বিরুদ্ধবাদীর সমালোচনায় যতই উদাসীন হওয়া যায়, যতই তাহার প্রতি উপেক্ষা প্রদর্শন করা যায়, তওঁই তাহার শক্তি ও প্রভাব ক্ষুন্ন হয়। প্রতি মুহুর্তে যাহাকে ফিরিয়া ফিরিয়া অপরের দিকে তাকাইতে হয়, তাহার দ্বারা কোন বড় কাজ হওয়ার আশা স্নদূর-পরাহত। জগতের নিন্দা-শুভিকে অগ্রাহ্য করিয়া চলার মত সামর্থ্য যাহার আছে, তাহার বিপুল পরাক্রম, প্রবল গতিবেগকে প্রতিহত্ত করিতে পারে এমন এরাবত এই বিশ্ব ব্দ্ধাণ্ড আজও স্টে হয় নাই।

# প্রকৃত ধর্মানুষ্ঠান

ধর্মামুষ্ঠানের প্রকৃত সার্থকতা ভগবদমুভূতিতে। জীবন ভরিয় কত ধর্মামুষ্ঠান করিলে, নিয়ম-নিষ্ঠায় থাকিলে, জপ, উপবাস, স্নান্দান করিলে, কত না শাস্ত্রাধ্যয়ন, তীর্থজ্ঞমণ, দেবদর্শন, সাধুসঙ্গ হইল, কিন্তু তাহা দ্বারা অমুভূতির রাজ্যে কতদূর অগ্রসর হইলে ? এত সব ধর্মামুষ্ঠান করিয়া অম্ভরের মালিম্ম কতুটুকু দূরীভূত হইল ? পাপের প্রতি ঘৃণা, অন্যায়ের প্রতি বীতশ্রাদ্ধা, সত্য-সংযম, পবিত্রতা ও ত্যাগের প্রতি নিষ্ঠা ও অমুরাগ কতথানি বৃদ্ধি পাইল ? দিনের পর দিন শুধু নানাপ্রকার অমুষ্ঠান করিয়া যাওয়াই তো জীবনের লক্ষ্য নয়, অন্তর্শানের ভিতর দিয়া কামনা-বাসনার ত্যাগ, চিত্তুদ্ধি ও ভগবদমুভূতিই জীবনের একমাত্র লক্ষ্য ও কাম্য। দৈনন্দিন জীবন-সাধনার ভিতর দিয়া সেই দিকে কতদূর অগ্রসর হইতেছ তাহা প্রতিদিন বিশেষভাকে বিচার করিয়া দেখিতেছ কি ?

ভগবদমুভূতিই ধর্মামুষ্ঠানের প্রকৃত মাপকাঠি। বিহাৎ ধরচের পরিমাণ যেমন বিহাৎ পরিমাপক যন্ত্রে (মিটারে) ধরা পড়ে, তেমনি ধর্মকাজ ও অনুষ্ঠানসমূহ ও ঠিক ঠিক ভাবে অনুষ্ঠিত হইল বিনা, তাহা ভগবদনুভূতিতে ধরা পড়ে। তাই খাটে সাধক যে, সে এই অনুভূতির দিকে সতর্ক দৃষ্টি রাখিয়া দৈনন্দিন সমস্ত কাজকর্ম ও ধর্মানুষ্ঠানসমূহ করিয়া যায়, প্রত্যেকটি অনুষ্ঠান সে ভগবদনুভূতির মাপকাঠিতে মাপিয়া পরীক্ষা করিয়া লয়। ধর্মানুষ্ঠানসমূহ তাঁহার নিকট শুধু অভ্যাসজনত নীরস, প্রাণহীন, উদ্দেশ্যশ্ন্য কাজমাত্র নয়, উহা সেধানে মহান্

ভাবসম্পদে সমৃদ্ধ, জীবনের পরম লক্ষ্য-সাধনার তীব্র ব্যাকুলতার জীবস্থ।

অনুষ্ঠানের প্রাণ অনুভূতিতে। অনুষ্ঠানসমূত প্রাণবস্থ হইয়া উঠে সাধকের মহান্ অনুভূতির দিবা স্পর্শ ও প্রেবণায়। সাধক যখন অমুষ্ঠানের ভিতর দিয়া ধারে ধারে অমুভূতির রাজ্যে প্রবেশ করিতে থাকে, দৈনন্দিন ধর্মাধনার ভিতর দিয়া সমস্ত প্রাণমন যখন নিতান্তন ভাবধারায় অভিসিঞ্চিত হয়, মালিক্সের পর মালিক্স ঘুচিয়া, আবরণের পর আবরণ উল্মোচিত হইয়া সাধক যখন ক্রেমশঃ লক্ষ্যের সমীপবতী হইতে থাকে, তখন ভাঁহার সাধনার সেই বিপুল আনন্দধার, সেই গভীর ভাবাবেগ বর্ষাকালীন নদীসমূতের উচ্ছুদিত বারিপ্রবাহের মত অপ্তর ছাশাইরা সমস্ত দিপেণ প্লাবিত করিয়া চলে। সে তথন মহাভাবে মাতিয়া জগৎকে মাতাইয়। লয়, সিদ্ধির মহানন্দে সকলকে আনন্দিত করিয়া তোলে। তখন ওাঁহার প্রতি কাজ, প্রত্যেক অন্তর্গান প্রতি বাকা, এমন কি প্রত্যেকটি হাবভাব, নড়ন-চডন, দৃষ্টিভঙ্গী পর্যান্ত অপরের ভিতর এক মহাভাবের আলোড়ন সৃষ্টি করে; যে তাঁহার সংস্পার্শে আদে, সে-ই এক অভিনব আনন্দে মাতিয়া ওঠে, একটা অভূতপূর্বব নূতন প্রেরণা লইয়া ঘরে ফিরিয়া যায়। অফুর্চানসমূত তখন আর শুধু প্রাণহীন অঙ্গভঙ্গী বা হস্তপদের কসরৎ নয়, উহা তখন মহান ভাবের প্রেরণায় অনুপ্রাণিত, অপূর্বে তেজোদীপু, ভাবোচ্ছুল ও ঐশ্বরিক শক্তিতে সমুজ্জল।

আলো ও অন্ধকার যেমন এক সঙ্গে থাকতে পারে না, তেমনি মালিয়াও ধর্মানুষ্ঠান, পাপাশক্তিও ধর্মানুরাগ একত্র অবস্থান করিতে পারে না। সমস্ত জীবন ভরিয়া ধর্মানুষ্ঠান করিলে, অথচ ভাহাতে অন্তরের কোন পরিবর্ত্তন সাধিত হইল না; যেমনি ধর্মামুষ্ঠান করিতেছ, তেমনি সময় স্থযোগমত আবার অবলীলাক্রেমে পাপকার্যাও করিয়া যাইতেছ—ইহা কখনও হইতে পারে না। যদি হয়, তবে বৃঝিতে হইবে ভাবের ঘরে চুরি হইয়াছে, ধর্মামুষ্ঠান ঠিক ঠিক সম্পাদিত হয় নাই —হইতেছে না। অমুষ্ঠানসমূহ যেখানে অভ্যের সহিত সংযোগশৃষ্ণ, ভাবহীন, জীবনের মহান্ লক্ষ্য-সাধনার উদ্দেশ্যে অমুষ্ঠিত না হইয়া ওধু অভ্যাসবশে অমুষ্ঠিত হয়, সেখানেই তাহা গতিহীন হর্বেল, তাই নিক্ষল নির্থক; তাহাতে অমুষ্ঠাতার প্রাণেই সাড়া জাগায় না তো অন্থের প্রাণে সাড়া জাগাইবে কি ? নোক্সরবদ্ধ নৌকায় দাঁড় টানার মত ওধু পগুশ্রম, জীবন ভাহাতে একটুও উন্নতির দিকে অগ্রসর হয় না।

প্রকৃত জীবন-পথের পথিক! তৃমি সর্বাদা খুব সাবধান, সজাগ পাকিও। তাহা না হইলে কে আসিয়া তোমার ভাবের ঘরে কখন চুরি করিয়া যাইবে, কিছুই বৃঝিতে পারিবে না। স্কুতরাং যখনই দেখিবে ব্রুতনিয়ম, পূজা প্রার্থনা, সংকর্ম সদস্কান, শাস্ত্রাধ্যয়ন, ধর্মালোচনা প্রভৃতি করিয়াও পাপাসক্তি ও ভোগাকান্দা প্রশমিত হইতেছে না, নিত্য নূতন অরুভূতির আনন্দে প্রাণমন ভরিয়া উঠিতেছে না, তখনই সতর্ক হইবে: অন্তরের কোথায় কোন্ গোপন অন্তরালে দোবক্রটিগলদ আত্মগোপন করিয়া আছে, তাহা তম্ন তম্ন করিয়া খুঁজিয়া বাহির করিবে এবং স্বত্বে তাহার মূল উৎপাটন করিতে বন্ধপরিকর হইবে। তাহা না হইলে মাসের পর মাস বংসরের পর বংসর, এমন কি জীবনভর নানাবিধ ধর্মামুষ্ঠান করিয়াও জীবন-শ্বে দেখিবে, তৃমি যে তিমিরে ছিলে সেই তিমিরেই আছ, জীবনের একটুও উন্নতি হয় নাই, শুধু সাধুতার মিধ্যা অভিমান ও দান্তিকতার বোঝা বাভিয়া চলিয়াছে।

#### বিশ্বাস ও অবিশ্বাস

নিজেকে যে নিজেই বিশ্বাস করিতে পারে না, নিজের শক্তি-সামর্থ্য-সভভার উপরে অনাস্থা যাহার পদে পদে, এ-জগতে ভাহাকে বিশ্বাস করিতে পারে কে? যদি অস্তের বিশ্বাস ও শ্রজা অর্জ্জন করিতে চাও, তবে সকলের আগে নিজেকে নিজে বিশ্বার কর, নিজের শক্তি ও সভভায় নিজে আস্থা স্থাপন কর, নিজেকে নিজে আগে শ্রজা করিতে, মর্যাদা দিতে শিখ। আত্মমর্যাদাবোধ যাহার স্তৃদ্দ্, আত্মশক্তি ও সভভায় বিশ্বাস যাহার অচল অটুট, হুনিয়ায় ভাহাকে কেই অবিশ্বাস বা অশ্রজা করিতে পারে না। সংশয়ী চিত্তের সমস্ত সংশয় সন্দেই ভাহার প্রবল আত্মবিশ্বাস ও মর্যাদাবোধর নিকট কুঠায় সঙ্কৃচিত হয়, অশ্রজা ও অবিশ্বাস সভয়ের দূরে পলায়ন করে।

মাত্রৰ মাত্র্যকে কখনো অশ্রদ্ধা বা অবিশ্বাস করিতে পারে না, যদি
না সে নিজে তাহার স্থযোগ দেয়। যে কোন কাজে, যে কোন বিষয়েই
হউক না কেন, মাত্র্য নিজের কৃতকার্য্যতা সম্বন্ধে ভিতরে অনাস্থা পোষণ
করিয়া নিজেই প্রথমে নিজেকে অবিশ্বাস করে, আত্মশক্তি, আত্মম্বতি ও
আত্মমর্যাদাবোধের অভাবে নিজেকেই সে নিজে আগে অশ্রদ্ধা করিতে
ও অমর্যাদা দিতে স্কুক্ক করে, তাহার পরে অস্ত সকলে তাহাকে ও অশ্রদ্ধা
ও অবিশ্বাস করে। অস্তের অবিশ্বাস ও অশ্রদ্ধা বস্তুতঃ নিজের অস্তরে
লুক্ষায়িত মনোভাবেরই প্রতিচ্ছবি। স্বীয় অস্তরের অবিশ্বাস অশ্রদ্ধাই
অপরের ভিতর বাস্তব রূপ নিয়া অপরের মারফৎ আমাদের নিক্ট

উপস্থিত হয়। স্থতরাং এ সম্বন্ধে অন্তের উপর দোষারোপ করিবার আগে নিজ্কেরই বিশেষ ভাবে সাবধান হওয়া উচিত।

আত্মশক্তি ও আত্মর্যাদা সম্বন্ধে সঙ্গাগ হও। কথায় ও কাজে সকলকে তাহার পরিচয় দাও। স্বপ্নে বা কল্পনায়ও যেন কোনও মুহূর্তে তোমার ভিতরে কোন প্রকারে আত্মর্যাদায় সন্দেহ না জাগে, আত্মশক্তিতে অনাস্থা ও অবিশ্বাস না আসে। হৃদয়পটে স্বর্ণাক্ষরে শ্রীশ্রীযুগাচার্য্যের অভয়মন্ত্র লিখিয়া রাখ—"আত্মবোধ, আত্মস্থৃতিই প্রকৃত জীবন," আর "আত্মবিশ্বাস ও আত্মর্মর্যাদাজ্ঞানই শাসুবের মহাসম্বল।"

--::--

#### মতান্তর ও ম্নান্তর

কর্মক্ষেত্রে মতান্তর থুবই স্বাভাবিক, কিন্তু দেখিও মতান্তর যেন কখনও মনান্তরে পরিণত না হয়।

কন্দ্রী যখন তাহার কর্মের প্রকৃত উদ্দেশ্য ভূলিয়া যায়, জীবনের মহান্
লক্ষা ও আদর্শ সম্বন্ধে উদাদীন হটয়া পড়ে, স্বাধীন মতবাদ, বিচারবৃদ্ধি
ও ব্যক্তিত্বের নামে যখন দান্তিকতা আসিয়া দেখা দেয়, তখন আজ্ববিশ্বতির সেট তুর্বল মুহুরেটি মতান্তর আসিয়া মনান্তর, ক্রেমে মতবিরোধ
ও সংঘর্ষে পরিণত হয়। তখন কর্মের সমস্ত উল্ভোগ, আয়োজন পশু
হটয়া যায়, কন্দ্রীদের সমস্ত উৎদাহ, উত্তম ও প্রাণের শান্তি বিনষ্ট হয়:
কলে, সকলের কর্মশক্তি ও প্রচেষ্টার সমবায়ে যে বিরাট প্রতিষ্ঠান গড়িয়া
উঠিতে পারিত, তাহার শেষ আশাটুকু পর্যান্ত নিঃশেষ হওয়ার উপক্রম
হয়।

ভূমিয়ার ভূমিয়ার। জীবনের একা সম্বন্ধে সজাগ্র সাবধান হও, কর্ম্মের উদ্দেশ্যের প্রতি সর্ববদা দৃষ্টি নিবন্ধ রাখ। বৃদ্ধিমান, বিচক্ষণ নেতা যে, তার কর্মা-তরী কখনও মত-বিরোধের মাঝদরিয়ায় বানচাল হয় না। ভাহার তীক্ষ্ণ দৃষ্টি সর্বাদা লক্ষ্য ও উদ্দেশ্যের প্রতি উদ্যত থাকে। তাই সে স্তকৌশলে বিভিন্ন কন্মার বিভিন্ন মতের সামগ্রস্থা বিধান পুর্ববক সম্ভাবিত বিরোধ ও সংঘর্ষ এডাইয়। কার্যা-সম্পাদনের ব্যবস্থা করিয়া লখ। ইহার জন্য মিথা। দম্ভ অভিমান বা জেদকে সে কখনও প্রশ্রেষ্ দেয় না, সাময়িকভাবে স্বীয় স্তুচিন্থিত পন্থা, মতবাদ বা মর্যাদাকেও কিঞ্চিৎ ক্ষুব্ধ করিতে সে কুষ্ঠিত হয় না, শেষ সাফলোর দিকে ভাকাইয়া। এই আপাত-পরাজয়কে সে সহক্ষী দের অন্তর জয় ও কার্যাসাধনের কৌশলরূপে স্বেচ্ছায়ই বরণ করিয়া লয় চরম বিজয় লাভের জন্য। মনে রাখিও, প্রত্যেক কার্য্যের চরম সাফল্যই প্রকৃত সাফল্য, শেষ জয়ই প্রকৃত জয়। বীর সে, শক্তিমান সে, যোগ্য নেতা সে, যে প্রবল ঝড়-নঞা, দ্বন্দ্ব প্রভৃতি প্রতিকৃষ্ণ অবস্থার ভিতর দিয়া স্বীয় উদ্দেশ্য সাধনে সমর্থ হয়। সমতা জ্বাৎ ভাহাকেই কৃতিছের পুরস্কার দেয়, বিধাতার আশীর্কাদ তাহার শিরেই বর্ষিত হয়, সকলেই শেষে ভাহাকে শ্রহার অহা নিবেদন করিয়া নিক্লেদের অস্তায় আচরণের সংশোধন কবিয়া লয়।

# হঃখ-হুর্য্যোগ

প্রকৃতি-জগতে যেমন মাঝে মাঝে প্রবল ঝড়-ঝঞ্চা আসে, মানুষের ব্দীবনেও তেমনি বিষম তঃখ-তুর্য্যোগ উপস্থিত হয়। সময়ে সময়ে এই তঃখ-তুর্যোগ এমনি প্রবল আকারে দেখা দেয় যে, মনে হয়— এবার ৰুঝি আর রক্ষানাই, জীবন-ভরী বুঝি বেসামাল হইয়া মাঝ দরিয়ায় বানচাল হইয়া যায় ৷ মানুষ তখন এমনি হতভন্ধ, কিংকওঁব্যবিমূঢ় হুইয়া পড়ে যে, ভাহার আর কোন হিতাহিত বিচার-বিবেচনা থাকে না, সে একেবারে দিশেহারা ১ইয়া হাল ছাড়িয়া দিয়া বসিয়া পড়ে। কিন্তু একটু থৈয়া ধরিয়া, আত্মসংবরণ করিয়া থাকিতে পারিলেই অন্ডভঃ তখনকার মত রক্ষা পাওয়া যায়। কেননা প্রকৃতি-জগতে যেমন ঝড় ঝঞা বেশী সময় থাকে না, মানুষের জীবনেও তেমনি তঃখ-তুর্য্যাগ অধিক কাল স্থায়ী হয় না : কিছু সময় পরেই ইহার অবসান ঘটে ; তখন আদে মহাপ্রশান্তি। প্রকৃতি হয় নিধর, নিস্পৃন্দ, মন:প্রাণ হয় প্রশান্ত জীবনের সমস্ত ময়লামাটি তখন ধৃইয়া মুছিয়া যায়; ভাহাব পরই হুরু হয় ধ্বংদের পর নৃতন সৃষ্টির মত জীবনের নৃতন অধ্যায় – পরিচ্ছেদ, প্রকৃত অগ্রগতি—উন্নতি।

তৃঃখ-তুর্য্যোগ শ্রীভগবানের মহান্ আশীর্কাদ। তৃঃখ-তুর্য্যোগই মামুষকে আগুনের মত পোড়াইয়া পোড়াইয়া খাদমুক্ত করিয়া খাঁটি সোনায় পরিণত করে, তৃঃখ-তুর্য্যোগই আঘাতের পর আঘাত দিয়া ল্রান্ডির নেশা ভাঙ্গিয়া জীবনকে সম্পূর্ণ নির্দ্ধোষ করিয়া গড়িয়া ভোঙ্গে; তৃঃখ-তুর্ব্যোগের ভিতর দিয়া মামুষের জন্ম-ক্ষন্মান্তরের আঁধার কাটিয়া যায়, জীবনের সমস্ত

কৃটি বিচু।তি ও গলদ দূর হইয়া মনঃপ্রাণ নির্মাল পবিত্র হয়। তখন মাহুবের জীবনে এমন এক পরিবর্ত্তন, এমন এক ভাবের প্রেরণা আসে, মাহা দেখিয়া সে নিজেই অবাক হইয়া যায়।

তৃঃখ-তৃর্ভোগ মামুষের জীবনে এক মহাপরীক্ষা। তৃঃখ-তৃর্ভোগের নময়ই মামুয়ের বলবীয়া, বিক্রম-পরাক্রম, বৈয়া-ভিডিক্ষা, সাহস-অধ্যাসায়ের প্রকৃত পরীক্ষা হয়। সাধক জীবন-পথে ঠিক-ঠিক কতদূর মগ্রসর হইল; অন্তরের পশুতকে দূরীভূত করিয়া দেবত ও মহতকে কতথানি প্রতিষ্ঠা করিতে সক্ষম হইল, তাহার প্রকৃত নির্ণয় হয় তৃঃখচ্বোগের তৃঃসময়ে। জীবনের কতটুকু থাঁটি আর কতটুকু মেকী, তাহা এই সময় ধরা পড়িয়া যায়। তখন সাধক নিজের ভাব ও অবস্থা ঠিক বৃঝিয়া তদমুযায়ী সাধনা লাইয়। চলিতে সক্ষম হয়।

তৃঃখ-তুর্য্যোগ মামুষের জীবনে এক মহাশুভক্ষণ, শ্রীভগবানের সহিত 
কুক্ত হইবার এক পরম অবলম্বন। তৃঃখ-তুর্য্যোগের ভিতর পড়িয়া মামুষ
তাহার সমস্ত দোবক্রটি, গলদ ও তুর্ববলতা উপলব্ধি করিয়া সম্পূর্ণ
নিরভিমান ও ভগবং নির্ভরশীল হইবার স্কুযোগ পায়, সমস্ত মনঃপ্রাণ
দিয়া তাহার আশ্রম গ্রহণ করিবার অবসর ঘটে।

তঃখ-ত্র্রোগই মানুষের পরম মিত্র। স্থ-শান্তি-প্রাচ্র্য্য মানুষকে মদান্ধ করিয়া ভগবৎ-ত্মতি ও আত্মকর্ত্তব্য ভূলাইয়া অধঃপতনের দিকে আগাইয়া দেয়, আর তঃখ-ত্র্যোগ মানুষকে আত্মত্মতি জাগাইয়া সম্পূর্ণ নিছলুব, নিরভিমান ও ভগবন্মুখী করিয়া ঞীভগবানের করুণাশীয় লাভের শুভ স্থ্যোগ আনিয়া দেয়।

তৃঃখ-তৃর্ব্যোগই সাধকের জীবনে উন্নতির পরিচারক। পার্ববভাপথে চড়াই উৎরাই না আসা পর্যান্ত যেমন অঞার্গতি হয় না, ভেমনি জীবনপথেও তুঃখ-তুর্যোগ না আসিলে উন্নতি হুরু হর না। যখনই দেখিবে যে, তুঃখ-দৈশ্য-অহুখ-অশান্তি-বিপদাপদ আসিয়া চতুদ্দিক হইছে ভোমাকে প্রাস করিতে উপ্তত হইয়াছে, তখনই বৃঝিবে যে, এতদিন পরে তোমার জীবনের স্তিচ্কার অপ্রগতি, উন্নতি হুরু হইয়াছে। হুতবাং হতাশ হইও না, ভয়ে বিহ্বল হইয়া হাল ছাড়িয়া দিও না। গৈয়া ধরিয়া সাহস করিয়া হাল ধরিয়া থাক, বীরের মত আত্মরক্ষায় সচেই হও; শীভগবান স্বয়ং আসিয়া তোমার সহায় হইবেন, সমস্ত বিপদাপদের ধূলি-জ্ঞাল ঝাড়িয়া সম্প্রেত তোমাকে কোলে তুলিয়া লইবেন। জীবন্তখন ধন্ম ও কৃতার্থ হইবে—শান্তি, কল্যাণ ও শীতে মণ্ডিত হইর উঠিবে।

# ্ৰভোটখাট দোষত্ৰট

সভাবের ছোটখাট দোষক্রটি-গলদগুলিকেও কখন উপেক্ষা ব রিং না। কেন না, দৈনন্দিন জীবনের গতিপথে সেগুলিও মানুষকে ক হয়রান করে না।

বড় বড় দোষক্রটিগুলি সহজেই ধরা পড়ে বলিয়া মানুষ অনায়াসে!
সাবধান হইতে পারে, কিন্তু ছোটখাট ভুলক্রটি সাধারণতঃ কাহারং
দৃষ্টিতে আসে না, তাই মানুষ স্বভাবতই সেই বিষয়ে উদাসীন থাকে
ফলে, রোগঞ্জীবানুর মত অলক্ষ্যে থাকিয়া তাহা মানুষের জীবনে:
ভিত্তি ও চরিত্রের দৃঢ়তা শিথিল করিয়া দেয়। ওধু ভাই নয়, ছোটখার্

াবক্রটি**গুলিই উপেক্ষার ফলে ক্রমশঃ বর্দ্ধিত হইরা মারাত্মক হইরা** ঠে। তাই সাধককে এই বিষয়ে পুব সাবধান হইতে হইবে।

জীবন গড়িয়া তুলিবার জন্ম কৃতী ছাত্রের পাঠাভাসের মত ধেকেরও নিয়মিতভাবে কঠোর সাধনাভ্যাসের প্রয়োজন। প্রতিদিন ভাষে শ্যাত্যাগের পূর্বের স্বভাবের দোষক্রটিগুলি নিরসন ও নধিগত গুণাবলী অর্জনের জন্ম সক্ষয় গ্রহণ করিতে হইবে এবং ব্রিতে শ্যাগ্রহণের সময় সমস্ত দিনের কার্যাবলীর হিসাব-নিকাশ ও নিসক অবস্থার কতচুকু উন্নতি সাধিত হইরাছে, তাহা বিচার বিশ্লেষণ রিয়া দেখিতে হইবে। এমনিভাবে প্রতিদিন দোষ-ক্রটির পরীক্ষা সংশোধন এবং গুণের অন্ধূলীলন করিতে থাকিলে ধীরে ধীরে গোবিকশিত গোলাপের মত এমন একটি মহৎ জীবন গড়িয়া উঠিবে গাব দীপু মহিমায় সমগ্র দেশ ও জাতি সমুজ্জল হইবে।

নূতন পাঠাভ্যাসের মত নূতন সাধনাভ্যাসেও প্রথম প্রথম প্রবিধা মনে হইবে, অনেক সময় এমন বিরক্ত ও অধৈধ্য আসিবে যে, মপ্ত কিছু ছুঁড়িয়া ফেলিয়া দিতে ইচ্ছা করিবে, কখনও কখনও হয়তো হা অসম্ভব মনে হওয়ায় হতাশা নিরাশা দেখা দিবে; কিন্তু কিছুতেই চিলিত হইও না। জন্মজন্মান্তরের বিরুদ্ধ প্রকৃতি ও সংস্কার, স্তদীঘনিকের বিপরীত অভ্যাস ও প্রচেষ্টা ছুই একদিনেই দূর হয় না: এইজ্জা ময়ের প্রয়োজন, সাধনার আবগুক। ধৈধ্য ধরিয়া কিছুদিন চলিতে রিলে, প্রারম্ভিক অম্ববিধা ও কষ্ট দূর হইয়া সমস্ত বিষয় সহজ্বসাধ্য ইয়া আসিবে। তখন ধীরে ধীরে বেশ উৎসাহ ও আনন্দ পাওয়া হিবে। এক একটি গুণ অর্জন ও দোষ দূরীভূত হওয়ার সঙ্গে সংজ্বাধ্য হিন-সাধল্যের নূতন শক্তি অমুভূতি ইইতে থাকিবে এবং সাহস ও

আত্মবিশ্বাস ফিরিছ। আসিবে। প্রাথমিক আড়ষ্টতা ও সঙ্কট কাটিয়া গেলে জীবনের যে ত্র্দিমনায় গভিবেগ দেখা দিবে, তাহা আর কিছুতেই প্রতিহত হইবে না।

জীবন-গঠন-প্রচেষ্টায় সর্ববদা নিশ্মম, নির্ভীক হইও। সামাশ্র ক্রটি বিচ্যুতিকেও কখনও রেহাই দিও না, একে একে ক্ষুদ্রভম ত্র্বকাতাটিকে পর্যান্ত নিষ্ঠুরভাবে সমূলে উৎপাটন করিও। দেখিও, কোখাও যেন কোন ফাঁক না থাকে। তাহা হইলে সেই ছিন্দ্রপথেই ধ্বংসের বীজ প্রবেশ করিয়া ভোমার জাঁবনের সকল প্রচেষ্টাকে ধূলিসাৎ করিয়া ফেলিবে।



#### বিবেকী ও অবিবেকী

বিবেক-বিচারবান্ ব্যক্তি সর্ববদা স্থায় লক্ষ্যের প্রতি দৃষ্টি নিবা রাখিয়া জীবনের অপূর্ণ কর্ত্তবা সম্পাদনে অধিকতর মনোযোগী হয়, তা বিবেকহীন মানুষ জীবনের লক্ষ্যের প্রতি অন্ধ ও উদাসীন হইয়া জরুদ দায়িত্ব সাধনে নিশ্চেষ্ট থাকে। বিবেকী প্রতিনিয়ত যথেষ্ট কিছু করিয়া মনে করেযে, জীবনের মহোচচ লক্ষ্য সাধনে উহা নিতান্তই অকিঞ্ছিৎক আর অবিবেকী সামান্ত কিছু করিয়া ফেলিয়াছে এবং তাহার জন্ত সে মা মনে আত্মপ্রসাদ ও আত্মগোরব লাভ করিয়া থাকে।

বিবেকীর সঙ্গাগ দৃষ্টি সর্বাদাই সম্মুখের দিকে সম্প্রানরিত, সে ব গুণে গুণারিত এবং অগাধ পাণ্ডিত্যে পণ্ডিত হইয়াও মনে করে ( "অনন্ত জ্ঞান-সমৃত্য সম্পূৰ্ণ, আমি শুধু তীরে বসিয়া উপলখণ্ড সংগ্রহ করিছে।" আর অবিবেকী কোন গুণে গুণান্বিত বা বিন্দুমাত্র জ্ঞানের অধিকারী না হইয়াও ভাবে—"আমি অন্তের অপেকা কম কিনে? আমার মত জ্ঞানী গুণী, বিচক্ষণ কয়জন আছে।"

বৃদ্ধিমান ব্যক্তি অতীতে কি করিয়াছে লা-করিয়াছে তাহার অযথা হিসাব-নিকাশ বরিয়া অমূল্য সময়ের অপবাবহার করে না, সে সর্বদা বিচার করিয়া দেখে যে গন্তব্য স্থানে পৌছাইতে হুইলে তাহাকে বর্তমানে কি করিতে হুইরে, কিভাবে অভাব-অভিযোগ-দোষ-ত্রটি দূর করিয়া জীবনকে অতি ক্রত আদর্শান্তুসারে গড়িয়া তোলঃ যাইবে। আর নির্বোধ ব্যক্তি অতীতের কোন্ অজানা দিনের অজানা ক্ষণে লোক-চক্ষ্র অস্তরালে বসিয়া কি বরিয়াছে লা করিয়াছে তাহাবেই জমকালো করিয়া ধরিয়া সকলের নিকট হুইতে বাহাছ্রী পাইতে ব্যস্ত, বিস্তু স্থীয় বর্ত্তমান ও ভবিষ্যুৎ জ্বীবনে গুরুত্র কর্ত্তব্য সম্পাদনে একেবারেই অলস ও নিশ্চেট।

প্রকৃত বিদ্বান্, বিবেকী ব্যক্তি তাহার বিভাবৃদ্ধি পাণ্ডিতা এবং সভাবের দোষক্রটি-অভাব-অভিযোগ সঙ্গন্ধে সচেতন, তাই সে সর্বদোই বিনীত ও শিশিকু; আর প্রকৃত মূর্য অবিবেকী ব্যক্তি তাহার দোষক্রটি-অভাব-অভিযোগ,—এমন কি অজ্ঞতা সন্থান্ধেও সম্পূর্ণ অচেতন, উদাসীন ও অজ্ঞ, তাই সে কাহারো নিকট ইইতে কোন কিছু শিখিতে অনিচ্ছুক।

প্রকৃত পণ্ডিত ব্যক্তি অফের ভিতরের গুণ আবিষ্কার করিয়া লইয়া
নিজ জীবনে তাহা অনুশীলন করে, আর অজ্ঞ ব্যক্তি অফোর সমস্ত
গুণ ও মহত্বকে উপেক্ষা ও অস্বীকার করিয়া তাহার মধ্যে কোথায় কি
দোষক্রটি রহিয়াছে তাহা খুঁ জিয়া বাহির করে এবং নিজের ও অপরের

ক্ষতি করিয়া থাকে। প্রকৃত জ্ঞানী সর্ব্বদা অপরের নিকট হইতে জ্ঞান আহরণ করিয়া নিজের জ্ঞানভাণ্ডার পূর্ণ করে, আর অজ্ঞানী অপরের নিকট ছোট হইবার ভয়ে নিজের অজ্ঞতাকে ঢাকিয়া স্বীয় অজ্ঞানভাকে বাডাইয়া তুলিবার স্রযোগ দেয়।

প্রকৃত মহান্, বিবেকী যে, সে আত্মপ্রশংসায় ক্ষুপ্প ও অপরের প্রশংসায় উৎফুল্ল হয়, আর সংকীর্ণচেতা অবিবেকী ব্যক্তি আত্মপ্রশংসায় ক্ষুপ্প হইয়া উঠে। মহৎ যে, সে অপরকে মহৎ ও বড় হইতে দেখিলে আনন্দিত হয় এবং সর্বপ্রকারে তাহাকে সাহায্য করে, আর সংকীর্ণ চেতা ক্ষুদ্রপ্রাণ ব্যক্তিই অহাকে বড় হইতে দেখিলে স্থিয়া মরে ও নানাপ্রকার বাধা স্থি করিয়া তাহাকে দাবাইয়া রাখিতে চেষ্টা করে। বিজ্ঞ ব্যক্তি সর্বকা সকলকে যথোচিত শ্রানা ও সন্মান প্রদর্শন করায় সকলের নিকটে গৌরবান্ধিত হয়, আর সাধারণ লঘুচিত ব্যক্তি অহার নিকট ছোট হইবার ভাষে নিতাত যোগ্য ব্যক্তিকেও শ্রান্ধা ও সন্মান প্রাদানে কৃষ্ঠিত হইয়া অপরের নিকটও হেয় হয়।

এমনিভাবে বিবেকী ও অবিবেকী সর্বাদা শুধু বিচারের তারতম্যে এক জন ক্রমশংকী মহন্ত্রের তুঙ্গ শুঙ্গে অধিরোহন করিছেছে, আর এক জন অনবর্গুই অধঃপতনের স্থানি, গহুববে নিপতিত হুইতেছে। এক জন ক্রেমশংকী সকলের শ্রাদা-সম্মান, আদর-যত্ন ভালবাসা লাভ করিয়া গৌরবান্তি হুইয়া উঠিতেছে, আর একজন ক্রেমশংকী সকলের নিকট হুইতে অনাদ্ধ, অশ্রাদ্ধান ও উপেক্ষা লাভ করিয়া হেয় হুইয়া পড়িতেছে। বিচারের ভুলা কি সাংঘাতিক!

আত্মন্! বিবেকীর জ্ঞানচক্ষু ও সাবধানী দৃষ্টি লইয়া জীবনের ক্ষুত্রধার তুর্গম পথে পদক্ষেপ কর! অপানের পায়ের নীচ দিয়া চলিয়াও যদি মহত্ত অজ্জন করা যায়, তবে তুমি তাহাই কর; আর মাধার উপর দিয়া চলিয়াও যদি আদর্শচাত, লক্ষাত্রপ্ত, মনুষ্যন্ত্রীন হইতে হয়, ত্বে তমি তাহাকে ঘুণাভৱে উপেক্ষা করিয়া চল। মনে রাখিও. অপরের নিকট বড হওয়া বা ছোট হওয়ার দিকে দৃষ্টি দেওয়া মানুষের লক্ষ্য নয়, মানুষের লক্ষ্য—জীবনের চরম বস্তু, শ্রেষ্ঠ তর মহত্ব অভ্জুন। এই উদ্দেশ্য সাধনের জন্ম যে ছোট গুরুষ, তাহা বড হওয়াই নামান্তর: এই উদ্দেশ্য সঙ্গন্ধে উদাসীন হইয়া যে বড হওয়ার চেষ্টা ভাহা শুধ ছোট হওয়। নয়, আত্মধান বা আত্মহত্যা। প্রত্যেক বিষয়েরই পরিণাম দেখিয়া লাভ-লোকস'ন বিচার করিতে হয়। লাভ ও শেষ জয়ই প্রকৃত লাভ ও জয়। লালাবাব তাঁহার সাংসারিক জীবনের প্রবল প্রতিদ্বন্দীণ নিকট ভিক্ষাপাত্র হস্তে উপস্থিত হইয়া জীবনের চরম পরীকায় উত্তীর্ণ ১ইয়াছিলেন। তাঁহার এইরূপ আত্যান্তিক নির্দ্ধ স্বভাবই মহত্ত্বেব পরিচায়ক। বিপুল ঐশ্বহাের স্তর্পের উপর স্পর্কা-উন্নত শিবে দণ্ডাগ্রমান ১ইগ্রা যে প্রতিদ্ধ স্থীকে কোনদিন অবনত করা সম্ভব হয় নাই, সক্রভাগী বিরাগীর দীনহীন বেশে ভিক্ষান্ত্রের জন্ম অবনত মস্তকে উপনীত এইয়াই তাহাকে অবনত করা উত্তার পক্ষে সম্ভব হুইয়াছিল। বিষয় মদমত স্পদ্ধিত শির এমনি ভাবেই ত্যাগ-মহিমা-সমুজ্জল আদুর্শের চরণ প্রান্তে লুপ্তিত হইয়া চির্ভন মহত্ত্বে জয় ঘোষণা করে। স্নতরাং আবারও বলি সাবধান। আপাত-মনোরম পরিণাম-ভয়াবহ বিষয়-মরীচিকার কুহকে প্রলুক হইরা বিপদকে ভাকিয়া আনিও না। আপাত-হংখময়, পরিণামে শান্তিষরূপ মহান মহত্ত্বে সাধনায় আত্মনিয়োগ করিয়া জীবনের চরম আকান্মিত -বস্তু---পরম শান্তি ও ভূমানন্দ লাভে বত্নবান হও।

#### জাগতিক ভালবাসা

জাবন-পথের অভিযাত্রী সাধক! এই স্বার্থ-মলিন জগতে তুমি কাহারও নিকট কখনও ভালবাসা চাহিও না, ভোমার প্রাণভরা দরদ, প্রীতি ও স্বেহান্থরাগের বিনিময়ে কাহারও নিকট আবার তাহা প্রত্যাশা করিও না। এখানে ভোমার প্রীতি ও তৃপ্তির জন্ম ভোমাকে ভালবাসিবাব, ভোমার স্নেহান্থরাগের জন্ম তোমাকে দরদ করিবার লোক অভি বিরল। প্রভাকেই এখানে নিজেকে নিয়া অভিমাত্র বাস্ত: যাব যেদিকে আসক্তি ও আকর্ষণ, যার যে-বিষয়ে প্রীতি ও তৃপ্তি সে সে-দিকে সেই বিষয়ে দিগ্রিদিগ্ জ্ঞানশূল হইয়া উন্মাদের মত ছুটিয়া চলিয়াছে; যেখানে মাপনার ভাব বা কল্পনান্থরাপ প্রীতি ও তৃপ্তিকর কিছু পাইতেছে, সেখানেই সে (আনন্দ লাভের আশায়) আপানাকে বিলাইয়া, বিকাইয়া দিভেছে; যে পর্যান্থ কোন ঘাত প্রতিঘাত বা যাজনাকর প্রতিক্রিয়া উপস্থিত না হয়, সে পর্যান্থ অন্থা কোন দিকে

মানুষ ভালবাসার বিনিময়ে ভালবাসা চাষ, প্রাণের বিনিময়ে প্রাণের আচাজা করে, কিন্তু নিজের প্রাতি ও প্রয়োজন ব্যতীত অপরের প্রীতি ও প্রয়োজনের দিকে কেহ ফিরিয়া তাকায় না! বন্ধুতে বন্ধুতে, স্থায় স্থায়, প্রেমিক প্রেমিকায় কত না প্রেম-প্রীতি সোহাগ, অনুরাগ, দরদ, ভালবাসা— সাময়িক বিচ্ছেদ-ব্যবধানে কত না হা-ত্তাশ, তুঃখ-মনস্তাপ, ক্ষণিকের অদর্শনে কত না উৎক্ঠা উচাটন! কিন্তু কয় দিন! তুই দিন যাইতে না যাইতেই নবামুরাগের মেহি

টুটিয়া যায়, আসন্তির বন্ধন শিথিল হইয়া আসে, পরস্পরের প্রীতি ও তৃথি আবার ভিন্ন ধারা অবলম্বন করিয়া ভিন্নপথে ছুটিতে থাকে। তখন পূর্বে বন্ধুর কথা আর স্মরণেও আসে না; তার আকুল আর্প্তনাদ, মর্মান্ডেদী হাহাকার কেবল নির্ম্ম উপেক্ষা ও প্রভ্যাখ্যানের প্রতিদান লইয়া গৃহকোণের জঞ্জালের মত দূরে নিক্ষিপ্ত হয়। হায়, কত বিনিজ্ঞ রক্ষনী একত্র যাপন, নীরব নিভ্তে কত মধুর প্রীতি-আলাপন, কত আন্তরিক প্রেম নিবেদন—সবই তখন নৈশ স্থপ্নে প্র্যাবসিত। নবাগত বন্ধুর নূতন প্রীতি অনুরাগ কেন প্রাতনের প্রীতি অনুরাগকে পথের ধূলায় ঠেলিয়া ফেলিয়া দিয়া আপনাকে তায়ার স্থানে প্রতিষ্ঠি করে। আবার নূতন অক্টের নূতন অভিনয় হ্লুক ইইতে থাকে। ইহাই জাগতিক স্বার্থপদ্ধিল ভালবাসার চিরন্তন নিয়্মা।

পিতা পুত্রকে স্নেচ কবে, স্বামী স্ত্রাকে ভালবাসে, বেননা, ভাগারা তাহাতে প্রীতি অমুভব কবে। বস্তুতঃ ইহার মূলেও নিজের প্রীতি ও তৃপ্তিই বিজ্ঞমান; পুত্র বা স্ত্রীর প্রীতি বা তৃপ্তি নয়। আর তাগা কি করিয়াই বা সম্ভব ং কামনাযুক্ত মামুষ খোনে বাতাহত তৃপের মত কামনা-বাসনা-আশা-আকাঙ্খা দ্বারা আড়িত হইং। প্রতিনিয়ত কেবল বিষয় হইতে বিষয়াভবে ছুটিয়া বেড়াইতেছে। তাহার আবার অপরকেনিঃস্বার্থভাবে ভালবাসিবার স্বাধীনতা কোথায় ং সেই সংমর্থই বা কই ং বাসনার ক্রীতদাস মামুষ ভালবাসাব নামে আপনার বাসনার চির্তার্থভার জ্ব্রুই উদ্প্রীব। (ক্রীতদাস হিসাবে তাহাই সে করিতে বাধ্য, বা করিয়া উপায়ান্তর নাই) তাই সে প্রতিনিয়ত স্বীয় কল্পনা ও কামনায়্ক করিয়া উপায়ান্তর নাই) তাই সে প্রতিনিয়ত স্বীয় কল্পনা ও কামনায়্ক করেয়া উপায়ান্তর নাই) তাই সে প্রতিনিয়ত স্বীয় কল্পনা ও কামনায়্ক করেয়া উপায়ান্তর নাই) তাই সে প্রতিনিয়ত স্বীয় কল্পনা ও কামনায়্ক করেয়া উপায়ান্তর নাই) তাই সে প্রতিনিয়ত স্বীয় কল্পনা ও কামনায়্ক করেয়া উপায়ান্তর নাই তাহাতে তে টুকুক্

মক্সিয়া যাইতেছে। বস্তুতঃ, এ ভালবাসা—স্বীয় অন্তরস্থিত স্ব-কপোল-কল্লিত কতকগুলি ভাবের উপর ভালবাসা, একটা মানসিক বৃত্তি। মানুষ ভালবাসার নামে আপনার অন্তরের প্রীতিকর কতকগুলি অশরীরী ভাবকে অপরের ভিতরে আরোপ করিয়া তাহাকে শরীরী করিয়া তুলিয়া স্বীয় বাদনা চরিতার্থ করে। যতদিন পর্যান্ত যাহার উপর এই ভাবগুলি যভটুকু আরোপিত হয়, ততদিন পর্যান্তই তাহার উপর ততটুকু ভালবাসা পাকে। তাহার প্রতি কথা কানে সুধা ঢালিয়া দেয়, তার হাসি, তার হাবভাব অঙ্গস্পার্শ সব কিছু যেন মধুর হইতে মধুরতর বলিয়া মনে হয়। কিন্তু কিছুকাল পরেই যখন দেই আরোপিত ভাবগুলি রূপান্তুরিত হইয়া নূতন পাত্রে পাত্রান্তরিত হয়, তখন তাব সঙ্গে সঙ্গে ভালবাসাও পাত্রাস্থিত হইয়া পাকে। ইহাই জাগতিক ভালবাসার বী ৬ংস নগ্নমৃতি। এই ভালবাসার শাণি ও আনন্দ ততক্ষণই অকুপ্প পাকে, যতক্ষণ পর্যান্থ উভয়ের স্বার্থ তাভিন্ন পাকে এবং প্রস্পাবের স্থারা প্রম্পানের বাদনা পূর্ণ ও প্রীতি চবিতার্থ এয়। কিন্তু য**খনই** একজনের ভালবাসা অক্ট্র থাকে এবং অপরের ভালবাসা পাত্রাক্তরিত হয়, পরস্পরের দ্বারা **প্রস্পরের** প্রয়োজন পূরণের ব্যাঘাত ঘটে, তখনই ইবাবে আগুন জ্বলিয়া উঠে, অশান্তির ঝড় দেখা দেয়। এমনি ভাবে কামনাসক্ত মানুষ দিনের পর দিন অন্যংসারহীন মিখ্যা ভালবাসার পণা লইয়া নিজেকে ও অপহকে শুধু প্রভারণা করিয়া বেড়াইতেছে। দেই কামগন্ধগীন, নিঃস্বাৰ্থ স্থানীয় প্ৰেম-প্ৰীতি-ভালবাসাকে কামমলিন জগতে টানিয়া আনিয়া বাসনা ও ফার্থের পীড়নে বৃপাই কেবল অংমাননা কবিটোছে ৷ এখানে প্রকৃত ভালবাসা নাই, কাহারও জ্ঞু কাহাব্দ সভাকার প্রেম প্রীতি দর্দ সগস্ভৃতি নাই,—শুধু ভান, শুধু

প্রবঞ্চনা প্রভারণা, মরুভূমির মাহা মনীচিকা! ভাই এ-ভালংগায় নিরবচ্ছির মুখ শান্তি আনন্দ নাই, আছে অস্তুখ অশান্তির ভীব্রদাবদাহ। মামুষ ভালবাসার নামে সংশয়-সন্দেহ-অবিশ্বাস, ঈর্ষা'-বিদ্বেষ-পর্ম্ঞী-কাতরভা, বিচ্ছেদ, উপ্লেশা ও প্রভ্যাখ্যানের ত্র্যানলে প্রতিনিয়ত জ্বলিয়া পুড়িয়া মরিভেছে, কিন্তু তব্ও ভাহার ক্ল'স নাই। আত্মনিম্বৃতির মোহঘোর কাটাইবাব কোন চেষ্টা যত্ন উল্লোগ পর্যান্ত নাই। আত্মান্তের পর আত্মান্ত খাইয়াও সে অপ্রকৃতিস্থ অবস্থায় মোহ-গহবরে ছুটিয়া চলিভেছে দিনের পর দিন।

সাধক! তৃমি কখনও জাগতিক ভালবাসার কাঙাল সাজিও না। ভোমার পবিত্র প্রেমপাত্র লইয়া কখনও কামমলিন স্বার্থ-মৃত্ মান্তবের দারে উপস্থিত হইও না। এই জগতে যদি কাহাকেও ভালবাসিতে হয়, তবে তৃমি শুধু জাঁহাকেই ভালবাসিও, যিনি—

> "বিপল্লের ত্রাণকর্ত্তা নিরাশ প্রাণের আশা, পাপপথে পবিশ্রাম্য ভ্রাম্য পথিকের ভরসা।"

আর যদি কাহারও ভালবাসা পাইতে কখনও সাধ হয়, তবে তাহা ভগবানের কাছেই চাহিও, তিনি তেনোর তপূর্ণ ক্ষন্ত পূর্ণ করিয়া দিবেন! এই জগতে তোমার কলাগেও প্রীতির ভলা তেনাকে ভালবাসিবার, তোমার প্রাণের জ্ঞালা বুঝিয়া তোমাকে দংল কবিকার যদি কেছ পাকে, ভবে আছেন মাত্র সেই একজন। তিনি সকলের স্থাবে-তঃখে, সম্পদে-বিপদে, আশা-নিরাশায় তুলা কলু; জীবনে-মরণে, শয়নে-স্থপনে নিভাসাধী। জীবনের ঘোর ছদ্দিনে কালবৈশাধীর প্রবল বাড়বঞ্গপূর্ণ বিভীষিকাময়ী রজনীর অমান্ধকারে যদি ভোমায় একে একে সকলেই পরিভাগে বরে, তথাপি তিনি কখনও ভোমাকে

পবিত্যাগ করিকেন না। বিপদ যতই ঘনাইয়া আদে, ছংখ-ছর্দিশা যতই চনমে উপস্থিত হয়, অশান্তির দাবানল প্রাণমনকে যতই অধীর অস্থির করিয়া তোলে ততই তাঁহার করুণা উচ্ছুলিত হইয়া উঠে। তিনি কাছে আগাইয়া আন্দেন, ত্রন্তহন্তে চোখের জল মুছাইয়া দিয়া শান্তি ও সান্তনায় সমগ্র অন্তর ভরিয়া তোলেন। সেখানে কোন প্রবঞ্চনা প্রারাণা নাই, ছংখ-দৈশ্য- সম্থ- মশান্তি হাহাকার নাই, নাই কোন উপেক্ষা মনাদর ও যাতনাকর প্রতিক্রিয়া; সেখানে আছে কেবল শান্তি, শান্তি, আনন্দ, আনন্দ — নির্মাণ, নিরবচ্ছিন্ন, পরিপূর্ণ আনন্দ। সেখানে কোন ভেদ-বৈষম্য নাই, বিরগ-বিচ্ছেদ-ব্যবধান বা প্রত্যাখ্যান নাই, সেখানে কেবল মিলন, মিলন, বিরামহীন চিরমহামিলনের কালজয়ী চিরম্থ-প্রবাহ! সেই ফ্র্যায় নিজ্লুব ভালবাসা চাহিলে, আপনাকে সেখানে রিক্ত করিয়া ঢালিয়া দিলে, সেই পৃত প্রীতিস্পর্শে ত্মি পবিত্র হইবে, তোমার জ্লীবন-জনম ধন্য ও কৃতার্থ হইবে, হুদয় মন সর্ববদা মহানন্দে ভরিয়া থাকিবে।



# তুশ্চিন্তার মোহ

চিন্থাই মানুষের স্থাবছাংশের নিয়ামক। একই ঘটনাসংঘাতে কেছ কেছ অস্থিক, উদ্বিগ্ন ইইয়া উঠিতেছে, আবার কেছ পরম নিশ্চিন্ত মনে শান্তিস্থাৰ কাল কাটাইতেছে। একই অবস্থায় পড়িয়া কেছ অশান্তির আগুণে পুড়িয়। মরিতেছে, আবার কেছ নিক্লিগ্নচিন্তে মহানন্দে অবস্থান করিতেছে। ঘটনা ও অবস্থা যাহাই হউক না কেন, প্রতাকে নিজ নিজ চিন্তামুযায়ী শান্তি ও অশান্তি ভোগ করিতেছে; যে যে-প্রকার চিন্তাকে ভিতরে প্রশ্রেয় দিতেছে, দে দেই প্রকার ফল লাভ করিতেছে। ইহাতে বাহিরের ঘটনা বা অবস্থার প্রভাব যতখানি খাকুক না থাকুক, প্রকৃত্তপক্ষে নিজের উপর নিজের প্রভাব—স্বীয় আত্মশাসনের ক্ষমতা বা অক্ষমতাই (মাত্রাবিশেষ) কার্যাকরী হইতেছে। স্থতরাং রুখা হিশ্বিয়া, তুর্ভাবনা ও অশান্তির দারা মনকে কখনও অযথা ভারাক্রান্ত করিও না। কারণ, তাহাতে অশান্তির জ্ঞালা বৃদ্ধি পায় বৈ কমে না।

ত্লিচন্ত। ত্রভাবনারও মন্ত দড় একটা মাদকতা আছে। একবার কোনক্রমে ইহা কাহাকেও আক্রমণ করিবার স্থােগ পাইলে মুহুরের মধ্যে তাহাকে একেবারে আচ্ছন্ন করিয়া কেলে; ক্রমে মন ত্র্বল হয়, বিচারবুদ্ধি লোপ পায়, অবশেষে মানুষ স্থায় শক্তি দামর্থ, শান্তি আনন্দ, এমন কি স্বাস্থ্য পর্যান্ত হারাইয়া অসাড়, অকর্মাণ্য, নিজ্জীব হইয়া পড়ে। তথন কোন কাঙ্ককর্মা, এমন কি নিতান্ত প্রিয়ন্তনের সঙ্গ, বাক্যালাপ পর্যান্ত ভাল লাগে না! যে-জাতীয় চিন্তা-ভাবনা বা অনুধ্যান মনকে দবল, সভেজ্ব ও উৎসাংপূর্ণ করিয়া তুলিতে পারে, তাহাও বিষবৎ মনে হয়। মানুষ যেন অবশ হইয়াই আপনার অজ্ঞাত্লারে নির্জ্জন স্থান খ্রিয়া লাইয়া লোকচক্ষুর অন্তরালে বসিয়া শুধু ভাবিয়া ভাবিয়া কাল কাটাইতে চায়। তাহাই তাহার তথন ভাল লাগে, কিছুতেই সে তার ত্লিন্তা ও নির্জ্জন আশ্রয় স্থান ত্যাগ করিয়া বাহিরে আসিতে চায় না।

তৃশ্চিন্তা ও তৃর্ভাবনা মাত্রবের এক প্রকার উৎকট ব্যাধি। অঙ্কুরেই ইহাকে বিনাশ করিতে উগ্রত না হইলে ইহার কবল হইতে আত্মোদ্ধার করা নিতান্ত কঠিন হয় এবং বিষময় ফল ফলিতে হুকু করে। তাই প্রথম আক্রমণেই ইহাকে প্রাণপণে বাধা দিতে হইবে। যে জ্বাতীয় চিন্তাভাবনা দ্বারা জীবনের কোন উন্নতি বা লাভ নাই, যাহা আমাদিগকে উত্তরোত্তর উৎসাহদীপ্ত ও উত্তম-সম্পন্ন করিয়া জীবন-সংগ্রামে বিজয়ী করিয়া ভৌলে না, যাহার দ্বারা বৃদ্ধি মলিন, বিচারশক্তি নিস্প্রভ, শরীর ক্রমশঃ ক্ষীণ, মন তুর্বল ও নিস্তেজ হইতে থাকে ভাহা বিষবৎ পরিভাগে করিতে হইবে।

দৈনন্দিন জীবনে যেমন বিভিন্ন কর্ত্তবা সম্পাদনের জন্ম বিভিন্ন সময়
নির্দ্দিষ্ট থাকে, তেমনি বিভিন্ন প্রকার গুরুতর চিন্ধাব জন্মণ্ড বিভিন্ন সময়
নির্দ্দিষ্ট থাকা আবশ্যক। নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট কর্ত্তবা সম্পাদনের মত
নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট চিন্ধা করিতে হইবে। যে চিন্ধা যথন আবশ্যক
(যাহা অন্য সময়ে করা প্রয়োজন) সেই চিন্ধা তথন মনে স্থান দিবে
না। কোনও সময় অনাবশ্যক, অবান্থর চিন্ধা-ভাবনা আসিয়া মনকে
বিব্রত করিয়া তুলিতে প্রয়াস পাইলে ভাহাকে ভোরপূর্বক ভাড়াইয়া
দিয়া নির্দিষ্ট চিন্ধায় মনোনিবেশ করিবে। একদাভীত, যে বিষয়ে যথন
যতটুকু চিন্ধা করা প্রয়োজন, সেই বিষয়ে তখন তভটুকু চিন্ধাই করিবে,
তদতিবিক্ত নয়। ইহাতে ধীরে ধীরে মনোর্ত্তির উপরে একটা
আধিপতা ক্রিবে এবং চিন্ধার ধারা ক্রমশঃ স্থশুভাল ও সামঞ্জ্যপূর্ণ
হইয়া উঠিয়া ভোমাকে বাজে চিন্ধার আক্রমণ হইতে বক্ষা করিবে।

কখনও গোনও গভীব শোকতাপ বা বিপদাপদের তুর্ভাবনা মনকে পাইয়া বসিলে ভাগতে অভিভূত না হইয়া স্বত্নে কর্ত্তবা নির্দ্ধারণ ও সমস্তাব স্মাধানের জন্ম চেষ্টা করিও। মনে রাখিও—কর্ত্তবা নির্দ্ধারণ বা স্মস্তাব স্মাধানই চিন্তার উদ্দেশ্য, কর্ত্তবা নির্দ্ধারিত বা স্মস্তার স্মাধান হইয়া গেলে বীরের মত পৌক্ষ্ম সহকারে তদমুসারে কার্য্য করায়ই বিপন্মুক্তির সম্ভাবনা, অস্থায় শোকতাপ বা বিপদের তুর্ভাবনা ভাবিয়। নিশ্চেষ্টভাবে বুথা সময় কাটাইলে অথবা শুধু শুধু বুক চাপড়াইয়া হা-ছতাশ করিলে কখনও বিপদের হাত হইতে পরিত্রাণ পাওয়া যায় না। উত্যোগী পুরুষ-সিংহই স্বীধ অসাধারণ পৌরুষবলে বিপদাপদের হাত হইতে নিছুতি লাভ করিয়া আকান্থিত জিনিষ প্রাপ্ত হয়। স্থতরাং বুথা চিন্তায় সময় ও শক্তি ক্ষয় না করিয়া বিপন্মুক্তির চেষ্টায় আত্মনিয়োগ করাই বুদ্দিমানের কার্যা।

দৈনন্দিন জীবন-যাত্রা সফল করিয়া ভলিবার জন্ম যে চিন্তা কর্ত্তব্য নিষ্কারণে সাহায্য করে, যে চিন্তা-ভাবনা শত সহস্র বাধাবিল্প অতিক্রেম করিয়া জীবন-পথে চলিতে সাহস ও প্রেরণা দেয়: যাহা চ্নস্তর সংসার-বারিধিবক্ষে দিশাহার। মানবের দিগ দর্শনস্বরূপ, সেই জাভীয় চিন্তা ভাবনাকেই সর্বপ্রয়ন্ত্র অন্তরে স্থান দিতে হুইবে, প্রতিনিয়ত তাহারই অনুশীলন করিতে হইবে। আমি যখন আমার প্রভু, তখন আমার ভিতরে কোনপ্রকার চিন্তার স্থান দানের স্বাধীনতাও আমারই। স্তুতরাং আমার ভিতরে আমি বলবীর্যাহরণকারী ছশ্চিস্তাকে স্বেচ্ছায় স্থান দিব কেন ৭ জীবনহননকারী তুর্ভাবনাকে প্রশ্রেষ দিয়া স্বেচ্ছায় অহন্তে নিজের শাশান-শ্যা। রচনা করিব কি জন্ম । আমি যদি আমার মনের কবাট বন্ধ করিয়া দেই, তবে আর সেখানে কে প্রবেশ করিতে পারে ? এমনিতর বিচারের দ্বারা হৃদয়দ্বার বন্ধ করিয়া দিয়া ভগবানের নাম জ্বপ ও ভগবচ্চিন্তায় ডুবিয়া পাকিয়া তুশ্চিস্তার মোহ-কবল হইতে আত্মরক্ষা করিতে হইবে, তাহা হইলেই ভিতরে প্রকৃত শান্তি প্রতিষ্ঠিত হইবে।

#### কর্ত্তব্য সাধন

মানুষের জীবনকাল স্থানিদিষ্ট; প্রতিনিয়ত সেই স্থানিদিষ্ট সীমাবদ্ধ জীবনকাল হইতে তিলে তিলে পলে পলে আয়ু ক্ষয় হইয়া জীবনা-বসানের নির্দিষ্ট দিনটি আগাইয়া আসিতেছে। দিন মাস বংসর ঘুরিয়া যে পরিমাণ বয়স বাড়িতেছে ঠিক সেই পরিমাণে দিন মাস বংসর হিসাবে প্রতি মুহুর্গ্তে জীবনকাল কমিয়া ঘাইতেছে। স্থতরাং হেলায় খেলায় দিন কাটাইও না, ক্ষণকালও বুখা বায় করিও না। স্বীয় উদ্দেশ্য সাধনের জন্ম রন্ধনির হও, জীবনে যাহা কিছু করণীয় আছে তাহা এই মুহুর্ত্তেই করিতে আরম্ভ কর। 'আজ্ঞ করি, কাল করি' ভাবিয়া সময় কাটাইলে, স্থাবাগ স্থবিধার আশায় বুখা বসিয়া থাকিলে, অবশেষে একদিন দেখিবে—ধীরে ধীরে এই পৃথিবী হইতে বিদায় লাইবার শেষ মুহুর্ত্ত উপস্থিত, অথচ তোমার অভীষ্ট কর্ত্তব্য সমস্ভই বাকি। তখন শুধুর্থা হা-ছতাশ, তংখ-মনস্ভাপ করিতে করিতেই শেষ নিঃশাস বহির্গত হইবে; কোন কিছু করিবার আর সময় থাকিবে না।

বর্ত্তমানই কর্ত্তব্য-সাধন পক্ষে প্রকৃত সময়। এই প্রকৃষ্ট সময়কে উপেক্ষা করিয়া অনাগত ভবিষ্যতের কল্পিত স্থযোগ স্থবিধার আশায় বিদিয়া থাকিলে সে স্থযোগ-স্থবিধা আর কখনও আসিবে না; অস্থবিধার পর কেবল অস্থবিধা দেখা দিবে, নিত্য মূতন বিদ্ধ আসিয়া উপস্থিত হইবে, উৎসাহ উপ্তম ধৈষ্য ও কর্মশক্তি একে একে অন্তর্হিত হইবে। স্থতরাং জাবনের অভীব্দিত কার্যাকে কখনও ভবিষ্যতের আশায় ফেলিয়া রাখিও না।

আরব্ধ কার্য্য অসম্পূর্ণ রাধিয়া অন্ত কার্য্যে হস্তক্ষেপ করিও না।
যে কার্য্য আরম্ভ করিয়াছ তাহা শেষ করিয়া তবে অন্ত কার্য্যে হস্তক্ষেপ
করিবে। তাহা না হইলে এমন সব আবিলতা আসিয়া জুটিবে, যাহাতে
সেই অসম্পূর্ণ কার্য্য সম্পূর্ণ করিবার স্থযোগ স্থবিধা আর পাওয়া যাইবে
না। আবার পাওয়া গেলেও পুরাতন অসম্পূর্ণ কাজে উৎসাহ ও থৈর্যের
অভাবে হস্তক্ষেপ করিতে ইচ্ছা হইবে না; কেননা, এ জগতে বড় বড়
কাজ করিবার সময় স্থযোগ অনেক পাওয়া যায়। কিন্তু অসমাপ্ত
ছোটখাট কাজ করিবার মত স্থযোগ-স্থবিধা ও উৎসাহ অতি বিরল।
তাই ছোটখাট কাজ যাহা ভবিষ্যতের আশায় অসম্পূর্ণ পড়িয়া থাকে,
তাহা আর সহজ্যে সম্পূর্ণ হয় না।

কাজের প্রাথমিক সাফল্যে গবিব হ ইন্ড না। কারণ, এই তো মাত্র জীবনের আরম্ভ, অনেক বড় বড় কাজ এখনও বাকি। যে ব্যক্তি সামান্ত ছই একটি কাজে সাফল্য লাভ করিয়াই গবের্ব অন্ধ ও উৎসাহে আত্মহারা হয়, তাহার জীবনে বড় বড় কাজের স্থায়ী গৌরব অর্জন সম্ভব হয় না। কোরকেই সেই কুসুম ঝরিয়া পড়ে, বোধনেই বিসর্জনের বাজনা স্থক হয়, প্রারম্ভেই সেই জীবনের সমাপ্তি ঘটে। স্থতরাং সর্বেদা সাধারণ ছোট ছোট কাজে শক্তি, সাহস ও আত্মবিশ্বাস সঞ্চয় করিয়া বৃহত্তর, মহত্তর কর্ত্তব্য গ্রহণে অগ্রসর হও—শ্রেষ্ঠ কর্ত্বব্য সম্পন্ন করিয়া জীবনকে প্রকৃত সাফল্য-গৌরবে গৌরবান্বিত করিয়া ভোল। ইহাই কর্ত্বব্য সাধন ও ক্রেমান্নতি লাভের উপায়।

## ব্যর্থতা ও পরাজয়

ব্যর্থতা ও পরাজ্ঞারে ভিতর দিয়াই জীবনের চরম সার্থকত। ফুটিয়া উঠে, ভুল-ক্রেটি অকৃতকার্য্যতার মধা দিয়াই মানুষ একদিন সাফল্যের পরম গৌরব লাভ করে। স্কৃতরাং জীবন-সাধনার সাময়িক ব্যর্থতা ও পরাক্ষয়ে কখনও হতাশ বা মুহ্মান হইও না।

कोगत्तत अथ वर्ष वस्ततः वर्ष विभागक्ता । प्रःथ-विभिधाः विभागिन, বার্থতা ও পরাজয় সেখানে মানুষের নিতাসাথী। কিন্তু বীর যে, লক্ষ্য-সাধনায় কৃতসঙ্কল্ল যে, সে ভাতে জ্রাক্ষেপ করে না। যে উঠিতে যায় সে-ই পড়ে যে পথে চলে সে-ই হুচোট খায়, কুরধারের ক্যায় শাণিত তুর্গম জীবন প্রথে অভি বড সাবধানীর পদও অনেক সময় ক্ষত-বিক্ষত শোণিতাক্ত হয়, জীবনের কঠোর অগ্নি পরীক্ষায় অতি বড় হীবকেও কখনও কখনও পৰাজয় স্বীকার করিতে হয়। কি হয় ভাতে গ প্রকৃত বীব যে, সে কি ভাতে ভয় পায় 🔋 জীবন-পথের সভিাকার পথিক যে, সে কি সেদিকে ফিরিয়া তাকায়, না থমকিয়া দাঁড়ায় ? তার সেই সময়, সেই অবসরই বা কোথায় ় জীবনের দিন নিদিষ্ট, আয়ু অতি সীমাবদ্ধ। তাহাতে শক্তি-সামথা, মেধা প্রতিভা প্রতিনিয়ত হাস পাইতেছে, জরা-ব্যাধি মৃত্যু আসিয়া ভ্রাকৃটিভয়াল করাল মুখ ব্যাদান করিয়া গ্রাস করিতে উত্তত হইতেছে, সম্মুখে চুরতিক্রম্য স্থুণীর্ঘ জীবন-পণ, জীবন-লক্ষ্য এখনও দূরে— অতি দূরে। স্কুতরাং বৃদ্ধিমান বিচক্ষণ ব্যক্তি বৃথা হা-ছ-ভাশ ছঃখ-মনস্তাপে সময় ও শক্তি নষ্ট কবে ন।। সে বীরবিক্রমে সমস্ত বাধাবিদ্ধ, বিপদ-আপদকে পায়ে দলিয়া, ব্যর্থতা ও পরাজয়কে অগ্রাহ্য

করিয়া ভীবনের পথে অগ্রসর হয়। যত বার পড়ে, ওত বার ওঠে, তত বার চলে। এক একবার পড়ার সঙ্গে, এক এক ধাপ পশ্চাৎপদ হওয়ার পর আগাইয়া যাওয়ার জন্ম শত সহস্র গুণ চেপ্টা যথ, অনন্ত অফ্রস্ত উৎসাহ-উভ্ভম, আকুলতা-ব্যাকুলতা, সাহস ও অধ্যবসায় জাগরাক হয়। কাহারও জ্র ভঙ্গীতে সে দমে না, কাহারও নিরুৎসাহ-বাণীতে সে টলৈ না; কারণ সে জানে— অকৃতকার্য্যভাই কৃতকায়্যভার সোপান (Failures are the pillars of success)।

'Struggle is life.'—সংগ্রামই জীবন। নিপ্র, নিম্পন্দ, প্রাণ্থীন যে, জড় প্দার্থের মত নিশ্চল গতিহীন যার জীবন, তাব নিকটই কোন ঝডঝঞা বিপদাপদ আসে না, জয়-পরাজয়, উত্থান-পতনের কোন প্রশ্নই দেখানে উঠে না। কিন্তু পার্ববতা নদীর মত তুর্ববার গতিশীল যার জীবন, প্রতিনিয়ত মহান লক্ষ্যে দিকে উদ্দাম গতিতে আগাইয়া চলিতেছে যে, তাহার সম্মুখেই সমস্ত বাধাবিদ্ব বিপদাপদ তুল জ্ব্য পর্বতের মত মন্তক উত্তোলন করিয়া দাঁডায়, তাহাকেই হস্তর কানত-কান্তার, গিরি-গহরু, সাগ্র-পর্বত, মরু-প্রান্তর ভেদ করিয়া জীবনের গন্তব্য পথে ছুটিতে হয়। জীবন-লক্ষ্যের সন্ধানী সাধক তাই বাড়ের নৌকার মাঝিব মত মহাত্র্য্যোগের উন্মাদ হাত্যায় পাল তুলিয়া দিয়াই জীবনের পথে জয়যাত্রা স্তরু করে। মাধার উপরে বজ্র কড্কড্ করে, বিতাৎ-চমকে চক্ষু ঝলসিয়া যায়, কালবৈশাখীর প্রলয়-বঞ্চা রুক্তভালে মাতিয়া উঠে, বিশাল বারিধির উত্তাল তরঙ্গমালা সরোধে ফেনিল উচ্ছাসে গর্জ্জিয়া আসে—কিন্তু সাধক নির্ভীক, নির্বিকার, কোন দিকে তার ভ্রম্পে নাই : গুর্জ্বর সাহদে ভর করিয়া, দর্বে প্রকার গুঃখ-বিপত্তিকে মাধায় লইয়া, সমস্ত বিরুদ্ধতার বিরুদ্ধে সংগ্রাম করিতে

করিতে সে আগাইয়া চলে সম্মুখের দিকে দৃষ্টি সম্প্রসারিত রাখিয়া। বার যোদ্ধার যেমন সংগ্রামেই আনন্দ, যুদ্ধান্দত্তে উপস্থিত হইদেই যেমন তাহার সমস্ত অপপ্রত্যক্ষ পংম উল্লাসে নাচিয়া উঠে, বার সাধকেরও তেমনি বিপদেই আনন্দ, বাধাবিদ্ধ ঘাত-সংঘাত আসিলেই তাহার ভিতরে সিংহশক্তি হুস্কার দিয়া উঠে। প্রতি মুহুর্ত্তের সংঘর্ষের ভিতর দিয়া সে আহরণ করিয়া চলে লক্ষ্যসিদ্ধির অমোধ শক্তি, সাহস ও অধ্যবসায়।

ভীক কাপুক্ষ যে, সে-ই সংপ্রামে ভয় পায়, জীবন-সাধনায়
আনভিজ্ঞ যে, সে-ই ব্যর্থতা ও পরাজ্যের য়ানিতে ভাঙ্গিয়া পড়ে। বি হ
আভিজ্ঞ বাক্তি জানে ও বুঝে— হঃখ-দৈল্ল, অস্তখ-অশান্তি, বার্থতা ও
অকৃতকার্যাতা কখনও দীর্ঘসায়ী হয় না। সাধকের জীবনে উহা কঠার
পরীক্ষা, অপ্রগতির স্তর। এই সমস্ত শুধু মানুষের বলবীর্যা, বিক্রম্
পরাক্রীম, সাহস-ধৈর্যা, উৎসাহ-উল্লম-অধ্যবসাম্মের পরিমাপ করে, উয়ি
অভ্যাদয় ঠিক ঠিক হইতেছে কিনা তাহার পরীক্ষা করে, আত্মসন্থি
ফিরাইয়া আনিয়া সাধককে তাহার প্রকৃত অবস্থা বুঝিবার স্থ্যোগ দেয়
ব্যর্থতা ও পরাজ্যের ভিতরে সংপ্রামের অভিজ্ঞতা সঞ্চিত থাকে। তাই
প্রতিবারের ব্যর্থতা সাধককে তার পরবর্তী চেষ্টায় সাহায্য করে, শত্তি
সঞ্চার করে।

আত্মন্! তুমি তোমার হতাশা-নিরাশা, তংখ-দৈশু, বিষাদ-অবসাদ গ্লানি-মনস্তাপকে জন্মের মত বিদায় দাও। ক্লৈব্য-দৌর্বল্যকে সবতে দূরে নিক্ষেপ করিয়া একবার বীরের মত মস্তক উন্নত করিয়া দাঁড়াও ক্লীবনের মহান্ সংগ্রাম-ক্লেত্রে যুধ্যমান্ বীর সৈনিক তুমি, পিছতে হটিবার আদেশ নাই, গন্তব্যস্থান সশস্ত্রিস্থাস্থ্রক্ষিত শক্ত্ব্তের পশ্চাতে — দিগ্দিগন্তহীন অনস্ত সম্মূপে। অগ্রসর হও, অগ্রসর হও, নূতন আশায় বৃক বাঁধিয়া পূর্ণোৎসাহে ভর করিয়া ভীমপ্রভঞ্জন গতিতে অগ্রসর হও। মনে রাখিও—

"—হঃখ আছে কত, বিশ্ব শত শত
জীবনের পথে সংগ্রাম সতত,
চলিতে হইবে পুরুষের মত,
হৃদয়ে বহিয়া বল ভাই
আগে চল আগে চল ভাই।"

কিসের ভয় ! কিসের সংকোচ ! একবার শারণ কর সেই পুরুষ-সিংহ শ্বামী বিবেকানন্দের ব্জ্বগন্তীর আশ্বাসবাণী—"Be not discouraged, onward, onward, upon ages of struggle a character is built."

"হতাশ হইও না। আগাইয়া যাও, আগাইয়া যাও, বছকালের সংগ্রাম-সংঘর্ষের ভিতর দিয়াই এক একটি মহান্চরিত্র গড়িয়া উঠে।"

নিজেকে ক্ষুত্র ভাবিও না, অসহায় নিরাশ্রয় মনে করিও না। যদি ঠিক ঠিক ভাবে চলিতে পার, তবে জীবন-পথে তোমাকে সাহায্য করিবার, তুর্লিনে তৃঃসময়ে আশ্রয় ও সান্তনা নিবার মত লোকের কখনও অভাব হইবে না। ঐ শুন যুগাচার্য্য স্বামী প্রণবানন্দের মাভৈঃ মন্ত্র—- "রিপুদমন ও ইন্দ্রিয়-সংযমের ভিতর দিয়া যাহারা মনুয়ান্তের সাধনার ব্রতী, তাহারা আমার প্রাণ অপেকা প্রিয়তর। আমার শক্তি সর্বাদা সর্বত্র ভাহাদিগকে স্থান্য বর্ষের মত রক্ষা করিবে।"

গভীর নিশীথে, নীরব নিভূতে মনপ্রাণকে ভগবলুখী কর, সমস্ত অস্তর দিয়া তাঁছার আশ্রয় ভিক্ষা কর, শরণাগতবংসল তিনি জীবনের ব্যর্থতা ও পরাক্ষয়ের গ্লানি মুছাইয়া আখাস ও সাস্থনায় প্রাণমন জুড়াইয়া তোমার ভিতরে পথ চলার মত সাহস ও শক্তি সঞ্চার করিয়া দিবেন। ওঁশম্।

-:0:--

## চির্দিন কাহারও সমান যায় না

মানুষের জীবন কখনও নিরুশচ্ছন্ন মুখ শান্তি, স্বাস্থ্য সম্পদ, আরাম-বিরামের ভিতর দিয়া কাটে না। মাঝে মাঝে তুঃখ দৈল, অস্ত্রখ অশান্তি, বিপদাপদত দেখা দেয়। রাজা, প্রজা, ধনী দরিজ, বিদ্বান মূর্খ, সাধু অসাধু নির্বিশেষে সকলের জীবনেই এই সমস্ত বিরুদ্ধ অবস্থা সমভাবে উপস্থিত হয়, কাহারও জীবনে ( শুধু রাজা, বিদ্বান বা সাধু বলিয়া ) কখনও বড একটা ব)তিক্রম দেখা যায় না। আজ যে বিরাট রাষ্ট্রের কর্ণধার, দণ্ডমুণ্ডের কর্ত্তা, কাল হয় তো সে-ই এক ভীষণ লৌহার্গলবন্ধ কারাগারের সশস্ত্র শান্ত্রী-স্থর্রাক্ষত অন্ধকার প্রকোষ্ঠে মৃত্যুর প্রতীক্ষা করিতেছে। আঞ্চ যে শত সহস্র ব্যক্তিকে ভূরিভোজনে পরিতৃপ্ত করিতেছে, কাল হয়তো সে-ই কপর্দ্দকথীন অবস্থায় নিদারুণ জঠর-জালায় পীড়িত হইয়া একমৃষ্টি অন্নের জন্ম দারে দারে হাহাকার করিয়া ফিরিতেছে। এখন যাথার লৌহদুঢ় প্রকাণ্ড শরীর শত শত ব্যক্তির প্রাণে ভীতির সঞ্চার করিতেছে, কিছুকাল পরেই হয় তো দেখা ঘাইবে যে, তাহার রোগ-জীর্ণ শরীর শ্যাত্যাগ করিবার জন্ম অপরের সাহায্যের অপেক্ষ। করিতেছে । এই পরিবর্তনশীল জগতে ইহাই সকলের দৈনন্দিন ্ব্রীবনের অভিজ্ঞতা।

কিন্তু মদান্ধ মাত্বৰ তাহা দেখিয়াও বৃষ্ণে কই, বৃঝিলেও তদকুসারে কাজ করে কোথায় ? স্বাস্থ্য, সম্পদ, পদমর্যাদার গৌরবে উন্মন্ত ইইয়া ধরাকে সরা' জ্ঞান করিয়া সে জগতের বৃকে অসহায়, তুর্বল, বৃভূক্ষ্ কর্মকে শুধু আঘাতের পর আঘাত দিয়া পীড়ন করিয়াই চলিতেছে! একবারও সে চিম্থা করিবার অবকাশ পায় না যে, কালচক্রের আবর্তনে তাহারও অবস্থান্তর ঘটিতে পারে। অবশেষে যখন সত্য সত্যই মহাকালের প্রচণ্ড আঘাতে একদিন শক্তি-সামর্থ্য, স্বাস্থা-সম্পদ-ঐশ্বর্যা তাঙ্গিয়া পড়ে, তখন সে চোখের জল ফেলিতে ফেলিতে ভগবানের উপর দোষারোপ করে; কিন্তু একবারও স্বীয় তৃদ্ধৃতির কথা ভাবে না, অন্থায়ের জল অনুতাপ অন্থাশাচনা করিয়া প্রায়শিচত করিতে অন্থাসর হয় না। তাই অপরাধের উপর অপরাধ বাড়িয়া যায় এবং মানুষ আরও তৃর্ভোগ প্রাপ্ত হয়।

জীবন-সাধনার সাধক ! তুমি কখনও অনাগত ছদিন ও ত্রবহার কথা ভূলিং। অহস্কার অভিমানে ফীত হইও না : গতদূর পার নিরভিমান চিত্তে সহার্ভূতির সহিত অপরের সেবা ও সহার্তা কর। আর যদি কিছু না করিতে পার, তবে অন্তঃ হইটী সহায়ভূতিপূর্ণ মিষ্ট কণা শুনাও, তোমার অন্তরের দরদ প্রীতি ও ভালবাসা জানাও, নিজে না পারিলেও অপরের দারা যাহাতে কিছু উপকার হয় তাহার ব্যবহা কর। তাহা হইলে তোমার সহায়ভূতিপূর্ণ মধুর ব্যবহারে সে তাহার জ্ঞালান্মালাপূর্ণ জীবনে কিঞ্ছিৎ শক্তি ও সান্তন্য পাইবে। অন্তথা অন্তথ, আশান্তি ও ক্ষুধার জ্ঞালার সঙ্গে তোমার হাদরহীন নিষ্ঠুর ত্ব্বাবহারের জ্ঞালা তাহার প্রাণে যে ক্ষত সৃষ্টি করিবে, তাহাই হয় তো শেষে প্রাণ্ডাণ হইয়া উঠিবে। স্থত্বাং কাহারও উপকার করিতে না পারিলেও

অপকার করিও না, সাহায্য করিতে না পারিলেও ক্ষতি করিও না, প্রাণরক্ষা করিতে না পারিলেও প্রাণহানির কারণ ঘটাইও না। মনে রাখিও, মামুষ ভূলিয়া গেলেও প্রকৃতি কিছু ভূলে না, সে ভোমার ত্র্ব্যবহার ও হৃষ্কৃতির উপযুক্ত প্রতিশোধ ঠিক সময়ে যথাযোগ্যভাবেই গ্রহণ করিবে।

-:0:--

#### সহায়তা

ভাবনের গুদীর্ঘ গত্রা-পথে কত পর আপন হয়, আবার কত আপনার জন পর হইয়া যায়। কত অজ্ঞাত অপরিচিত ব্যক্তি মুহুর্ত্তের পরিচয়ে সাহায্য করিবার জলা অল্ফুল শুলদের মত কোমর বাঁধিয়া পাশে আসিয়া দাঁড়ায়, আবার কত অফ্রল শুক্তদ ভীষণ তঃসময়ে কঠোর বিপদের মুখে ঠেলিয়া দিয়া নিতাফ পরের মত নিঃশব্দে দূরে সরিয়া যায়। এ জগতে যাহার সাহায্য সহামুভূতি যত বেশী প্রয়োজনকালে তত বেশী বঞ্জিত হইতে হয়, আর যাহার নিকট হইতে কখনও কোন কৈছু আশা করা যায় না, তাহার নিকট হইতেই অপ্রভাগিত ভাবে অপর্যাপ্ত সাহায্য আসিয়া গেগিছায়। তাই আদর্শের সাধনায় নিয়েজিত জীবন-পথের সত্যিকার পথিক য়ে, দে কখনও প্রিয়্র-সমাগমে ( আশায় ) উৎফুল্ল বা প্রিয়াপসরণে (নিরাশায়) মুহ্মান হইয়া ভালিয়া পড়ে না। সে সমস্ত অবস্থাকেই ভগবদতীক্তিত মনে করিয়া মনঃপ্রাণকে

তহ্মুখী রাখিয়া আপনার ভাবে আপনি কর্ত্তন্য সম্পাদন করিয়া পথ চলিতে থাকে। কেহ সাহায্যার্থ কাছে আগাইয়া অন্ত্রক অথবা বীতশ্রাদ্ধ হইয়া দূরে সরিয়া যাউক—কিছুতেই সে ক্রক্ষেপ করে না। কারণ, সে সর্বাদা জানে যে, জীবনের মহান্ লক্ষ্যে পৌছিতে হইলে তাহার চেষ্টা-যত্ম-সাধনা তাহাকেই করিতে হইকে, অন্ত কেহ আসিয়া কিছু করিয়া দিবে না (দিতে পারেও না)। স্কতরাং অন্ত কাহারও উপর নির্ভির না করিয়া কে আগাইয়া আসিল অথবা কে পিছাইয়া গেল সে-দিকে না তাকাইয়া, আআশক্তিতে শক্তিমান হইয়া বীরের মত সে স্বীয় লক্ষ্য-পথে ছুটিয়া চলে। আর ইহাই বার সাধবের চলার ভঙ্কী।

এ জগতে শ্রীভগণানই সাধকের প্রম সহায়, জীবন-প্রের একমাত্র নির্দ্দেষ্টা ও পরিচালক। স্থাব তৃঃশে, সম্পাদে-বিপদে, রোগে-স্বাস্থো— জীবনের সমস্ত অনুক্ল ও প্রতিকৃল গণস্থায় তাঁহার আশ্রয় গ্রহণ কর, প্রতি মুহুর্ত্তে তাঁহাকে স্মরণ করিয়া, তাঁহার উপর নির্ভর করিয়া অগ্রসর হও, দেখিবে—তিনি তোমার কণ্টকাকার্ণ প্র কুলুমান্তীর্ণ করিয়া রাখিয়াছেন, সমস্ত বিপদাপদের মধ্যে স্বেহ্ময়ী জননীর মত সর্ব্বদা কোলে করিয়া তিনি তোমাকে রক্ষা করিতেছেন।

#### সুখারুদন্ধান

স্থ কৈ, শান্তি কৈ, আনন্দ কৈ ? জন্মজন্মান্তরের ত্যিত বৃতুক্ষিত মানবাত্ম জন্মজন্মান্ত ধনিয়া মর্মভাঙ্গা করুণ স্তরে আর্তনাদ করিয়া ফিরিতেছে—

> "নাই কিরে স্থ, নাই কিরে স্থ এ ধরা কি শুধু বিষাদময় ? যাতনে জ্বলিয়া কাঁদিয়া মরিতে শুধুই কি নর জনম লয় ?"

এই হাহাকার, এই আর্ত্তনাদ শুধু আজিকার নয়, ইহা নিতাকার—
তিরন্তন। যুগ-যুগান্তব, জন্মজনান্তর ধরিয়া মান্তব প্রতিনিয়ত অসহা জ্ঞালায়
জ্ঞানিয়া পুড়িয়া হ্রথের সন্ধানে কত বিনিজ রজনী, কত বিশামীন দিবস
কাটাইয়াছে। নিরবচ্ছিন্ন শান্তির চেষ্টায় নিদাঘ-মধ্যা হ্রর কত প্রচণ্ড
ভাপ, শীত নিশীথের কত ত্রন্থ হিমানী, ঘন বর্ষার কত প্রবল বারিধারা
সে মস্তকে ধারণ করিয়াছে; কত উত্ত জ শৈলশৃঙ্গ উল্লভ্যন করিয়াছে,
কত ত্ত্তর সমুজ পাড়ি দিয়াছে, কত উবর মক্র-প্রান্তর অভিক্রেম করিয়া
সে প্রতিনিয়ত হ্রথের সন্ধান কবিয়া ফিরিভেছে; কিন্তু কৈ, তবুও
ভাহা মিলিল কোধায় ৽ বিপুল বৈত্তব, অটুট স্বাস্থা, অগাধ বিতা। বৃদ্ধি
পাণ্ডিতা, কত ধন-জন-পরিবার, মান-যশ-প্রতিপত্তি লাভ হইল, কিন্তু
তথাপি প্রকৃত শান্তি, সভিত্রকার আনন্দ লাভ হইল কোথায় ৽ তৃই
দিন যাইতে না যাইতে প্রাপ্ত বিষয়ের মনোরমত্ব ঘুচিয়া যায়, মহা-কালের নির্মম আ্বাতে মানুধের বড় সাধের আশা। আকাজ্যা মুহুর্তে

ভাঙ্গিয়া চুরমার হয়, মান্তব যাহা কিছুকে আনন্দের উপাদানরপে আক্ডাইয়া ধরে, ঘটনাচক্রের আবর্তনে ভাহাই নিঃশেষে ধর স হইয়া যায়, আর প্রতিক্রিয়ায অশান্তির আগুন দাউ দাউ করিয়া জ্বলিয়া উঠে: দেহবৃদ্ধিসম্পন্ন মান্তব স্কুল ইন্দ্রিয়াম সহায়ে যভই স্থাংশর আশাধ বিষয়ের পানে আগাইয়া যায়, তত্ই স্কুখ আলেয়ার আলোর মত দৃষ্টিবিভ্রম ঘটাইয়া মরুমরীচিকাব মত কুহকজাল সৃষ্টি করিয়া কেবলই দূরে সরিয়া যায়; লাভ হয় শুধু আন্তি, ক্রান্তি, বিষাদ, অবসাদ, তৃঃখ, দৈল, অশান্তি, হাহাকার।

হা মানব! আছে তুমি। শাণির আশায় বুপাই তুমি বাহিরে ছুটাছুটি করিয়া বেড়াইতেছ। কিন্তু প্রকৃত শান্তি, সতিচা নাব আমনদ বাহিরে নয় ভিতরে, তোমার অলবে—তোমার নিজের কাছে। কন্তবী-গল্পে আত্মহারা হরিণ যেমন কোপা হইতে গল্প আসিতেছে বুঝিতে না পারিয়া দিখিদিগ্জানশৃত্য হইয়া চারিদিকে ছুটাছুটি করে, তুমিও তেমনি স্বীয় অলুরস্থিত আননদ-উৎসের সন্ধান না জানিয়া শান্তির আশায় দিশাহারা হইয়া সমস্ত জগৎ ঘুরিয়া বেড়াইতেছ! একবার বহিমুখী মনকে জাগতিক বিষয় হইতে ফিরাইয়া অনুমুখী কর, হাদয়ের ছাব উন্মুক্ত করিয়া অন্তরের অন্তরতম প্রেদেশে প্রবেশ কর, দেখিনে—চিরশান্তির অক্ষয় উৎস সেখানে লুকারিত রহিয়া ছ!

আত্মন্! স্থানর আকাশের গাঢ় নীলিমা যেমন মিপ্যা ও ভ্রাপ্তি তেমনি বিষয়ে যে স্থা বা আনন্দ বোধ হয়, তাহাও মিথ্যা, ভ্রাপ্তি। সুর্য্যের কিরণ চাক্রের উপর বিচ্ছুরিত হওয়ার যেমন চন্দ্রকে আলোক-সম্পান বলিয়া মনে হয়, বস্তুতঃ চাক্রের নিজ্প কোন আলোক নাই, তেমনি আনন্দস্করাপ আত্মার আনন্দ্রধারা বিষয়ের উপর বিচ্ছুরিত হওয়ায়ই বিষয়কে আনন্দময় বিদয়া মনে হয়, প্রকৃতপক্ষে বিষয়ের কোন আনন্দসতা নাই। বিষয়ে য়দি প্রাকৃতই হলধ থাকিত, তবে আজ্
যাহার প্রাপ্তিতে তুমি হলধ পাইতেছ বিলয়া মনে করিতেছ, কালই
তাহাতে অপ্লবী হইতেছ কেন । আজ্ব যাহার অভাবে তুমি ছংধায়ভব
করিতেছ, কাল তাহার প্রাপ্তিতে তুমি স্লখী হইতে পারিতেছ না কি
জ্ঞা। আজ্ব যাহা লাভের জন্ম অধীব অস্থির হইয়া উঠিতেছ, ছই দিন
পরে আর তাহার জন্ম কেন তেমন অন্থবাগ থাকে না । মনের এক
প্রকাব অবস্থায় যাহা তোমাকে শান্তি দান করিতেছে, ঘন্টা ছই পরেই
মনের অন্থার থাহা তোমাকে শান্তি দান করিতেছে, ঘন্টা ছই পরেই
মনের অন্থার প্রকৃত্ত তাহাতে তোমার অভ্রে অশান্তির
আন্থন জলিয়া উঠে! বিষয় তো একই রহিয়াছে, তবে এই ভাবান্তর
কেন ! তিক্ত জিনিষ যেমন সব সময়েই তিক্ত লাগে, তেমনি বিষয়ে
যদি আনন্দ থাকিত তবে সব সময়েই তাহাতে আনন্দ পাওয়া
যাইত। কিন্তু ভাহা যথন হইতেছে না, তথন ব্রিতে হইবে সভাই
মানুষকে প্রকৃত হলব, শান্তি, আনন্দ দিবার কোন ক্ষমতা বিষয়ের নাই।

প্রথ-গ্রংখ মান্থ্যের নিজের সৃষ্টি। কেহ গ্র্প্পাক্ষেননিভ স্থকোমল শ্যায় শয়ন করিয়াও নিজার অভাবে ছট্ফট্ করিতেছে, আর কেহ মৃতিকাশযায় বাহুমাত্র উপাধানে শয়ন করিয়া স্থাখ নিজা যাইতেছে; কেহ দিনান্থে শাকান্ধ ভোজনে পরম পরিতৃত্তি লাভ করিতেছে, আবার কেহ চর্ম্বাচুয়া লেহা পেয় প্রভৃতি বিবিধ রক্ষের বছ উপাদের আহার্য্য গ্রহণ করিয়াও তৃত্তি লাভ করিতে পারিতেছে না। কেহ মহার্ঘ বসন ভূষণে অস্বন্থি বোধ করিতেছে, কি ভাবে ঘরের বাহির হইবে ঠিক করিতে পারিতেছে না, আবার কেহ জীর্ণবাস পরিধান করিয়াও নির্মিবনার চিত্তে পরম গৌরবের সহিত মহামান্তা সন্ধাটের স্থ্যমা প্রাসাদ

ও শ্রেষ্ঠ মনীবিসমাজ পর্যান্ত পরিজ্ঞমণ করিয়া আসিতেছে। মানুষের এই যে তৃপ্তি অতৃপ্তি, শান্তি-অশান্তি ইহা শুধু তাহার নিজের ভাব, আদর্শ ও মনোবৃত্তির উপর নির্ভর করিতেছে।

সমূলবক্ষে অনন্ত লহরীর মত মানুষের অন্তরে প্রতিনিয়ত স্থধ-লাভের অনন্ত কল্পনা, অফুরন্ত কামনা-বাসনা উঠিতেছে, ভাসিতেছে, বিলীন হইতেছে। স্থপিয়াদী বৈষয়িক মানুষ এই কল্পনার রঙ্গীন রপে চড়িয়া কামনাত্ররপ বিষয়ের সন্ধানে ঘুরিয়া বেড়াইতেছে। যখন স্বীয় আকাজ্জিত বাসনাত্ররপ বিষয়ের সভিত ইন্দ্রিয়ের সংযোগ ঘটিতেছে, তখনই কিঞ্চিৎ কৃত্রিম স্থখ অনুভব হইতেছে, আর যখনই তাহার সহিত বিচ্ছেদ ঘটিতেছে বা অভীপিত বিষয় লাভে অকৃতকাধ্য হইতেছে তখনই আসিতেছে ঘোর অন্তথ্য অশান্তি। এমনিভাবে এক্রিয়ক-স্থলক মানুষ সংসার-সমুদ্রে কামনা-বাসনার প্রচণ্ড ভরঙ্গাভিঘাতে ক্ষতবিক্ষত হইতেছে, কিন্তু তবুও তাহার চেত্রনা জ্ঞানে কই । প্রকৃত স্থধ—ইন্দ্রিয়াতীত পরম বন্ধ লাভে ঘতুবান হয় কই ।

জীবন-পথের সাধক! তুমি যদি প্রকৃত শান্তিপিয়াসী হও, তবে প্রথমে দৈনন্দিন জীবনে তোমার ইচ্ছার অমুকৃল ও প্রতিকৃল যাহা কিছু ভোমার নিকট উপস্থিত হইবে, তাহাকেই তুমি ভগবানের দান বলিয়া গ্রহণ করিতে অভাস্ত হও। এইভাবে প্রতিনিয়ত সমস্ত কিছুকে ভগবানের দান বলিয়া সাদরে গ্রহণ করিতে অভাস্ত হইলে, যাহা কিছু ভোমার অনাকাজ্মিত, অতৃপ্রিকর বা অশান্তি-জনক, তাহা আর ভোমাকে অশান্তি দিতে পারিবে না, পরস্ত সেইটিকেই তুমি স্বেচ্ছায় বরণ করিয়া লইলে তাহা তোমার শান্তিরই কারণ হইবে। তারপরে তুমি সমস্ত মনঃপ্রাণ ও ইন্দ্রিয়গ্রামকে জাগতিক বিষয় হইতে আহরণ করিয়া অন্তরের অন্তরতম প্রদেশে—আনন্দময় কোষে পরমানন্দের সন্ধান কর। না—না, উর্দ্ধে, আরও উদ্ধে, ইন্দ্রিয়-জগতের পরপারে, কোষাতীত—ছন্দ্রশোকমোহাতীত সেই পরমানন্দ্ররূপ পরমাত্মার সন্ধানে অগ্রসর হও।

"তমেৰৈকং জানথ আত্মানমকা বাচো বিমুঞ্জামৃতস্থৈষ সেতুঃ"

আত্মাই একমাত্র অমৃত স্বরূপ। সুত্রাং অক্সমস্ত কিছু
পরিত্যাগ করিখা একমাত্র উাহাকেই জান, অবগত হও। তাঁহার চিত্রার
সমস্ত মনংশাণ ভূবিখা গেলে দেখিবে— চিংশান্তি-লাজ্যের দ্বার খুলিয়া
গিংগ্রে. এই ভুচ্চ শোকত্ঃখপূর্ণ মরজগৎ স্বর্গের সন্দনকাননে পরিণত
হইয়াছে, কোথাও তৃঃখ-দৈত্য, অস্তখ-অশান্ত, হাহাকার নাই, নাই
কোন ভ্রে-শোক-মোহ, তৃশিচ্ছা-তৃভাবনা, অভাব-অন্টন; সেখানে
কেবল শান্তি, শান্তি, আনন্দ আনন্দ—চির অফুরন্থ মহানন্দেব স্থবিশাল
পারাবার। সেই আনন্দ-পারাবারে জীবসমূহ জ্বাত্রিছে, মহানন্দে

মান্থবের অশান্তি আদে এই কারণে। প্রথমতঃ যে যাহা চায় তাহা যথন সেনা পায়, দ্বিতীয়তঃ যাহা দে না চায় বা পছন্দ না করে তাহা যথন (তাহার) ইচ্ছার বিরুদ্ধে তাহাকে বাধ্য হইযা গ্রহণ করিতে হয়। এমতাবস্থায় অপ্রাপ্ত বিষয়ের প্রাপ্তির জন্ম কোন আকাষ্ট্রা না করিলে এবং যাহা কিছু অ্যাচিত ভাবে, (অথাভাবিক ভাবে) আদিবে তাহাকে সানন্দে ভগবানের দান বিদ্য়া বরণ করিয়া লইলে জাগতিক বিষয়ের লাভ-অলাভ হইতে আর ক্থন্ত অশান্তি আদিতে পারিবে না:

হাসিয়া খেলিয়া বেড়াইভেছে, আবার ভাহাতেই সানন্দে বিলয় প্রাপ্ত হুইভেছে।

> "আনন্দান্ধোৰ ধৰিমানি ভূতানি জায়ন্তে, আনন্দেন জাতানি জীবন্তি, আনন্দং প্ৰয়ন্ত,ভিদংবিশন্তি।"

আদি, মধ্য, অন্ত-সর্বত্রই কেবল আনন্দ, কোথাও ইহার ছেদ নাই, বিরাম নাই, পরিসমাপ্তি নাই। এই আনন্দ-স্বরূপকে অবগত হইতে পারিলে আর কোন ভাবনা থাকে না, জ্বো-ব্যাধি-শোক-মোহগ্রস্ত মরমান্ত্র্য মহানন্দ্রময় চির অমর্ছ লাভ করিয়া নির্ভিয় হয়।

"আনন্দং ব্রহ্মণে। বিদ্বান ন বিভেতি কৃতশ্চন।"

তৃষিত, তাপিত, শান্তি-পিয়াসী চিরবৃত্কিত মানব! এস, এস। সংসারের আলামালা জুড়াইতে হইলে, বিষয়-ভাপদগ্ধ হৃদয়ের অশান্তি দাবানল চিরতরে নির্বাপিত করিতে হইলে এস, এই আনন্দস্বরূপ মহানন্দ-সাগরে অবগাহন কর। সমস্ত শোকভাপ, আলা-যন্ত্রণা নিঃশেষে ধুইয়া মুদ্ধিয়া চিরকালের জন্ম নিশ্চিক হইয়া যাইবে; ভোমার জীবন ধন্ম ও কুতার্থ হইবে। ওঁ শম্

## জানা, বুঝা, কথা ও কাজ

মানুষ জানে জনেক; কিন্তু করে—করিতে পারে খুব কম।
মানুষের জানা ও বুঝা তখনই সার্থক হয়, যখন সে তাহা তাহার
দৈনন্দিন জীবনে কর্মা ও সাধনার ভিতর দিয়া রূপায়িত করিয়া তোলে;
অগ্রথায় উহা শুধু নির্থক নয়, জগতের আকর্জনাজ্পের মতই

বিরক্তিকর, পীড়াদায়ক। স্থতরাং যতটুকু সম্ভব, তুমি তোমার 'জানা ও 'বুঝাকে' বাস্তব"রূপ দানে সচেষ্ট হও—একটা কিছু গড়িয়া ভোল, করিয়া দেখাও। তাহা হইলে তোমার কল্যাণ হইবে, সঙ্গে সঙ্গে অপরেরও কিছু উপকার হইবে।

মানুষ শুধু কথা চায় না, চায় কাজ ; শুধু জানিতে চায় না, চায় দেখিতে। বুরি ঝুরি কথা শুনান্ অপেক্ষা যদি কণামাত্রও করিয়া দেখাইতে পার, তাগা হইলে তাহাই সহস্র গুণ শক্তিশালী হইয়া লোকের মনের উপর অভ্ত প্রভাব বিস্তার করিবে—তোমার চেষ্টা, শ্রাম ও সাধনা সার্থক ও কার্যাকরী হইবে। অগ্রখা নির্থক বাগাড়ম্বর করিয়া বিশেষ কোন ফল হইবে না।

এ জগতে জড় নিশ্চেষ্ট যে, সে-ও নৈজ্ঞ্মা ও নিশ্চেষ্টভাকে ঘূণা করে, নিভান্ত অঙ্গস অকর্মণ্য যে সে-ও উৎসাহ, উত্তম ও কর্মপ্রবণভাকে অন্তরে অন্তরে ভালবাসে। সামাস্ত একটা বালকও শৃক্তগর্ভ আক্ষালন বা নির্থক বাক্যবিক্তাসে ভোলে না, অন্ত পরে কা কথা।

পৃথিবীতে যাহারা কম কথা বলে ও বেশী কাজ করে এক মাত্র ভাহারাই ভাহাদের উদ্দেশ্য সাধনে কৃতকার্য্য হয় এবং অপরের উপর প্রভাব বিস্তার করিতে পারে। নির্বাক নীরব কর্ম ও গভীর চিস্তাপ্রবাহ ধীর অথচ স্থানশ্চিতরূপে মামুষকে প্রকৃত শক্তিশালী ও প্রতিভাসম্পন্ন করিয়া সমাজ্প ও জাতীয় জীবনকে গড়িয়া ভোলে। মহান্ আদর্শসমূহই ব্যস্তি ও সমস্তিজীবনে মূর্ত্ত হইয়া ওঠে কর্মা, অমুষ্ঠান ও আচরণের ভিতর দিয়া। যদি নিজের ও জগতের সভাই কিছু উপকার করিতে চাও, যদি সমগ্র জ্বাতি ও সমাজকে তোমার ভাব ও আদর্শে উদ্বৃদ্ধ করিতে ইচ্ছা কর, তবে নির্থিক কথা ছাড়িয়া কাজ আরম্ভ কর, অপরকে যাহা করিতে বলিবে, তাহা নিজে করিয়া দেখাও; কেন না, মামুষ কানে শোনার চেয়ে চোখে দেখিয়া বেশী অমুপ্রাণিত হয়, উপদেশের চেয়ে আদর্শ দেখিয়া সহজে বৃঝিতে ও শিখিতে পারে।

মানুষ প্রকৃত মহান ও শ্রেষ্ঠ হয় মহৎ কাব্দ, অনুষ্ঠান, আচরণ ও অমুভূতির দ্বারা - শুধু জানা, বুঝা বা কথার দ্বারা নয়। (কেননা, চরিত্রহীন লম্পটিও অনেক ভাল ভাল বিষয় জানিতে এবং অপরিণত বয়স্ক বালকও অনেক বড বড কথা বলিতে বা আবৃত্তি করিতে পারে )। যে ব্যক্তি যত বেশী মহদমুষ্ঠানপরারণ ও অমুভূতিসম্পন্ন, সেই ব্যক্তিই তত বেশী শক্তিমান ও প্রভাবশালী এবং তাঁহার বাক্যাবলীই মন্ত্রশক্তির স্থায় কাৰ্য্যকরী হয়। স্থুতরাং যদি কথা বলিতেই হয়, তবে প্রথমে মহান আদর্শকে জীবনে বিকশিত কর, তারপব কঠোর সাধনার দ্বারা দিব্য অমুভৃতি লাভ করিয়া ভোমার জীবনের অভিজ্ঞতা অমুভতির বাণী সকলকে শুনাও। প্রথমে প্রকৃত মামুষ হও, কথা বলিবার সন্তিকার যোগাতা ও অধিকার লাভ কর, তারপর কথা বলিতে আরম্ভ কর। তখন ভোমার প্রত্যেকটি কথা বদ্ধের মত অবার্থ, বিত্যুতের মত শক্তিশালী ও মস্ত্রের মত কার্য্যকরী চইবে। তখন ভোমার একটি মাত্র কথা শুনিবার জন্ম সমগ্র দেশ ও জাতি উৎকর্ণ হইয়া থাকিবে, একটিমাত্র কথা শুনিয়া সহত্র সহত্র নরনারী তরঙ্গবিক্ষুর সিন্ধু-বক্ষের মত উদ্বেলিত হইয়া উঠিবে, তোমার মহান্ ব্যক্তিছের চৌম্বত আকর্ষণে লক্ষ লক্ষ ব্যক্তি আকৃষ্ট হইয়া মন্ত্রমুগ্ধনং ভোমার অমুসরণ করিবে, সমগ্র জগতে এক অভুত ভাবপ্রবাহ, একটা বিম্মরকর আলোড়ন সৃষ্টি হটবে। তখন—কেবলমাত্র তখনই ভোমার কথা বলা সার্থক হটবে।

#### --:--

#### কর্ত্তব্য নিণয়

বিপদে যার বৃদ্ধি বিজ্ঞান্ত হয় না, ছঃসময়ে, বিষম প্রতিকৃল অবস্থার:
মধ্যেও যে প্রকৃত কর্ত্তব্য নির্ণিয় করিয়া অবিচলিত্তিতে তাহা সম্পাদন
করিতে অগ্রস্ব হয়, সে-ই নরোত্তম, সকলের শ্রাদ্ধার পাত্র। আর যে
ব্যক্তি বৃদ্ধির দোষে মোহবিজ্ঞান্ত হইয়া অকর্ত্তব্যকে কর্ত্তব্য ও কর্ত্তব্যকে
অকর্ত্তব্য মনে করিয়া অকার্য্য ও ছ্কার্যা করিতে থাকে, সে নরাধম,
সকলের ঘুণা ও কুপার পাত্র।

দিগন্থীন বিশাল বারিধিবক্ষে দিঙ্নির্ণয়ের হৃত্য যেমন উত্তম দিগদর্শন-যন্ত্র আবশ্যক, তেমনি জীগনেব এই স্থবিশাল কর্দ্মক্ষেত্রেও কর্ত্তব্যাকর্ত্তব্য নির্দ্ধারে জন্ম নির্দ্ধাল বিবেক-বৃদ্ধির প্রয়োজন। যন্ত্র ঠিক না থাকিলে উপযুক্ত অভিজ্ঞ নাবিকও যেমন দিগ্রাপ্ত হইয়া বিরাট পোতকে বানচাল করিয়া দেয়, তেমনি বৃদ্ধি মলিন হইলে অভিবড় প্রাপ্তের ব্যক্তিও কর্ত্তব্যবিমৃত হইয়া জীবনকে ধ্বংস করিয়া ফেলে।

জীবনে যদি প্রকৃতই কৃতী হইতে চাও, দ্বন্দ-সংঘর্ষময় এই জীবন-পথে ঠিক ঠিক কর্ত্তব্য নির্নয় কবিয়া যদি যথার্থই লক্ষ্যে উপনীত হইতে ইচ্ছা কর, তাহা হইলে প্রতিদিন নিয়মিডভাবে জগৎপিতার জীচরণে নির্দান বৃদ্ধি ও মহৎ অন্তঃকরণ লাভের ক্ষা ব্যাকুলভাবে প্রার্থন। কর। কৃচিন্তা, কুভাবনা ও উদাম বিষয়ভোগাকাজ্ঞা—যাহা চিন্তকে মলিন ও বৃদ্ধিকে বিক্তা ও বিপ্রান্ত করিয়া দেয়, তাহা সমতে পরিহার কর। এ জগতে সমস্তই ক্ষণস্থায়া, চঞ্চল, মলিন, আর একমাত্র ভগবানই নিতা, স্থিব, নিন্ধল। স্তরাং চিত্ত যতই ভগবচিচন্তায় নিবিষ্ট হইবে, বৃদ্ধি ষতই ভগবানকে আশ্রয় করিয়া থাকিবে ততই তাহা বিষয়মালিক্যশ্ম হইয়া নির্দাল ও স্থান্তির হইবে এবং রাজহংসের জল-মিশ্রিত ত্থা হইতে জল পরিত্যাগ পূর্বক বিশুদ্ধ ত্থা গ্রহণের স্থায় ত্মিও মিশ্রিত কর্ত্রব্যাকর্ত্রব্য হইতে অকর্ত্রব্য পরিহার পূর্বক যথার্থ কর্ত্রব্য নির্দিষ্ট ও প্রহণ করিয়া জীবনকে সার্থক করিতে সমর্থ হইবে।

## আত্মপ্রশংসাই প্রকৃত আত্মহত্যা

সেজ্যে দেহের ধ্বংস সাধন করিয়া জীবন নট করাই প্রকৃত আত্মহত্যা নয়, প্রকৃত আত্মহত্যা হইতেছে আত্মপ্রশংসা, স্বয়ং আপনার গুণ কীর্ত্তন করা। মানুষ বখন তৃর্ক্তুদ্বিবশে স্বেচ্ছায় আপনার পর্বত-প্রমাণ ভূলক্রটি ও দোষের প্রতি উদাসীন থাকিয়া সহিষাপ্রমাণ গুণকে তালপ্রমাণ করিয়া মিধ্যা আত্মপ্রশংসায় মুখর হইয়া উঠে, তখনই তার অস্তর কল্যিত হইয়া ভাহার সভ্যিবাতে অপমৃত্যু ঘটায়।

কঠোর সংগ্রাম-সহকারে সমস্ত প্রতিক্লতাকে পরাভূত করিয়া লক্ষ্যের পথে অপ্রতিহত গতিতে ক্রত অগ্রসর হওয়াই প্রকৃত জীবন। আত্মকল্যাণকামী মাতুষ স্বভাবের দোষক্রটি-গল্দসমূহ দূর ও আনাহত্ত গুণরাশির আয়ত্তদারা অপুণ জীবনকে পরিপুণ করিয়া মৃত্যু—জীবনের ছেদ, বিরতির পথ রোধ করিয়া দাঁড়ায়, তার মিথ্যা আত্ম প্রশংসাপরায়ণ ব্যক্তি জীবনের দৃষিত ক্ষতরূপ দোষক্রটি গলদগুলিকে ঢাকিয়া রাখিয়া জীবনের অপূর্ণতা সম্বন্ধে উদাসীন ও নিম্চেষ্ট থাকিয়া, স্বীয় উন্নতি ও অগ্রগতির পথ রুদ্ধ করিয়া ধ্বংস— মহামৃত্যুকে বরণ করিয়া লয়। আত্মপ্রশংসাপরায়ণ ব্যক্তির দৃষ্টি বা চেষ্টা আত্মশেংধন বা আত্মোন্নতির দিকে নয়, তাহার দৃষ্টি, তাহার সমস্ত চেষ্টাযত্ন-উত্তোগ শুধু গলদ ঢাকা দিয়া নিজেকে অপরের নিকট বড় করিয়া জাহির করিবার দিকে। এই মিখ্যাভণ্ডামি ও আত্মপ্রতারণাই দূষিতক্ষতের ক্যায় পারিপাশ্বিক সকলকে পুতিগক্ষে অভিষ্ঠ করিয়া ভোলে এবং নিজেকেও ধ্বংসের মুখে টানিয়া লইয়া যায়। তাই ভগবান শ্রীকৃষ্ণ কুরুকেত্রের রণাঙ্গনে স্বীয় প্রতিজ্ঞা পালনার্থ# আত্মহতাায় উত্তত অজ্জনকে আত্মবিনাশে প্রতিনিবৃত্ত কৰিয়া বলিয়াছেনঃ "দেহের ধ্বংস-সাধনাই আতাহত। নয়, প্রকৃত আত্মহতা ইইতেছে আয়প্রশংসা; তুমি আত্মপ্রশ সা করিয়া আত্ম-হত।1ব প্রতিজ্ঞা পুরণ কর।"

নগাণীলী অজন এক সময় প্রতিজ্ঞা কবিয়াছিলেন: যে তাহাকে গাণিব তাগি কবিতে বলিবে তাহাকে তিনি হতা৷ কবিবেন, না পারিলে নিজে আত্মহত্যা কবিবেন। কুরুক্তেরে যুদ্ধে ধর্মরাজ একদিন কর্ণের সহিত খুদ্ধে পরাভব স্বীকার কবিয়া শিবিবে আদিলে, জ্রীক্রুক্ত ও অর্জ্জন তাঁহার সন্ধান করিতে করিতে শিনিরে আসেন। তথন মুধিষ্টির কর্ণের নিধন না হওয়ার সংবাদে কুদ্ধে হইয়া অর্জ্নকে তিরস্কার করিয়া গাণ্ডীব ত্যাগ করিতে বলিলে অর্জ্জ হইয়া অর্জ্বনকে তিরস্কার করিয়া গাণ্ডীব ত্যাগ করিতে বলিলে অর্জ্জিক হাকে ধে করিতে উত্তত হন এবং জ্রীক্রুক্ত কর্তৃক হাধাপ্রাপ্ত ইইয়া আত্মবিনাশে প্রবৃত্ত হন। তথন জ্রিক্ষ তাহাকে পুন্রায় বাধাপ্রদান করিয়া বলেন, আত্মপ্রশংসাই প্রকৃত আত্মহত্যা। স্তেরাং তুমি আত্মপ্রশংসা করিয়া স্বীয় প্রতিজ্ঞালন করে।

মহাশক্তি সাধনের অগ্রাদৃত, জাতীয় কল্যাণব্রতে ব্রতী জীবন-মন্ত্র প্রচারের চারণদল-সাধকবৃন্দ! সাবধান, তোমাদের সাধনার পবিত্র বেদীতে আত্মপ্রাশংসা তথা আত্মবিনাশের কলম্ব-স্পর্শে মলিন করিও না। মুখলই যেমন যতুকুল ধ্বংসের একমাত্র কারণ হইয়াছিল, তেমনি মিথা৷ আত্মপ্রশংসা, আত্মপ্রচার ও আত্মপ্রতিষ্ঠার উদগ্র, নিশ জ্জ আকাক্ষাই সভ্য-সংহতি ধ্বংসের একমাত্র কারণ। ইহাতে ওপু ব্যক্তিগত জীবনেরই ধ্বংসহয় না. এই ধ্বংস-বীজ্বরূপমহাপাপ ভেদবিবাদ দ্বন্দ্ব-সংঘর্ষের সৃষ্টি করিয়া সমাজ, জাতি বা সংজ্ঞার সংহতি জীবনকে ভাঙ্গিয়া চুরমার করিয়া দেয়! স্বতরাং যথনট আত্মপ্রশংসার ইচ্ছা হইবে, আত্মপ্রচার ও আত্মপ্রতিষ্ঠা লাভের আকাজ্জা জ্বাণিবে, তথনই বিচার করিয়া দেখিবে যে, সতাই তোমার ভিতর প্রশংসা লাভের মত কিছু আছে কিনা। প্রশংসা লাভের মত যতটুকু গুণ আছে, তাগার তুলনায় নিন্দার যোগ্য ত্রুটিবিচ্যুতি ও দোষ কতথানি। এ জগতে যাঁহার। কৃতী ও মহান্ হইরা সতাই সকলের প্রশংদা ও পুঞা প্রাপ্ত হইয়াছেন ও হই*তে*ছেন, তাঁহাদের তুলনায় তোমার বাকিছ, বৈশিষ্ট্য ও মহত্ত কৃত্তুকু 
ভূতি ভাষা হত জল বয়দে, যত অল সময়ে যতখানি শক্তিদামর্থ্য ও শ্রেষ্টভার পরিচয় দিয়াছেন, দেই তুলনায় দুমি কভটুকু শক্তিসামর্থ্য ও শ্রেষ্ঠতার পরিচয় দিয়াছ বা দিতেছ ? জীবন-সাধনায় তাঁহাদের কৃতিত্বের তুলনায় তোমার কৃতিকের পরিমাণ কত ? এইভাবে আত্ম-সন্ধানী দৃষ্টি লইয়া নিজেকে যতই নিংপেক্ষভাবে বিশ্লেষণ করিয়া দেখিবে, ততই নিশ্বের প্রকৃত অবস্থা উপলব্ধি হইয়া আত্মপ্রশংসা ও আত্মপ্রচারের মোহ কাটিয়া যাইবে। যতই উন্নত ও মহান ব্যক্তিদের দিকে তাকাইবে, মহাপুরুষদের সহিত যতই নিজের জীবনের পশিমাপ করিয়া দেখিবে, মোট কথা, দৃষ্টিকে যতই উদ্ধমুখী করিয়া রাখিতে পারিবে, জীবন-পথে ততই ক্রেমোন্নতি অবাাহত থাকিবে, অশ্রথা অগ্রগতির পথ রুদ্ধ ইইয়া চিরতরে ধ্বংসপ্রাপ্ত হইবে।

-:0:-

#### ্ৰ আপোষ ইফা

অক্সায় বা পাপের সহিত কখনও আপোষ রফা করিও না। ইহার চেয়ে বড় অপরাধ আর নাই।

ত্মিত ক্ষতকে ঔষধ প্রয়োগ না করিয়া ঢাকিয়া রাখিলে তাই। যেমন ক্রমণঃ বিষাক্ত ইইয়া জীবন নাশের উপক্রম কবে, তেমনি অস্থায় বা পাপকেও সংশোধন না করিয়া প্রশ্রেয় দিয়া চলিলে ক্রমে উই। মানুষের মনুষ্যত্ব, এমন কি জীবনীশক্তি পর্যান্ত ধ্বংস করিতে উন্থাত ইয়। স্তুতরাং যে পর্যান্ত না জীবন সম্পূর্ণ নিম্পাপ, নিক্ষলক ইইয়া উঠে, যে পর্যান্ত না ফাবন সম্পূর্ণ নিম্পাপ, নিক্ষলক ইইয়া সম্পূর্ণ ধ্বংসপ্রাপ্ত ইয়া সম্পূর্ণ ধ্বংসপ্রাপ্ত হয়, সেই পর্যান্ত উইার বিরুদ্ধে বীরবিক্রমে আপোষহীন নিংবচ্ছিন্ন সংগ্রাম চালাও। সামান্ত পাপকেও রেহাই দিও না, সাধারণ ক্রটি বা অবহেলাকেও ক্ষমা করিও না; কারণ, উহা সামান্ত বা সাধারণ ইইলেও একদিন বিরাট আকার ধারণ করিয়া ক্রের সর্পের মত তোমায় দংশন করিবে।

বীর সৈনিকের মত মহান্ লক্ষ্য-সাধনায় নিয়োঞ্চিত বীর সাধকেরও পাপের সহিত সংগ্রামই একমাত্র জীবন-ব্রত— সাধনা, তপস্থা। রণঙ্গান্ত বীর সৈনিক যেমন হাসিতে হাসিতে জীবন বিসর্জন দেয়, কিন্তু তবুও শক্রর নিকট আত্মসমর্পণ বা পরাভব স্বীকার করে না, তেমনি আত্মন মর্য্যাদাসম্পন্ন বীর সাধকও কঠোরতম বিপদকে বরণ করিয়া লয়, তথাপি তুর্বলতার সহিত আপোষ-রকা করিয়া নতজাত্ম হয় না।

জীবনের সংগ্রাম-ক্ষেত্রে আপোষ-রফার কোন স্থান নাই, উঠা কাপুরুষতারই নামান্তর—মহাপাপ। এ জগতে সংগ্রামন্ত্রীরু, কাপুরুষ যে, সে চিরঘুণা; সামান্ত বালকও তাহাকে উপহাস করে, অবলা নারীও ঘুণার তাহার দিক হইতে মুখ ফিরাইয়া লয়। স্থতরাং বাঁচিয়া থাকা অপেক্ষা মৃত্যুই তাহার পক্ষে শ্রেয়:; কেননা, তাহাতে কাহারও মনে কোন প্রকার গ্রানি না জ্ল্মাইয়া কাপুরুষতার কলুষ-কালিমাঃ জগতের বুক হইতে চিরতরে মুছিয়া যায়।

বিপদকে এড়াইয়। দূরে গেলেই বিপদ দূরে যার না, বরং ক্রত নিকটে আগাইয়া আদে; শক্র বা আততায়ীর ভয়ে ভীত হইয়া বশুতা স্বীকার করিলেই রেহাই পাওয়া যায় না, তাহাতে বরং শক্র প্রশ্রেষ্ঠার ঘাড়ের উপর লাফাইয়া পড়িয়া শেষ রক্তবিন্দু পর্যান্ত নিঃশেষে শুষিয়া লয়। তাই জীবন-পথের প্রকৃত পথিক শক্রর সম্মুখে বীরের মত বুক টান করিয়া দাড়ায়, তাল ঠুকিয়া শেষ পর্যান্ত সংক্রাম চালায়। তাহাতে যদি মৃত্যু আদিয়া উপস্থিত হয়, তবে তাহাকে দে হাসিমুখে গ্রহণ করে; কিন্তু তথাপি পাপের সহিত আপোষ-রক্ষা করে না, শ্রায় ও ধর্মকে বিসর্জন দিয়া অন্যায় ও অধর্মকে বরণ করিয়া লয় না। পাপ বা ত্র্বলতা আসাই দোবের নয়, ইহার সহিত সংগ্রাম না করিয়া লাপোষ করা, ইহাকে প্রশ্রেষ দেওয়াই প্রকৃত দোষের"—জীজীসজ্বননতার এই মহাবাণী সে অনুসরণ করিয়া চলে।

কঠোর তপোমগ্র মহাদেবের ললাটাগ্নিতে একদিন মদন ভস্মীস্থ্ত

হইয়াছিল, আকুমার ব্রহ্মচারী ভীম্মের বীরত্বপ্রভাবে পরশুরামের প্রবল পরাক্রম স্তব্ধ হইয়াছিল, কৃচ্ছ্ সাধনপরায়ণ তথাগত বৃদ্ধের সকল-ভ্র্তারে মার পরাস্ত হইয়া সিদ্ধির বিজয়মাল্য গলায় পড়াইয়া দিয়াছিল। এই বীরহই মানুষের কাম্য, সাধকের চির-আকাজ্জিত। এই বীরব্রতই জীবন-সাধনার সাধকের জীবন-ধর্ম — তপস্থা। বাঁচিতে হইলে এইরপ বীরব্রত উদ্যাপন করিয়া প্রকৃত মানুষের মত বাঁচিতে হইবে, অক্রথা আত্মনিলোপ অবশ্যস্তাবী।

-:o: -

## / প্রিয় ও অপ্রিয় কথা

এ জগতে অভিতকৰ হইলেও প্রিয় কথা শুনিবার মত ত্র্বকচেত। লোক অনেক; কিন্তু ভিতকর হইলেও অপ্রিয় কথা শুনিবার ও শুনাইবার মত বলিষ্ঠ মনোবৃত্তি-সম্পন্ন লোক খুব কম। নিজ নিজ স্বার্থ বা মতন্ব-সিন্ধির জন্য অনেকেই প্রবল ক্ষমতাশালী ব্যক্তিদিগকে অহিতকর মনোরজ্ঞনকারী কথা শুনাইয়া প্রিয় হইতে প্রয়াস পায়, কিন্তু স্বার্থহানি শ অপ্রিয় হইবার ভয়ে কেই তাহাদিগকে হিতকর অপ্রিয় ক্থা শুনাইতে রাজী হয় ন!।

পৃথিব তৈ প্রকৃত বন্ধু, প্রকৃত হিতৈবা সে-ই, যে প্রিয়াপ্রিয় সন্তুষ্টিঅসন্তুষ্টি কোন কিছু গ্রাহ্মনা করিয়া উত্তম বৈতের মত সর্বাদা প্রকৃত
হিতকর কথা বলে, আর প্রকৃত বীর সেই বাক্তি, যে নিতান্ত ভিক্ত,
বিরক্তিকর হইলেও হিতকর কথা ধীরভাবে শোনে এবং প্রসঞ্চিত্ত

তদমুসারে কার্য্য করিতে উদ্যোগী হয় এবং সঙ্গে সঙ্গে স্বার্থাধেষী, নীচ তোষামোদকারী চাটুকারের দলকে ঘুণাভরে প্রত্যাখ্যান করে।

তোষামোদপ্রিয়তা ও চাটুকারিতা মামুষকে যেরপে নীচ, হেয় ও অপদার্থ করে এরপ আর কোন কিছুতেই কবিতে পারে না। মামুষের জীবনে ইহা এক চরম বিপর্যায়, নিদারুল অভিশাপ। তোষামোদ করার প্রবৃত্তি ও তোষামোদপ্রিয়তা মামুষের মুমুছ, হিতাহিত ন্যায়ানায়বোধ ও স্বাধীন মনোবৃত্তি নম্ভ করিয়া মামুষকে একেবারে অমানুষ করিয়া ফেলে। প্রতরাং জীবন-সাধনার সাধককে এই বিষয়ে বিশেষ সাবধান হইতে হইবে।

-:0:--

### দায়িত্বের অধিকার

সামান্যমাত্র কার্যের ক্ষমতা বা দারিছভার পাইলেই যে বাক্তি অভিমানে অন্ধ ইইরা আঞ্বিশ্বত ইর এবং অহস্কারে ক্ষীত ইইরা ক্ষমতা প্রতিপন্ন করিবার জন্য ঢাকটোল বাজাইতেও লোকের উপর নানা প্রকার অতাচোর উপদেব কবিতে ক্রক করে, তাহার মত কুপার পাত্র এ জগতে অতি বিরল; মহান্ কর্ত্রাও বিশাল দায়িছভার বহনের সে সম্পূর্ণ অ্যোগ্য। কোরকেই ঝহিয়া পড়িবার মত জীবনের প্রাঃস্টেই ভাহার পরিস্মাপ্তি ঘটে, বোধনেই বিদ্রুলির বাজনা হার হইরা উন্নতি, অভ্যাদ্যের পথ চিরক্দ্র ইইয়া যায়।

তরঙ্গবিক্ষুর অপরিসীম বেগশালী অসংখ্য নদী-প্রবাহ-ধারণকারী প্রশাস্ত গন্তীর সমূদ্রের মত যিনি অপরিসীম ঝড়ঝ্মাটপূর্ণ গুরুতর দ। য়িত্বভার ও ক্ষমতাসমূহ নীরবে, ধীর স্থির অবিচলিতচিত্তে বহন কারতে পারেন, এই জগতে ডিনিই প্রকৃত আদ্ধার্হ, জগতের আষ্ঠেতম কর্তবা, মহত্তম দায়িত্ব, ক্ষমতা ও নেতৃত্ব তাঁহাইই জ্ঞান্য অপেক্ষা করিয়া থাকে।

মহান কর্ত্তব্যুর দায়িওভার গ্রহণ করিয়া যদি প্রকৃতই ধন্ম হইতে চাও, তবে ঔদ্ধতা ও অভিমান তাাগ করিয়া প্রথমে ক্ষুদ্রতর দায়িত্ব ও কর্ত্তবাসমূহ যোগ্যভার সহিত নীরণে উদযাপন কর, সঙ্গে সঙ্গে নিরহঙ্কার ও নিশ্ভিমান ইওয়ার জন্য সাধন করিতে থাক! কখনও যদি তে মার দ্বারা কোনও গৌরবজনক কাজ অমুষ্ঠিত হইয়া খাকে. ত্তবে ভাবিও —ভগবান শুধু তাঁহার সেনকের গৌরব বৃদ্ধি করিবার জন।ই ভোমার ভিতর তাঁহার মহানু শক্তি সঞ্চার করিয়া স্বীয় কার্যা সম্পাদন কবাইয়া লইয়াছেন। ইহাতে যদি কিছু কৃতিত্ব থাকে, ভবে তাং। সম্পূর্ণ ই তাঁহার, ভোমার নয়। ভোমার বিশেষ সৌভাগা ও তুকুতি যে, তিনি অপরের পরিবর্ত্তে তোমাকেই তাঁহার কার্য্য সাধনের যন্ত্ররূপে গ্রহণ করিয়াছেন। এইভাবে চিহা করিতে করিতে প্রতিদিন প্রতি নিশীথে তাঃার চংগে প্রার্থনা করিও, যেন ডিনি তোমাকে সর্ববলা সম্পূর্ণ নিরহঙ্কার, নিশ্ভিমান করিয়া তাঁহার সেবার অধিকার ও গৌরব দানে কুতার্থ করেন। তাংশ ২ইলেই তুমি মহানু দায়িত্ব লাভের প্রকৃত অধিকার লাভ কবিবে, ক্ষমতা ও প্রভুষ আসিয়া তোমার পদ বন্দনা কবিবে, তুমি সম্পূর্ণ নির্বিকার ও নিব্ভিমাণ্টিতে ভগবানের সেবা করিয়া নিজের প্রবং সঙ্গে সঙ্গে সমগ্র জাতির কল্যাণ সাধন করিয়া ধন্য, ছইবে। ইহাই শ্রেষ্ঠতম দায়িত্ব লাভের প্রকৃত পত্না:

#### নামের কাঙাল

মান্থ অভাবে পড়িয়া অর্থের কাঙাল হয়, দায় ও বিপছ্দারের জন্ত সাহায্য-সহামুভ্ডির কাঙাল হয়; কিন্তু নামের কাঙাল হয় শুরু স্থ ও তুর্ব্বৃদ্ধিতে পড়িয়া। তাই অভাবগ্রস্তকে হৃদয়নান ব্যক্তিমাত্রই সাহায্য করে, সহামুভ্ডি দেখায়, আব নামের কাঙালকে বাতুলবোধে কচি শিশুটিও পর্যান্ত ঘুলা ও উপহাস করে।

অর্থ চাহিলে পাওয়া যায়, নিষয় চেষ্টা করিলে মিলে, সাহায্য-সহাত্মভূতিও প্রয়োজন হইলে একেবারে ছুম্মান্য হয় না; কিন্তু নাম্যশ চাহিলেই প্রাথাকে প্রভারণা করিয়া মরীচিকান মত ক্রেমশং দূরে— নাগালের বাহিরে চলিয়া যায়।

যে নাম চায় না, দে-ই নাম পায়; যে যথার্থই নাময়শকে ঘণাভরে উপেক্ষা ও প্রত্যাখান করে, তাহার পিছনে পিছনেই নাময়শ কুকুরের মত ঘুরিয়া বেড়ায়। স্তত্যাং প্রাথীর কাঙালী মনোবৃত্তি পরিত্যাগ করিয়া বীরের উপেক্ষা ও তাচ্ছিলোর মনোবৃত্তি প্রহণ কর, ভিক্ষা ও প্রার্থনা ছাড়িয়া প্রকৃত কাজ আরম্ভ কর, তাহা হইলে ভোমার মর্যাদা ও পৌরুষ লাঞ্ছিত হইবে না, অথচ ভোমার কার্য্যের পুরস্কার রূপে শ্রায্য প্রাপ্য হিলাবেই নাময়শ যথাসময় আপনিই আসিরা ভোমার অমুসরণ করিবে।

সম্পূর্ণ নিরাকাজ্যা, উদাসীন ও অনাসক্ত যে, ভাহার নিকটই জগতের ভোগ-সন্থান, বিভৈশ্ব্য, প্রভিষ্ঠা-প্রভিপত্তি, নামযশ প্রভৃতি সমস্ত কিছু আসিয়া উপস্থিত হয়, আর ভাহারই এই সমস্ত গ্রহণ, রক্ষণ ও ব্যবহাবের প্রকৃত যোগ্যতা, শক্তি ও অধিকার জ্বান্ধে। কারণ, নিলিপ্ত ও নিরাকাল্ক যে, সে কোন কিছুর বশীভূত বা দাস হয় না, তাহারই বশীভূত বা দাস হয় সকলে। ভোগপ্রতিষ্ঠা ও নামযশের পিছনে যে ছুটে, সে তো ইহাদের দাস, ক্রীড়াপুত্তলী; ভোগপ্রতিষ্ঠা তাহাকে যেরূপ চালায়সেসেইরূপ চলে, যেরূপ খেলায় সেইরূপখেলে। তাহার আবার স্বাধীনভাবে চলিবার, ভোগপ্রতিষ্ঠাকে মহৎ উদ্দেশ্যে ব্যবহার করিবার সামর্থ্য কোথায় । ক্রীতদাস যে, সে কি কথনও তাহার মনিবের উপর আধিপত্য বিস্তার করিতে পারে, না সাহস পায় ।

মানুষের ভিতর যথন প্রতিষ্ঠা-প্রতিপত্তি অর্জনের লিক্ষা উদপ্র হইয়া উঠে, কাজের পরিবর্তে সন্থা নামযশের আকাজ্জা প্রবলতর হইয়া দেখা দেয়, মোটকথা মানুষ যখন নামের জন্ম হিভাহিত বিবেচনা-শুম্ম হইয়া অভিমাত্রায় পাগল হইয়া পড়ে, তখনই ভাহার সদ্ধৃদ্ধি ও সংকশ্মের শক্তি একেবারে লোপ পায়, সে তখন ভাহার মহান্ আদর্শ উদ্দেশ্য ও স্বাধীন বিচারবৃদ্ধি হারাইয়া, ব্যক্তিত, বৈশিষ্ট্য ও মর্যাদাবোধ বিসজ্জনি দিয়া অপরের প্রশংসা, মনস্তৃষ্টি ও বাহবার জন্ম উদ্ভান্ত হইয়া ঘুরিয়া বেড়ায়, তখন ভাহার কর্ত্তব্যাকর্ত্তব্য, ম্যায়, অম্যায়, ভাল মন্দের দিকে কোন দৃষ্টি থাকে না, ভাহার সমস্থ মনোযোগ তখন অপ্রের সমর্থন ও প্রশংসা কুড়াইবার দিকে ঝুঁকিয়া পড়ে। এই ভাবে সে সর্কদা অন্মের মুখাপেকী হইয়া নিজেকে ক্রেমশঃ ত্র্বল, অকর্মণ্য ও বিবেককে অপমানিত করিয়া একেবাবে অন্তঃসারহীন দেউলিয়া হইয়া পড়ে, অন্ধ স্তাবক ও চাটুকার দলের নিকট আত্মবিক্রেয় করিয়া স্বীয় উয়তি অন্তুদেয়ের শেষ যানিকা টানিয়া ধর্ম ও কর্মজীবনের শেষ সমাধি রচনা করে। সাধক দেশসেবকের জীগনে ইং। এক মন্ত বড় বিপজ্জনক অবস্থা।

জীবন-পথের পথিক, জীবন-সাধনার সাধক! সাবধান।
নামযশের ফাঁদে পা দিয়া অকাল মৃত্যুকে বরণ করিও না, প্রীশ্রীসজ্জ্বনেতার মহাবাণী উৎকর্ণ হইয়৷ শোন—' যশমান প্রতিষ্ঠাকে পদদলিত
করিয়া, আরক ত্রত উদ্যাপনে দৃত্প্রতিজ্ঞ হইয়া, নিন্দাপ্নানি ও বিরুদ্ধ
সমালোচনার অগ্নি-পরীক্ষায় নিজেকে শোধন কয়িয়া লইয়া জীবনের
হর্গম পথে জয়্মাত্র। হুরু কর, অংক্কার অভিমানকে চূর্ণবিচূর্ণ করিয়া
জীব-জগতের মহাকল্যাণের জ্বল্ম আপনাকে উৎসর্গ কর, প্রকৃত শান্তি
ও কল্যাণ লাভ করিয়া জীবন জনম ধন্তা কর।"

#### ---:0:---

# ্কম্মা, কর্ম ও প্রতিষ্ঠান

কর্ত্ব-প্রভূত্বর দম্ভ অহমিকা, আত্ম-প্রাধাস সংস্থাপনের উদ্ধাত মনোবৃত্তি ও আত্মপ্রচারের তুর্বার আকাদ্মা লইয়া কর্মাক্ষেত্রে প্রবেশ করিলেই কর্মাদের মধ্যে দেখা দেয় ইর্যা বিদ্বেষ, অনৈকা পার্থকা, কল্প মনোমালিকা। নিজেকে প্রতিষ্ঠানের প্রয়োজনে না লাগাইয়া কর্ম্মারা যখন প্রভিষ্ঠানকেই নিজের প্রয়োজনে লাগাইতে উন্তত্ত হয়, স্বীয় বিত্যাবৃদ্ধি, পাণ্ডিতা, কর্মাক্তিদ্বারা প্রতিষ্ঠানের প্রয়োজন পূরণ, উৎসাহ-উন্তম কর্মাপ্রচেষ্টা দ্বারা প্রতিষ্ঠানের উন্নতি, প্রীবৃদ্ধি ও উদ্দেশ্য সাধন না করিয়া কর্ম্মারা প্রতিষ্ঠানের ঐশ্র্যা, প্রতিপত্তি, শক্তি ও স্থেখাভিকে ব্যক্তিগত স্বার্থ প্রতিষ্ঠা, প্রতিপত্তি, উদ্দেশ্য ও ধ্যালি

চরিতার্থের জন্ম নিয়োগ করে, তখনই তাহার পরমায়ু শেষ হইয়া যায়;
সঙ্কীর্ণ স্বার্থসিদ্ধির ঘুণ প্রবেশ করিয়া অত্যঙ্কালা মধ্যে বিরাট
প্রতিষ্ঠানকে একেবারে অন্তঃসারহীন করিয়া ফেলে এবং জীপ অট্টালিকার
মত একটু আঘাতেই উহা ধ্বসিয়া পড়ে।

কিন্তু কন্মী যখন প্রাকৃত দেবকের মনোর্ত্তি লইয়া ভগবংসেবা, দেবসেবার উদ্দেশ্যে কন্ম ক্ষেত্রে অগ্রসর হয়, যখন সে কন্মের দায়িত্ব ও সেবার অধিকার লাভ করিয়াই নিজেকে ধলা ও কৃতার্থ মনে করে এবং সমস্ত ফলাফল ইষ্টে সমর্পণ করিয়া ইষ্টের তৃষ্টি ও পৃষ্টিকেই নিজের তৃষ্টি ও পৃষ্টি কেই নিজের তৃষ্টি ও পৃষ্টি কিন্তা গ্রহণ ও অফুভব বাহিতে থাকে, তখনই উষর মরুবৃক্কে মরুতানের মন্ত বিবিধ জ্ঞালামালা, অমুখ আশান্তিপূর্ণ এই জ্লগতের বৃকে জ্ঞানারণের শান্তি, সাজ্বনা ও কল্যাণের উৎস সর্ক্ল স্থমহান্ প্রতিষ্ঠান সমূহ শক্তিশালী ইইয়া গড়িয়া উঠে।

কল্মারাই প্রতিষ্ঠানের প্রকৃত প্রাণশক্তি, মহছদেশ্রে নিঃশার্থ নিরলস অভিযানই ইহার জীবন। সেবা ও সাধনা, ত্যাগ ও নিম্পৃহতা, সংযম ও পবিত্রতা দ্বারা কল্মীদের জীবন যতই শুদ্ধ ও মহান্ হইয়া উঠিবে অন্ধর্চান-প্রতিষ্ঠান সমূহও ততই বিশুদ্ধ, মহান্ ও শক্তিশালী হইবে; ইষ্টসমপিতিতিও, স্বার্থনিরপেক্ষ, নিরলস কর্ত্তবানিষ্ঠ, অটুট সঙ্কল্প ও কঠোর ব্রত্থবায়ণ, গভীর দায়িজজ্ঞানসম্পন্ন ও নেভার আদেশ পালনে তৎপর, পরস্পর প্রীতিপরায়ণ, নির্ভীক ও উজ্মসম্পন্ন কর্মিগণের স্থান্ন সংহতিই (তাহা যতই ক্ষুদ্ধ হউক না কেন) জগতে অসাধ্য সাধন করিতে পারে—করিয়া থাকে, আর ইহার অভাব যেখানে, সেখানেই (সেই সংহতি যত বড়ই হউক না কেন) শুধু দ্বেকোলাহল, বাহ্বাক্ষেটি, বাগাড়ম্বর, প্রাণহীন গভানুগতিক জীবনযাত্রা নির্বাহ—কাল্কের কাল্প কিছুই নয়।

সাবধান, ছঁসিয়ার। ভোমার প্রবিত্তিগণ নিদারুণ তঃখকষ্ট লাঞ্চনা নির্যাতন সহ্য করিয়া কঠোর ত্যাগ তপস্থার ভিতর দিয়া বৃকের রক্ত ঢালিয়া আন্তরিক দরদ ও অমাম্বিক পরিশ্রাম সহকারে যে প্রতিষ্ঠানকে গড়িয়া তুলিয়াছেন, যাহার বর্ত্তমান মহন্ব, গৌরব, প্রতিষ্ঠা-প্রতিপত্তির জন্ম নীরবে শত সহস্র কন্মী কৈ বিরাম-বিশ্রাম, স্বাস্থ্য-স্থেপ প্রভৃতি বিসর্জন দিয়া অনাহার অনিজায় তিলে তিলে জীবন বলি দিতে হইয়াছে, ভোমার ব্যক্তিগত ত্র্ব্বৃদ্ধি, পেয়াল ও স্বার্থ-সঙ্কীর্ণ মলিন প্রবৃত্তি ও অকর্মণ্যভার জন্ম সেই মহান্ প্রতিষ্ঠানের স্থ-উচ্চ স্বর্ণশৃঙ্গকে ধূল্যবল্পীত করিও না। ভোমার জীবন ধ্বংস হয় হউক, কিন্তু প্রতিষ্ঠানের মর্য্যাদা যেন ক্ষ্প না হয়। যদি কখনও প্রতিষ্ঠানের মর্য্যাদা ও গৌরব রক্ষা করিতে নিভান্তই অসমর্থ হও, তবে বরং মৃত্যু বরণ করিয়া সরিল্যা পড়িও, প্রতিষ্ঠানকে কল্বিত করিও না। কেন না, ভোমার ব্যক্তিগত জীবন অপেক্ষা প্রতিষ্ঠানের জীবনের মৃল্যু ও মর্য্যাদা তের বেশী।

প্রতিষ্ঠানকে নিভান্ত আপনার বোধে প্রাণের দরদ দিয়া সেবা করিও। আপনার জন যেমন আপনার জনের সেবা করিয়াই আনন্দ পায়, ছঃখকষ্ট সহ্য করিয়া পরিশ্রম করিয়াই তৃত্তি পায়, বিনিময়ে কিছু প্রত্যাশা করে না, তৃমিও তেমনি প্রতিষ্ঠানের সেবা করিয়া আনন্দ পাইতে চেষ্টা কর, বিনিময়ে কিছু প্রত্যাশা করিও না। দিনমজুরের যেমন দিনশেবে পারিশ্রমিক পাইলেই প্রাণ্য মিটিয়া যায়, সমস্ত দিনের কঠোর পরিশ্রমে যাহা সে গড়িয়া ভোলে ভাহার সহিত ভাহার কোন সম্বন্ধ বা ভাহাতে কোন অধিকার থাকে না, ভেমনি যে কর্ম্মী ওধু নিজ স্বার্থ, যান, প্রতিষ্ঠা, প্রশংসা বা বাহাছ্রী প্রভৃত্তির জন্ম কাজে করে, ভোহারও সেই সমস্ত লাভ হইলেই প্রাণ্য কুরাইয়া যায়, প্রতিষ্ঠানের

সহিত প্রাণের কোন সম্বন্ধ, তাহার উপর নৈতিক কোন অধিকার জাং না এবং সে কখনও প্রতিষ্ঠানের অন্তরঙ্গ বা আপনার জন হইতে পারে না। কিন্তু যে নীরবে নিঃশব্দে আপনার জনের মত ওধু প্রতিষ্ঠানের জঃ কাজ করিয়া যায়, বিনিময়ে দিন-মজুরের মত (কাজের শেষে) কো মজুরী চায় না বা কোন কিছু প্রত্যাশা করে না, সমগ্র প্রতিষ্ঠান ভাহার হয় : শুধু ভাহার নিজের সেবার ফল নয়, প্রতিষ্ঠানের সমং কশ্মীর সেবার ফলই সে লাভ ও ভোগ করে। সে হয় প্রতিষ্ঠানে প্রাণকেন্দ্র, কর্মী-সভ্যের মধ্যমণি, ভাহাকে ছাড়া তথন সমস্ত কি। অচল হইয়া পড়ে। এইভাবে মানুষ যখন সমস্ত ফলাফল ইষ্টে সমর্প করিয়া তাঁহারই সেবা ও পুজাবোধে সম্পূর্ণ নিরাকাক্ষচিত্তে কর্ম করিছে অভ্যস্ত হয়, তখনই তাহার জীবন ও জনম সার্থক হয়, জীভগবান স্বয় ভাহার নিকট সর্বসিদ্ধি লইয়া উপস্থিত হন, নাম, যশ, প্রতিষ্ঠা প্রতিপত্তির কথা তখন ভূলেও আর মনে আসে না, সে-সমস্থ তথ কাকবিষ্ঠার মত নিতাম্ভ তুচ্ছ ছেলে-খেলা বলিয়া মনে ইইতে খাবে তখন সেই মৃহুর্ত্তে কর্মী, কর্ম ও প্রতিষ্ঠান চরম সার্থকতা, পর: সিদ্ধি ও গৌৰৰ অৰ্জন কৰিয়া ধলা হয়।



## প্রশংসা ও বিরুদ্ধ-সমালোচনা

কাহারও প্রশংসা-স্তুতিতে গলিয়া যাইও না এবং কাহারও বিরুদ্ধ সমালোচনায়ও ক্ষিপ্ত হইয়া উঠিও না। অনেক সময় প্রশংসা-স্তুতি অপেক্ষা বিরুদ্ধ সমালোচনায়ই মান্তবের বেশী উপকার হয়। কেন না অযথা প্রশংসা স্তুতি মানুষকে স্বীয় দোষক্রটি সম্বন্ধে অন্ধ ও উদাসীন করিয়া ওপু দান্তিক ও আত্মন্তরী করিয়া তোলে, আর নিন্দা, বিরুদ্ধ-সমালোচনা অঙ্গুলি নির্দ্ধেশে দোষক্রটি গলদ ও চুর্ববলতা দেখাইয়া দিয়া মানুষকে আত্মশোধনে সাহ।য্য করে এবং তাহার বিচার ও বিবেক-বৃদ্ধিকে জাগ্রত রাখে। প্রশংসা-স্তুতি মানুষের অপূর্ণতার দিক হইডে দৃষ্টি ফিরাইয়া, তাহার প্রকৃত অবস্থা ভূলাইয়া উন্ধতির পথ রুদ্ধ করিয়া রাখে, আর গালি মন্দ ও সমালোচনা মানুষের অপূর্ণতার দিকে মনোযোগ আকর্ষণ করিয়া জীবনের পূর্ণতা সাধনে সাহায্য করে।

প্রশংসাকারী-মাত্রই ডোমার মিত্র এবং বিরুদ্ধ-সমালোচনাকারী
মাত্রই ডোমার শক্র নয়, বরং ভবিপরীত। কারণ, অনেক সময় অনেক
আর্থপর হৃষ্টপ্রকৃতির লোক সহায়ুভূতি আকর্ষণপূর্বক কোন নীচ মত্তরর
বা আর্থসিদ্ধির উদ্দেশ্যে নিরর্থক প্রশংসা ও চাটুবাক্যে মন ভূলাইভে
চেষ্টা করে, আবার অনেক সময় অনেক অন্তরঙ্গ স্কুল্ন পোষক্রটিতে
ব্যথিত হইয়া সম্পূর্ণ নির্দোষ ও ক্রটিশৃশ্য করিবার সদিজ্যার সমালোচনা
করিয়া থাকে। পিভামাতা যেমন সন্তানকে তাহার কল্যাণ ও উন্নতির
জন্মই শাসন করিয়া থাকেন, পীড়নের জন্ম নয়, ভেমনি হিতৈরী
বন্ধ্রগণও অনেক সময় শুধু অধিকতর উন্নত করিবার জন্মই নানাপ্রকার
ভূল ও ক্রটি বিচ্যুতি দেখাইয়া প্রীতির সহিতই গালাগালি দিয়া থাকে,
হেয় বা অপদস্থ করিবার জন্ম নয়।

জীবন-গঠনে যত্নশীল প্রকৃত কল্যাণকামী ব্যক্তি কখনও বিরুদ্ধ-সমালোচনায় রুষ্ট এবং প্রশংসায় উৎফুল্ল হটয়া উঠেন না। প্রকৃত বৃদ্ধিমান বিচক্ষণ ব্যক্তি নিন্দা-স্ততি উভয় ক্ষেত্রেই অস্তরের অস্তরতম প্রদেশ তন্ন তন্ন করিয়া অনুসন্ধান করিয়া দেখেন, প্রকৃতই তিনি কত্টুকু প্রশংসা ও কতটুকু নিন্দার যোগ্য। স্বার্থসিদ্ধির মানসে কেহ অযথা অতিরিক্ত প্রশংসা করিলে তিনি ক্ষুণ্ণ ছইয়া ক্ষতিকারী শত্রু বোধে বিষবৎ তাহার সংস্রব পরিত্যাগ করেন এবং কেহ সংশোধনের ইচ্ছায় বিরুদ্ধ-সমালোচনা করিলে উপকারী বন্ধু বোধে তাহার নিকট আগাইয়া আদেন—সমস্ত অভিযোগ নিঃসঙ্কোচে, নতমস্তকে স্বীকার করিয়া লইয়া আত্মশোধনের চেষ্টা করেন। ছষ্টবৃদ্ধিপ্রণোদিত, স্তোকবাক্যপটু চাটুকারদের অপেক্ষা সদ্ধৃদ্ধি প্রণোদিত বিরুদ্ধ-সমালোচকদিগকেই প্রকৃত আত্মোন্নতিকামী ব্যক্তি অধিকত্র ভালবাসিয়া থাকেন। কারণ, তিনি জানেন, অনেক সময় বহু চেষ্টা করিয়াও যে দোবক্রটি নিজে ধরা যার না, তাহা অপরে অনায়াসেই ধরিয়া দিতে এবং সঙ্গে সঙ্গেসংগধনের উপায়ও নির্দেশ করিয়া দিতে পারে।



উন্নতিশীল স্বাধীন রাষ্ট্রগুলি যেমন রাষ্ট্রের দোষক্রেটিগুলি দেখাইয়া দেওয়ার জন্ম এক একটি আইনামুগ বিরোধী দল স্বীকার করিয়া লইয়া উহার নেতাকে সরকার হইতে ভাতা দান করেন, তেমনি প্রকৃত আত্মকল্যাণকামী ব্যক্তি সর্ববদার জন্ম বিরুদ্ধবাদীর প্রতি প্রীতির ভাব দেখাইয়া তাহাকে তাহার মতামত ব্যক্ত করিবার স্থযোগ দেন এবং ধীর ও গভীরভাবে তৎসম্বদ্ধে চিন্তা করিয়া আত্মশোধন ও আত্মকর্ত্বব্য নির্দ্ধারণ করেন। তোমারও যে ভূল হইতে পারে তাহা ভূলিয়া যাইও না, তাহা হইলেই আর কখনও কোন কিছুতে গোল হইবে না।

### নেতা ও নেতৃত্ব

প্রকৃত নেতা তিনি, যিনি উন্নত শির বনস্পতির মত সমস্ত ঝড়ঝঞা, আঘাত-আক্রমণ নিজে মাথা পাতিয়া লইয়া জাতি, সমাজ ও অনুষ্ঠান-প্রতিষ্ঠানকে নিরাপদে লক্ষ্যস্থানে পৌছাইয়া দিতে পারেন। এ-জগতে যিনি যত বেশী ঝঞা-দাপট ও প্রতিকৃলতা সহ্য করিয়া জাতির যত বড় গুরুতর দায়িস্ভার বহন করিতে পারেন তিনিই ভত বড় নেতা।

নেতার কৃতি ও সাফল্য শুধু অবস্থা ও পরিস্থিতি অমুযায়ী হ্রন্দর স্থান্দর কার্যাপ্রণাগী উদ্ভাবন ও কর্মীদের মধ্যে সে সমস্ত বন্টন করিয়া দিয়া স্থান্থলাক করিয়া দিয়া স্থান্থলাক করিয়া দিয়া স্থান্থলার গ্রহণের মত উপযুক্ত কর্মী ও নেতা তৈয়ারীর মধ্যে। নেতা যদি দায়িও গ্রহণের মত উপযুক্ত কন্মী তৈরী করিতে না পারেন, তবে কার্যাপ্রণালী যতই স্থান্দর ও সময়োপযোগী হউক না কেন, ভাগ কথনও সাফল্যমন্তিত হইতে পারে না। উপযুক্ত নেতা, উপযুক্ত কন্মী ও লক্ষ্যে পৌছানোর মত উপযুক্ত কার্যা-প্রণালীর একত্র সমাবেশ যেখানে, সেখানেই প্রকৃত সাফল্য ও সিদ্ধি লাভ ছইয়া থাকে।

নেতা যখন দায়িখসম্পন্ন উপযুক্ত কন্মী গড়িয়া তুলিতে পারেন তখন নেতার আসন শৃষ্ম হইলেও কাজের কোন ক্ষতি হয় না ; রাবণের কব্তিত মুগু পুনঃ পুনঃ সংযোজিত হওয়ার মত উপযুক্ত কন্মী আসিয়া নেতার নেতৃত্বভার গ্রহণ করিয়া সমস্ত কার্যা নেতার মতই হুঠুভাবে পরিচালন করিতে পাবে, অক্সথা নেতার অভাবে কর্মীরা মস্তিক্ষ্টীন দেছের মত প্রাণহীন নির্ম্পীব হইয়া পড়ে—সমস্ত আদ্দালন, কাজ বা প্রতিষ্ঠান সেখানেই পশু হইয়া যায় : সেই প্রতিষ্ঠান, আন্দোলন ও কাজই কালজয়ী হইয়া টিকিয়া থাকিতে পারে যায়া অর্থ নয়, উপয়ুক্ত কর্মী ও নেতার গৌরবে সর্ব্বদা গৌরবা দ্বিত হওয়ার সৌভাগ্য লাভ করে।



উপযুক্ত নেতা সমস্ত কর্তৃত নিজের হাতে রাখিয়া কর্মীদের উপর কাল্কের ভার চাপাইয়া কর্তার উচ্চাদন হইতে শুধু আদেশ নির্দেশ ছারা ভাহাদিগকে যন্ত্রের মত পরিচালন করেন না, তিনি কর্মীদের সম্মুৰে মহান আদর্শ তুলিয়া ধরিয়া ভাহাদের প্রাণে কর্ত্তব্য সাধনের উৎসাহ, প্রেরণা ও গভীর দায়িছবোধ জাগ্রত করিয়া দেন এবং সঙ্গে সঙ্গে প্রত্যেককে নিজ শক্তি সামর্থামুযায়ী দায়িত্বভার অর্পণ ও ভাহা উদযাপনের জ্বন্স স্থযোগ স্থবিধা ও স্বাধীনতা (প্রত্যেকের দায়িত্তের গণ্ডীর ভিতরে ) প্রদান করেন। তাহাতে কন্মীদের অন্তর্নিহিত হস্ত শক্তি জাত্রত হইয়া উঠে, সে নিজের উৎসাহে অন্তরের প্রেরণায় কর্ম-সাফল্যের জন্ম স্বেচ্ছায় সানন্দে আপ্রাণ পরিশ্রম করে এবং বৃহত্তর দায়িত্ব গ্রহণের উপযোগী হয়। অবশ্য কেহ দায়িত্ব ও স্বাধীনতার অপব্যবহার না করে, স্বেচ্ছাচারী উচ্ছু, খল না হইয়া উঠে ডৎ প্রতিও সর্ববদা সভর্ক দৃষ্টি রাখিতে হইবে। তাহা না হইলে নেতাই তাহার দায়িত বিষয়ে উদাসীনতার দোষে দোষী হইবেন। কারণ, অক্সের অধিকার, দায়িত্ব বা কর্ত্তবো অযথা হস্তক্ষেপ অথবা অভিরিক্ত

#### উদাসীনতা উভয়ই কুফল প্রসব করে।



সহকল্মীদের নিকট হইতে যদি আন্তরিক সোহস্তা ও সহযোগিতা আশাকর, তোমার গুরুতর দায়িছভার, ছঃখ, ছন্চিন্তা ও উদ্বেশের কিছু অংশ তাহারাও গ্রহণ করুক—ইহা যদি ইচ্ছা কর, তবে যোগ্যতা ও অধিকার অনুসারে তোমার বিরাট দায়িছ কর্ত্তব্য সম্বন্ধে আলোচনা করিয়া তাহাদিগকে সে সম্বন্ধে ভাবাইয়া তোল এবং কিছু কিছু তাহাদের হাতে ছাড়িয়া দিয়া নির্ভর কর, তাহা হইলেই তাহারা তোমার সহিত যোগ্যতা অনুসারে সমান্তরাল ভাবে চিন্তা করিয়া সমান দায়িছবোধ ও কর্ত্তবাবৃদ্ধি নিয়া কর্মান্ধেরে চলিতে পারিবে এবং ছুমি যখন যেখানে যেরূপ আগ্রহ সহকারে আগাইয়া যাইবে তাহারাও তেমনি আগ্রহ সহকারে সানন্দে তোমার সঙ্গে বিনা আহ্বানে প্রয়োজনবোধে আগাইয়া যাইবে, তোমার মত তাহারাও সমস্ত অনুবিধাকে বরণ করিয়া বীরের মত বিপদের সম্মূপে বুক টান করিয়া দাঁড়াইবে।



নেভাকে সর্বাদা মনে রাখিতে হইবে—গর্বোদ্ধত শক্তির স্পর্দ্ধিত
আদেশে মান্ন্বের শরীর নড়িতে পারে,কিন্তু অন্তর সাড়া দেয় না।
অন্তর সাড়া দেয় কর্তব্যের ডাকে, দায়িছের অংহবানে, মহান্ আদর্শের
প্রেরণায়, প্রেম-প্রীতি, সমবেদনা ও সহায়ুভূতির সন্মোংন শক্তিতে।
অহমিকাপূর্ণ কর্ত্ত্রের স্থাবের গার্বিত আদেশ কতকক্তি বিচারবৃদ্ধি ও
চিন্তাশক্তিহীন মন্তিক্ষশ্যু সাধারণ লোক শুনিতে পাবে, যতদিন ক্ষমতা
হাতে থাকে ততদিন কতকগুলি অসহায়, নিরাশ্রেয় অধীনস্থ ব্যক্তি স্ব স্ব
স্বার্থদিদ্ধিব জান্য ভাহা মানিয়াও চলিতে পাবে এবং সাময়িকভাবে

তাহাতে কিছু কাঞ্চও হইতে পারে; কিন্তু তাহাতে কোন স্থায়ী ফল হয় না এবং কোন আত্মর্য্যাদাসম্পন্ন বিচক্ষণ ব্যক্তি, কোন বিচারবৃদ্ধি-সম্পন্ন শক্তিমান পুরুষ তাহা কখনও শোনে না, মানিয়াও লয় না তাই ভস্মাচ্ছাদিত অগ্নির মত একটা রুদ্ধ অসন্তোষ, একটা বিরুদ্ধ মনোভাব সকলের অন্তরে নিদারুণ আক্রোশে গজ্জন করিতে থাকে এবং যখনই সুযোগ পায় তখনই আত্মপ্রকাশ করিয়া বিজ্ঞাহের সৃষ্টি করে।



এ জগতে হাদয়ই হাদয় জয় করে, সমবেদনা সহামুভূতিপূর্ণ অন্তরই অন্তরে সাডা ও প্রেরণা জাগায়, নিঃমার্থ প্রেম-প্রীতি-ভালবাসাই মামুষের প্রাণমনের উপর সত্যিকার আধিপত্য স্থাপন করিতে সমর্থ হয়। একই লক্ষ্য এবং আদর্শ সাধনার ভিতর দিয়া জীবন-পথে অমুভূতির রাজ্যে যে ঐক্য ও মিলন, যে মধুর প্রীতির সম্বন্ধ ও সৌহত স্থাপিত হয়, তাহাই স্থায়ী মিলন, প্রকৃত সম্বন্ধ ও সৌহত। নিঞ্চের ও সহকর্মীদের প্রাণে সাধনার এই হোমানল প্রজ্ঞালিত কর, মহান্ লক্ষ্য ও আদর্শের বেদীমূলে একে একে দন্ত, অভিমান, অহস্কার, কর্তৃত্ব প্রভুত্ব, নামযশ-প্রতিষ্ঠা-প্রতিপত্তি লাভের তৃষ্ট আকাজ্ঞা ও স্বার্থপরতা সঙ্কীর্ণতা প্রভৃতি সব কিছু নিঃশেষে বলি দাও, শিশিক্ষু সেবাপরায়ণ ভাব লইয়া কর্ত্তব্য-পথে অগ্রসর হও, প্রতি কর্ম্মে প্রতি পদক্ষেপে ঐশী নিৰ্দ্দেশ লাভ করিবার জন্ম সমস্ত অন্তর্গে নিষ্কিঞ্চন করিয়া ততুন্ম ধ করিয়া ধর—লক্ষ্য সিদ্ধ হইবে, ভোমার জীবনে জীবন লাভ করিয়া সমস্ত দেশ ও জাতি নূতন বিক্রমে জাগিয়া উঠিবে, ভোমার শক্তি ও সাহসে শক্তিমান্ ও সাহসী হইয়া সকলে সমস্ত বিপদাপদ উপেক্ষা ক্রিয়া লক্ষ্যপানে অগ্রসর হইবে, লক্ষ লক্ষ ব্যক্তি ভোমারই গৃহীভ

দায়িত্ব ও কর্ত্তব্যকে বরণ করিয়া লইবার জ্বন্ত সাপ্রাং আগাইয়া আসিবে, তোমারই নির্দ্দেশ ও নির্দ্ধারণের জ্বন্ত সানন্দে প্রাণ বলি দিভে সকলের মধ্যে হুড়াহুড়ি কাড়াকাড়ি পড়িয়া যাইবে।

\*

এ জগতে প্রকৃত নেতা হওয়া ও অপরকে পরিচালন করা খুবই শক্ত। ভগবৎ কুপায় যিনি অন্ধকারের মধ্যে আলোর সন্ধান পান, প্রজ্ঞালোকে যিনি ভবিষ্যুৎ দেখিয়া পথের সন্ধান লাভ ও কর্ত্তব্য নির্দ্ধারণ করিতে সমর্থ, তিনিই প্রকৃত নেতা হইবার যোগ্য। ভগবানকে আশ্রয় করিয়া যিনি এ জগতে একমাত্র ভগবংশক্তিও ভগবন্ধিদেশ উপরই নির্ভর করেন, সমস্ত কর্ত্তব্ প্রভূত্ ক্ষমতা, প্রতিপত্তি ও নেতৃত্ব ভগবচ্চরণে অর্পণ করিয়া নিজেকে যিনি সর্ব্বদা তাঁহার সেবক বলিয়া অমুভব করেন, যিনি একমাত্র ভগবানের নিকট হইতেই তাঁহার সমস্ক শক্তি, সাহস, উৎসাই ও প্রেরণা লাভ করিয়া থাকেন, তিনিই প্রকৃত নেতা। এ জগতে যিনি যত নির্ভিমান, নিরাকাজ্ঞ, যিনি যত কর্ত্ত্তাভিমানশৃষ্য ও আদেশ পালনে তৎপর, ভগবানের ইচ্ছা এবং আদেশ অন্তরে অনুভব করিয়া নিব্লেকে যিনি যত বেশী পরিচালনা করিতে পারেন, তিনিই অপরকে তত বেশী আদেশ ও পরিচালন করিতে সমর্থ। নিজের উপরে যাহার যত বেশী আধিপতা, কর্তব্যের আহ্বানে সর্বাত্রে যিনি বিপদের সম্মুখে দাডাইতে অভ্যন্ত, যিনি যত উদান, নিঃস্বার্থ সেবাপরায়ণ, নির্ভীক, স্বীয় স্তর্খ-স্বাচ্ছন্দা, অারাম-বিরামে যিনি যত উদাসীন ও অপরের ফ্রখ-স্বাচ্ছন্দ্য-বিধানে যিনি যত তৎপর, সর্কা-পেক্ষা গুরুতর দায়িত্ব ও কাঠারতর কর্তবাভার বংনে যিনি যত অগ্রণী, অপরকে নিরাপদ রাখিয়া নিজেকে বিপদে ফেলিতে যিনি যত উদ্যোগী

অপবের হৃদয়াসনের উপর িনি তত অধিক প্রাধান্ত লাভ করিতে পাবেন। এ জগতে তিনিই খাটি নেতা ও পরিচালক, যিনি উদ্দেশ্য সাধনের জন্ত সর্ববদা অকুণ্ঠচিত্তে তিলে তিলে আত্মদান করিতে প্রস্তুত । স্তত্যাং যদি প্রকৃত নেতা হইতে চাও তবে সর্ব্বাত্রে আপনার নেতৃত্তার আপনি প্রহণ কর, অন্ত কাহারো দিকে না তাকাইয়া, অপর কাহারও উপর নির্ভর না করিয়া, একমাত্র ভগবানকে স্মরণ ও সহায় করিয়া উদ্দেশ্ত সাধনের জন্ত মৃত্যুপণ পূর্বক তাঁহার পতাকা হস্তে সাহস সহকারে আগাইয়া যাইয়া জাতি ও সমাজের পুরোভাগে দাড়াও। কেহ যদি পিছনে না আসে, তবে তুমি একাই আগাইয়া যাও, কেহ যদি সাড়া না দেয় তবে তুমি একাই তোমার অস্তবের আহ্বানে সাড়া দাও, অন্ধকারে যদি পথ না দেখ, তবে বিবেকের আলো জালাইয়া লও, তাহা হইলেই জাতি, সমাজ ও প্রতিষ্ঠান তোমায় বরণ করিয়া লইবে, সকলে অপ্রশী হুইয়া হৃদয়ের অর্থ্য দিয়া নেতার আসনে তোমাকে প্রতিষ্ঠা করিবে।

ওঁ শম

-- 2\*2-

## আতারকা

এ জগতে শক্তিহীন ত্র্বল, আত্মরক্ষায় নিশ্চেষ্ট ও উদাসীন যে, শভ শত রক্ষক, সহস্র সহস্র রক্ষাক্বচও তাহাকে রক্ষা করিতে পারে না যদি না সে নিজে শক্তি সঞ্চয় করিয়া আত্মরক্ষায় উত্তোগী হয়। মানুষ যদি নিজের শক্তিতে উঠিয়া দাঁড়াইতে না পারে, তবে অপরে তাহাকে দাঁড় করাইয়া রাখিতে পারে কত সময় । স্তুতরাং কোনও ব্যক্তি, সমাজ বা মানবসমন্তিকে যদি অক্সার অভ্যাচারের কবল হইছে আত্মরক্ষা করিতে হয়, তবে প্রথমেই চাই শক্তিচর্চা ও শক্তির অমুশীলন দ্বারা প্রত্যেকের যথোপযোগী শারীরিক, মানসিক, নৈতিক ও আধ্যাত্মিক শক্তি অর্জনের ব্যবস্থা; তাহার পর চাই সকলের প্রাণে গভীর আত্মবিশ্বাস এবং অভ্যাচার উৎপীড়নের প্রতিরোধ ও প্রতিকার-করের সভ্যবদ্ধভাবে কোশল সহকারে শক্তি প্রয়োগের হর্জের সাহস ও উদগ্র আকাজ্জা। মামুষ যত্তই সবল, শক্তিমান হউক না কেন, সে যদি নিভীক, সাহসী ও কৌশলপরায়ণ না হয়, তবে ভাহার শক্তিসামর্থ্য প্রয়োজনের ক্ষেত্রে বিশেষ কোন কাজে লাগে না। তাই শক্তি অর্জনের সঙ্গে সঙ্গে শক্তি প্রয়োগের সাহস ও আগ্রহ জাগ্রত করিয়া দিয়া উপযুক্ত রক্ষক ও রক্ষাকবচের ব্যবস্থা করেতঃ অভ্যাচারীর কবল হইতে অভ্যাচারিত্রের আত্মব্রুকার ব্যবস্থা করিতে হইবে।

এখানে একটা কথা সকলকে খুব ভালভাবে জানিয়া রাখিতে হইবে যে, মানুষ নিজেই নিজের রক্ষক, অপরে তাহাকে রক্ষা করিতে পারে না, পারে শুধু সাহায্য করিতে। মানুষ যদি ভগবানের উপর নির্ভির করিয়া আত্মশক্তিতে শক্তিমান, আত্মবিশ্বাসবলে বলীয়ান্ হইয়া নিভী কভাবে আত্মরক্ষার্থ দণ্ড রমান হয়, জীবন দিব তব্ অভ্যাচারীর নিকট আত্মসমর্পণ করিব না—এইরূপ দূচসন্বল্প গ্রহণ করিয়া অভ্যায় অভ্যাচারের বিরুদ্ধে মরিয়া হইয়া স গ্রাম চালায়, তবে তাহাকে কেছ ধ্বংস করিতে পারে না। আর সে যদি ভগবানকে বিত্মত হইয়া আত্মশক্তিতে আন্থা হারাইয়া ত্র্কলভা, ভীরুভা ও কাপুরুষতাকে আত্মর করিয়া আত্মরক্ষায় সম্পূর্ণ নিশ্চেষ্ট ও উদাসীন থাকে, তবে এ ক্ষপতে এমন কোন শক্তি নাই যাহা তাহাকে রক্ষা করিতে সমর্থ হয়।

অভ্যাচারী ছ্ট্রত্ব্যুত্তর প্রকৃতপক্ষে কোন দোষ নাই, কারণ স্বভাব-ছুর্ব্ব তে, সুযোগ স্থবিধা পাইলে সে অত্যাচার উৎপীড়ন করিবেই; ইহা ডাহার স্বভাব—প্রকৃতি। কিন্তু আমরা তুর্বল ভীক্ন কাপুক্র সান্ধিয়া আত্মরক্ষায় নিশ্চেষ্ট ও উদাসীন থাকিয়া তাহাকে সে স্রযোগ স্থবিধা দিব কেন ? এ জগতে সাহস ও পৌরুষহীন ক্লাব নপুংসকের নিশ্চেষ্টতা ও কাপুরুষতাই অত্যাচারী তৃষ্টত্র্ক,তের অন্তরে অত্যাচারের স্পৃহা ও সাহস জাগ্রত করিয়া তাহাদিগকে নিকটে ডাকিয়া আনে, তুর্বলতা ভীক্তাকে প্রশ্রয় দিয়া অত্যাচারীর নিকট আত্মসমর্পণ করিয়া নিজেদের উপর অভ্যাচার উৎপীডনের স্থাযাগ দেয়। পক্ষান্তরে নির্ভাক শাক্তিমান পুরুষের অমিত তেজ, হুর্দ্দমনীয় শৌধাবীধা, বিক্রম-পরাক্রম ও সাহসই তুর্ব্ব,ত্তের প্রাণে ভীতির সঞ্চার করিয়া পলাঃনে বাধ্য করে। তৃষ্টত্র্কৃত যদি বুঝিতে পারে যে, সামাক্ত একটু আঘাত আক্রমণেই ফেরুপালের মত সকলে পলায়ন করিবে তবে ভাহারঃ ভাগা না করিবে কেন ? আর ভাহার৷ যদি মনেপ্রাণে জ্ঞানে যে. আঘাত বা অভ্যাচার উৎপীড়ন করিলে তাহা অন্ততঃ দশগুণ প্রতিষাত নিয়া ফিরিয়া আসিবে, তবে তাহারা তাহা করিতে যাইবে কিসের আশায় ? মানুষের অন্তর্নিহিত স্বাভাবিক তুর্বলতা, ভীরুতা, কাপুরুষতঃ ও নিশ্চেষ্টতাই অপরকে ভাহার উপর অভ্যাচারে প্ররোচিত করে। ভয়কে অন্তরে স্থান দিলে, অত্যাচারীর নিকট আত্মসমর্পণ করিলেই অত্যাচারের মাত্রা বৃদ্ধি পায়, আর তেজবীর্ঘ্য বিক্রম পরাক্রম প্রদর্শন ক্রিলেই অত্যাচারীর প্রাণে ভীতির সঞ্চার হয়; স্বতরাং আজিকার এই ঘোর হঃসময়ে মামুষের ঘুমন্ত পৌরুষ ও হুগু বীর্ষকে আবার স্থাগ্রত করিয়া তুলিতে হইবে, গ্রপ্ত সাহস ও শৌর্থাকে আত্মরক্ষারু

কাজে নিয়োগ করিয়া প্রকৃত জীবনের পরিচয় দিতে ইইবে এস
অত্যাচারিত, নিপীড়িত, লাঞ্চিত, অপমানিত, ধর্মান্তরিত, ভাতসর্বন্ধ
নরনারি! এস, যুগাচার্যোর অভয় চরণে আশ্রায় গ্রহণ করিয়া অভীঃ ময়ে
দীক্ষা লও, শক্তি-সাধনায় আত্মনিয়োগ করিয়া মূতন ভোজোদীপ্ত
ভাষর জীবন লাভ কর। ঐ দেখ উপবিষ্ট মহান আচার্যা, মহাশক্তির
প্রভীক শাণিত হুদীর্ঘ বিশ্ব হস্তে ভোমাদিগকে বরাভয় দানের জক্ত
অপেক্ষা করিতেছেন, ঐ শুন, কল্পুক্ঠে ভিনি নবযুগের মহামুক্তি ও
শক্তি-মন্ত্র উদ্গান করিয়া ভোমাদিকে আশ্বাস দিতেছেন—

"হর্ষকতা, ভীক্তা, কাপুরুষতাই মহাপাপ, বীরছ, পুরুষছ
মহাত্রত ও মুমুক্স্ছই মহাপুণ্য।" তোমরা আজ হর্ষকতা-ভীক্তাকাপুরুষতারূপ মহাপাপ পরিত্যাগ করিয়া বীরছ পুরুষত্বরূপ মহাপুণ্যকে
জীবনে বরণ করিয়া লও, আত্মরক্ষার স্পৃত্ সহল্প লইয়া সকলে সভ্যবদ্ধভাবে অস্থায়-অত্যাচারের বিরুদ্ধে দণ্ডায়মান হও, স্বয়ং ভগবান
ভোমাদিগকে সাহায্য করিবেন।" ও শান্তিঃ! শান্তি!!!
হরি ওঁ

## জাবনের গতিপথে

কর্মক্ষেত্র-মাত্রই সংগ্রাম-ক্ষেত্র। কর্মক্ষেত্রেই কর্মীর প্রকৃত্ত পরীক্ষা, ক্লীবনে ক্রমোরতি বা প্রতিষ্ঠা প্রতিপত্তি অর্জনের সঙ্গে সঙ্গে এই পরীক্ষা ক্রমশঃ কঠোরতর হইতে থাকে। এই মহা পরীক্ষার উত্তীর্ণ হইতে পারিলেই অনস্ত কল্যাণ—পরম প্রাপ্তি, আর বিপর্বায়ে করম বিলুপ্তি—মহতী বিনষ্টি। কিন্তু ভাবিলে বা ভয় করিলে গলিবে না। প্রীভগবানকে শারণ করিয়া, হর্জয় সাহসে বৃক্ বাধিয়া সমস্ত বাধাবিদ্ধ বিপত্তিকে চুর্ণ বিচুর্ণ করিবার জন্ম প্রাণশ শক্তিতে সংগ্রাম করিছে হইবে। পুরুষ-সিংছ যিনি ভিনি জাহাই করেন—করিয়া বিজ্য়ীর বরমাল্য প্রাপ্ত হন। কর্মী-মাত্রেরই এই মহান্ আদর্শ বরণীয়, অমুসরণীয়।

চঞ্চলতা চপলতা পরিহার কর, তুর্বলতা ভীরুতাকে বিসন্ধান দাও।
'থৈষ্য কৈছ্য সহিষ্ণুতাই—মহাশক্তি, বীরুত্ব পুরুষত্ব মন্থ্যুত্বই মহাপুণ্য''
দক্তনেতা মহান্ আচর্য্যের এই মহাবাণীকে মহামন্ত্রভানে সর্বদা
অনুধ্যান ও অনুসরণ কর। কোন প্রকার হতাশা নিরাশা বিষাদ
অবসাদ যাহাতে মুহুর্ত্তের জন্মও বিচলিত করিতে না পারে সেই জন্ম
দর্বদা সাবধানে থাক।

সর্বপ্রকার অপ্রত্যাশিত ব্যবহার, সমস্ত রকম বিরোধী মনোভাব ও অনভীম্পিত আলোচনা সমালোচনাকে শ্রীভগবানের আশীর্বাদ ভাবিয়া সানন্দে বরণ করিয়া লও। কোন্প্রকার নিন্দা গালি ভরস্কার ভর্পনা বা বিরুদ্ধাচরণে বিচলিত হইও না; 'কেই বা ভোমারে মালা পরাইবে, কেই বা ভোমারে পদ প্রহারিবে। কিছুতেই চিন্তের প্রশাস্তি ভেঙ্গোনা। সদাই আনন্দে ইছিবে মগনা ওঁ তৎ সৎ ওঁ'

বার সন্ধ্যাসী বিবেকানন্দের এই উদান্ত সঙ্গীত কর্মসাধনার ব্রতী কর্মীমাত্রেরই দিক্ষপুনমন্ত্র।

মনে রাখিও—চলিতে চলিতে যে আন্ত হয় তাহার নানা প্রকাম আী লাভ হয়। স্বয়ং দেবরাজ ইচ্ছ ভাহার সথা। তেথে শয়ক করিয়া থাকে ভাগ্য তাহার শায়িত থাকে। যে উঠিয়া বসে ভাগ্য তাহার সঙ্গে সঙ্গে উঠিয়া বসো আর যে চলিতে থাকে ভাগ্যও তাহার সঙ্গে সঙ্গেই চলিতে থাকে। তেথে চলে সে মধু প্রাপ্ত হয়, বে চলে সে অযুত্রময় স্থাত্ব উত্বর ফল লাভ করে; কিছু আেই ব্যক্তিও যদি নিশ্চেই অবস্থায় শরন করিয়া থাকে তবে সে অবজ্ঞাত্ত হয়। স্কৃতরাং পথে চল—'চরৈবেভি';—দিব্যজন্তী খাবির চলার মন্ত্রকে জীবনের ক্ষবতার। করিয়া লও, কিছুতেই নিশ্চেই থাকিও না। পড়িতে পড়িতে উঠিয়া গাঁড়াও, (টাল সামলাইয়া) ল'ড়াইতে ল'ড়াইতে চলিতে আরম্ভ কর। সদা প্রবহমান কালপ্রবাহের উপর দণ্ডায়মান থাকিরা জীবন-পথের পাথেয় সঞ্চয় করিতে করিতে অগ্রসর হও—চলিতে থাক বিরামহীন ত্র্নিবার গতিতে।

একটা মৃহুর্জও যেন আর বৃথা অতিবাহিত না হয়, একটা নিমেবও যেন হেলায় খেলায় না কাটে, চোখের একটা পলকও যেন বার্থ, শ ভাবে না পড়ে। যে দিনটা চলিয়া গেল সেই দিনটা আর কখনও ফিরিয়া আদিবে না। কিন্তু যেভাবে সেই দিনটা অতিবাহিত হইক ভাষা ভাষার জীবন-প্রান্থ ঠিক সেই ভাবেই চিরতরে মুক্তিত হইরা থাকিল, কোন ক্রমেই তাহার আর পরিবর্তন ঘটিবে না। কিন্তু ইহ শুধু অন্ধকারময় অতীতের গহরেই অদৃশ্য হইয়া থাকিবে না। অনাগত ভবিশ্বতের উপরও প্রভাব বিস্তার করিয়া চলিবে যুগ্র্যান্তর-জন্ম-জন্মান্তর। স্থতরাং মহদ্যক্তিগণের আদর্শ অমুসরণ কর। "সেকেশু মিনিটের কাটার গতিবেগের সঙ্গে সঙ্গে আমি আমার সাধনার গতিবেগ বৃদ্ধি করিয়াছি, ভোমরা প্রতি মাসে মাসে তাহা করিবে"—শ্রীশ্রীসক্রনেতার এই মহাবাণীকে সর্ব্বদা শ্বতি-পথে রাখিয়া জীবন-পথে চল।

হঃখ-ছর্দশার ভাঙ্গিয়া পড়িও না, ব্যর্থতার গ্লানিতে মুক্তমান হইও না। স্মরণ কর তথাগত বৃদ্ধের (বোধিলাভের পূর্বমূহুতে গৃহীত ৰজ্ঞপূঢ় সম্কল্প – 'এই আসনে উপবিষ্ট অবস্থায় আমার শরীর যদি শুদ্ধ হয়, তথাস্থিমাংস যদি পচিয়া গলিয়া ধ্বংস হইয়া যায় তথাপি বছ-কল ছল ভ বোধি লাভ না করিয়া আমি এই আসন ত্যাগ করিব না।' ইহাই বীরব্রত, বীর্যাবানের জীবনবেদ।

কালক্রেমে স্বাভাবিকভাবে ভোমার উপর যে স্থমহান্ দারিজভার আসিয়া পড়িয়াছে ভাহা স্থসম্পন্ন করিবার জ্বন্স সর্বভোভাবে চেষ্টা কর। অনস্থ শক্তির আধার যিনি ভাহার জ্রীচরনে কাঁদিয়া কাঁদিয়া প্রার্থনা জানাও, ব্যাকুলভাবে তাঁহার জ্রীচরণে নিজেকে নিঃশেষে উৎসর্গ করিয়া দাও, দেখিবে শক্তির অভাব হইবে না। যিনি দায়িজভার দিয়াছেন তিনিই নৃতন করিয়া শক্তি সঞ্চার করিবেন, সর্বপ্রকার বাধা বিশ্ব অপসারিত করিয়া কন্টকাকীর্ণ পথ নিজ্ঞন্টক করিয়া দিবেন। চতুর্দিকে বিপদের বেড়াজাল, নিদার্থন্থ মধ্যেছে

কাল-বৈশাখীর ঘনঘটা, মুভ্রু ছঃ অশনিপাত, স্প্তিবিকাসী মহাকালের প্রলয় তাণ্ডব; কিন্তু ভাহা শুধু ক্ষণিকের জ্বন্ত । মুহূর্ত পরে আবার নির্মেঘ আকাশ, আবার সৌরকরোজন সুন্দর পৃথিবী, আবার মৃত্যমন্দ মলয় হিল্লোল। বিশারে অভীভূত হইবে শ্রীভগবানের সেই প্রম স্থানর কৃপাঘন দিব্য রূপ দর্শনে, আর পুল্কিত হইবে সেই কুসুম-কোমল, স্লেহশীতল হস্তের অমিয় মধুর স্পর্ণে।

প্রশান্ত মহাসাগরের মত হুগভীর প্রশান্তি চাই। এই ধূলিমলিন জগতের কোন প্রকার মালিক্স যেন সেই প্রশান্তি নষ্ট করিতে
না পারে। বিরাট দায়িছ, গুরুতর কর্ত্তব্য সম্মুখে। মহান্ সেই
নায়িছ কর্তব্যের কথা চিন্তা কর। আর নিজেকে সর্বভোভাবে
উপযুক্ত করিয়া ভোল। শুধু গভামুগতিক কর্ম, শুধু বিদ্যা-বৃদ্ধিপাপ্তিত্য ও বাশ্বিভার দিক দিয়া নয়, ভাবের দিক, নীভি-ধর্ম-আদর্শনাধনা ও অনুভূতির দিক দিয়াও। "মানসিক অবস্থার এমন পরিবর্তন
লইয়া সর্বত্র উপস্থিত হইতে হইবে যাহাতে প্রভাবেই ভোমাদের
দঙ্গ করিয়া একটা প্রভাব অনুভব করিতে পারে"—শ্রীশ্রীসভ্বনেতার
এই নির্দ্দেশবাণীকে অনুসরণ করিয়া অগ্রসর হও যাহাতে ভোমার
ভাগবত জীবনের উদ্দীপনায় সকলে উদ্দীপিত হইয়া উঠিতে পারে।

স্বর্ণকার বৈমন একতাল স্বর্ণকে অগ্নিতাপে তপ্ত ও তরল করিয়।
আঘাতে আঘাতে স্থান্দর ও স্থান্দ অলস্কার তৈরী করে তেমনি তোমার
ছীবনের রূপকার বিনি তিনিও তোমাকে প্রতিনিয়ত পরীক্ষার
অগ্নিকৃতে নিক্ষেপ করত: শ্রন্ধাশীল, নির্ভরশীল, ঘাতসহ মঞ্জবৃত করিয়া
প্রকৃত মানুষ হিসাবে, জীবন-সংগ্রামে বিজয়ী বার হিসাবে গড়িয়া
ত্লিতেছেন। স্থতরাং সমস্ত ভয় ভাবনা শ্রীভগবানে স্বর্ণণ করিয়া

নির্ভয়ে পথ চল। বছ ঝড়ঝা অতিক্রম পূর্বক বাঁহার। জীবন-সাগরের কূলে উপনীত, সহস্র সংগ্রামজয়ী মৃত্যুঞ্জয়ী সেই সমস্ত বীর সাধকদের পাশে গাড়াও।

# জীবন-গঠনের সাধনা

জীবন-গঠন সভাই বড় গুরাহ ব্যাপার। এই জ্বন্থ অস্থির হইলে, ধৈর্ঘ্য হারাইলে চলিবে না। যে ব্যক্তি বীজ বপন করিয়াই ফল লাভ করিতে চায়, কাজ আরম্ভ করিয়াই সিদ্ধির জ্বন্নমাল্য পাইবার জ্বন্থ লালায়িত হয় তাহার চেয়ে কুপার পাত্র কে থাকিতে পারে ?

একবার শারণ করিয়া দেখ—প্রথমে বর্ণমালা শিথিতে, লেখা অভ্যাস করিতে কত কট, কত বিরক্তি বোধ হইয়াছিল। কিন্তু এখন আর তাহা হয় না, সমস্ত কিছু কেমন সহজ্ব হইয়া গিয়াছে। প্রত্যেক কাজেরই আরস্তের সময় ঐরপ হয়, পরে অভ্যাস হইয়া গেলেই আর কোন কট থাকে না, বরং আনন্দ পাওয়া যায়। জীবন-গঠনের বেলায়ও তদ্ধেপ। স্থভরাং সফলতা বিফলতার দিকে না তাকাইয়া প্রতিনিয়ত চেষ্টা করিয়া যাও। শুধু চাই চেষ্টা যত্ন, উত্তম অধ্যবসায়—প্রতিদিন প্রতিশ্বণ নিরবচ্ছিয় ভাবে। বৈধ্য ধরিয়া যদি নিত্য নিরস্তর নিয়মিতভাবে চেষ্টা করিতে পার তবে প্রতিবারের চেষ্টাই তোমাকে পরবর্তী বারের চেষ্টায় সহায়তা করিবে, শক্তি, সাহস ও উৎসাহ দান করিবে। এ জগতে বৈধ্যিই বৈধ্য-শক্তি যোগায়, সাহসই সাহসকে বাড়াইয়া দেয়, চেষ্টায়ত্বই

চেষ্টাযম্বের সামর্থ্য দান করে। প্রভাকে কালা, প্রভাকে অনুষ্ঠানেরই একটা অন্থনিহিত শক্তি, একটা নিজস্ব গতিবেগ আছে। কাল আরম্ভ করিলে সেই শক্তি, সেই গতিবেগই মামুষকে স্বীর পথে, নিজ্ব ভঙ্গিতে চালাইরা লইরা যার। একদিনও সংপথে চলিলে, বিন্দুমাত্র সদ্প্রের অমুশীলন করিলে ভিতরে সিংহশক্তির সঞ্চার হয়, সমস্ত তুর্বলতা, সমস্ত ভয় ভাবনা দূর হইয়া যায়। স্থতরাং কোন প্রকার দ্বিধা সজোচ না করিয়া ধৈধ্য ধরিয়া চলিতে থাক, নিজ্বেই নিজ্বের উন্নতি দেখিয়া বিশ্বিত হইবে। ঐ শুন শ্রীশ্রীসজ্ব-নেতার অভ্যবাণী—"ধৈহ্য, সৈহ্যা, সহিষ্ণুভাই সাধ্কের মহাশক্তি।" এই মহাবাণী সর্বদ। ধ্যান কর, অনুসরণ করিয়া চল।

খ্ব আত্মবিশ্বাদ চাই। অন্ত সকলে যাহা পাবে তুমি তাহা পারিবে
না কেন ? নিশ্চয়ই পারিবে। মানুষ্ঠ অসাধা সাধন করে, মানুষ্ঠ
অসম্ভবকে সম্ভব করিয়া তোলে। অতীতে ভোমার নিকট যাহা অসাধা
বা অসম্ভব ছিল তাহা যখন আজ সাধা ও সম্ভব হইতেছে, তখন
আজিকার অসাধা ও অসম্ভাব্য যাহা তাহাই বা ভবিশ্বতে সাধা ও সম্ভব
হইবে না কেন ? নিশ্চয়ই হইবে। তবে তাহার জন্ম উপযুক্ত শ্রম,
উপযুক্ত মূল্য দিতে হইবে—কঠোর সাধনা (চেষ্টা যত্ন) করিছে হইবে।
কাঁকি বা গোঁজামিল দিয়া এ-জগতে কোন দিন কিছু হয় নাই,
হইবেও না। স্থতরাং সেদিকে পদক্ষেপ করিও না। অনায়াসে,
অল্লায়ানে কাজ হাসিল করিবার কথা ভাবিও না। সর্বপ্রকার
সন্দেহ, সংশয়, অবিশ্বাসকে তাড়াইয়া দাও। দ্বিধা সম্ভোচ দূর করিয়া,
আত্মবিশ্বাসকলে বলীয়ান হইয়া জীবন-সাধনায় ত্রতী হও—সাফল্য
স্থনিশ্চিত।

কুসঙ্গীদের নিকট হইতে সর্বাদা দূরে থাকিতে হইবে। যাহারা কুপ্রবৃত্তি জাগ্রত করিয়। কুকার্য্যে প্রবর্ত্তিত করে তাহাদিগকে হিংস্র ক্লানোয়ারের মত মনে কংবি। ইহারাই তোমাদের প্রথম ও প্রধান শক্র। শুভ্র শেফালীর মত কত শত নির্মাল চরিত্র, পবিত্র, সরল প্রকৃতির বালক, কিশোর ও যুবক যে ইহাদের কবলে পড়িয়া ধ্বংস হুইয়াছে ও হুইতেছে কে তাহার ইয়তা করে ? কখনও হিতকারী বন্ধর মুখোস পরিয়া, কখনও বা পরামর্শদাতা উপদেষ্টা সাজিয়া, আবার কখনও পড়াশুনা বা অন্য বিষয়ে সাহায়্য করিবার অছিলা ধরিয়া ইহার! ভোমাদের নিকট উপস্থিত হইবে। তাহার পর ধীরে ধীরে ঘনিষ্ঠতা স্থাপিত হইলে সময় সুযোগ বৃঝিয়া কুমতলৰ সিদ্ধিব চেষ্টা করিবে। শিকারী যেমন শিকার ধরিবার জন্ম ওৎ পাতিয়া থাকে এবং স্থামাপ উপস্থিত হইলেই তাহার উপর ঝাঁপাইয়া পড়ে, ইহাদের স্বভাবও ঠিক ডক্রেপ। স্ততরাং সাব্ধান। বখনই কেছ বিনা প্রয়োজনে অ্যাচিতভাবে ভোমার সম্বন্ধে অস্বাভাবিক মনোযোগ দিতেছে, কারণে অকারণে অভ্যধিক আগ্রহের সহিত বিশেষভাবে ওধু তোমারই (তাহার স্বভাব বা প্রকৃতির বিক্রে ) সহায়তার জন্ম আগাইয়া আসিতেছে, সর্বনা ভোমাকে অভিনিক্ত দরদ, প্রীতি ও আপনার ভাব দেখাইয়া ভোমার সাল্লিধ্য লাভের জন্ম বাতা, কোন না কোন উপলক্ষ্য বা অছিলায় ভোমাকে কিছু দিতে ও ভোমার প্রয়োজন সাধন করিতে উদ্গ্রীব তখনই বৃঝিরে—উহা কখনও উদ্দেশ্যহীন বা কলুষমুক্ত নয়, কোন পাপ, কোন কুমতলব উহার মধ্যে আত্ম:গাপন করিয়। আছে। স্তত্তরাং কখনও ইহাদের প্রশ্রয় দিবে না ; কোন প্রকার তুর্বলতা প্রকাশ না করিয়া সর্বদা ইহাদের সংস্রব হইতে দূরে থাকিবে। তবুও যদি

আগাইয়া আদে তবে কঠোরভাবে উপেক্ষা ও প্রত্যাখ্যান করিবে।

কুচিন্তা, কুভাবনা ও কুপ্রবৃত্তিক কখনও হাদয়ে স্থান দিও না। ইহারাই কুকার্য্যের প্ররোচক ও প্রবর্তক, মামুষকে কুপণগামী করিবার সহায়ক। সাধারণতঃ কিশোর বালক ও যুবকদের কুস্তম-কোমল, সরল অন্তরই ইহাদের পরম রমণীয় ও লোভনীয় ক্রীড়াক্ষেত্র। তুষ্ট কীটের মত ইহারা মামুষের জনয়ে প্রবেশ করিয়া মামুষকে ধ্বংস করিয়া ফেলে, ঘুণের মত একেবারে অন্তঃসারহীন করিয়া দেয়। ক্ষয়রোগের বীজাগুর মত ইহারা মামুষকে ভিলে ভিলে জীবনীশক্তিহীন করিয়া মৃত্যুর মুখে ঠেলিয়া লইয়া যায়। ইহাদের এমনই একটা নেশা বা মাদকতা আছে যে, প্রথমে কিশোর ও যুবকগণ তাহা ব্রিতে পারে না, বরং আনদেদ আত্মহারা হইয়া একেবারে দেহ-মন:প্রাণ এলাইয়া দেয়। কিন্তু কিছুদিন পর যখন প্রতিক্রিয়া শুরু হয়, শরীরে ভাঙ্গন ধরে, চোখের কোনে কালি পড়ে, মনে বিষাদ ও অবসাদ আসে, তখন সব কিছুই বৃঝিতে আরম্ভ করে; কিন্তু এমন অবস্থায় যাইয়া পৌছার যে আর ফিরিয়া আসিবার উপায় থাকে না, শক্তি থাকে না। তখন জীবন নিতান্ত প্ৰৰ্বহ হইয়া উঠে, বাঁচিয়া থাকা বিভূম্বনা বলিয়া মনে হয়। আত্মহত্যা করিয়া সমস্ত জালার অবসান করিতে ইচ্ছা হয়। ভাই বলি হুসিয়ার! কিছুডেই, কোন ক্রমেই এই পাপকে ভিভয়ে প্রবেশ করিতে দিবে না। তুমি যেমন ভোমার বাড়ীর মালিক, সেখানে কাহাকেও প্রবেশ করিতে দেওয়া না দেওয়ার কর্তা, তেমনি ভোমার হাদয়, ভোমার মনেরও মালিক তুমি, সেধানে কাহাকেও প্রবেশ করিতে দেওয়া না দেওয়ার কর্ত্তাও তুমি। কোন অবাঞ্ছিত বাক্তিকে যেমন ভোমার গৃহে প্রবেশ করিতে নিষেধ কর, তেমনি এই অবাঞ্চিত চিন্তা,

ভাবনা, প্রবৃত্তিকেও নিবেধ করিবে। হাদর-দ্বারে বিবেকরূপ প্রহরী সর্বাদা নিযুক্ত করিয়া রাখ। যখনই উহারা ভোমার ভিতরে প্রবেশ করিতে উপ্তত হইবে তখনই নিষেধ করিবে, সবলে বাধা দিবে। যাহারা ভোমার ধ্বংস সাধনে সম্প্রত, স্বাস্থ্য, শক্তি, আয়ু ও শান্তি কাড়িয়া লাইতে নিযুক্ত, ভাহাদিগকে আতভারীর মত হত্যা করাই কি উচিৎ নয় । সাবধান! এই বিষয়ে ভূল করিও না, আত্মপ্রভারণা করিও না। আতভারী শুধু বৈষয়িক ক্ষতি করে না, স্থুল দেহের নাশ—এই জীবনও ধ্বংস করে। কিন্তু কুচিন্তা, কুভাবনা, কুপ্রবৃত্তি মানুষের সংপ্রবৃত্তি, সংসংস্থার ও সদ্গুণ সমূহ নষ্ট করিয়া বহু জন্ম গ্রহণ করাইয়া বহু জ্বীবন ধ্বংস করে—অশান্তির আগুনে পুড়াইয়া বহুকাল অসহ্য—যন্ত্রণ ভোগ করায়।

আক্রমণকারী শক্র সৈত্যের বিরুদ্ধে যেমন সর্বদা সচকিত, জাপ্রত ও সশস্ত্রভাবে পাহারা দিতে হয়, জীবন গঠনের-সাধককেও তেমনি কুসঙ্গী, কুচিন্তা ও কুপ্রবৃত্তির বিরুদ্ধে সদা জাপ্রত অবস্থায় পাহারা দিতে হয়। কখনও শক্রবেশ, কখনও মিত্রভাবে, কখনও ছল্ম-বেশে, আবার কখনও বা এক মুহূর্ত্ত পরেই ফিরিয়া যাইবার প্রতিশ্রুত্তি দিয়া উহারা তোমার অন্তরে প্রবেশের পথ করিয়া লইতে রেষ্ট্রা করিবে। কিন্তু বিশেষভাবে মনে রাখিও—একবার যদি উহারা কোমার বিবেক—তোমার বিচার-বৃদ্ধিকে প্রভারণা বা মুদ্ধ করিয়া ভিতরে প্রবেশ করিতে পারে ভবে আর তুমি কিছুতেই উহাদিগকে প্রতিহত করিতে পারিবে না। তুর্গ-প্রাচীরে ফাটল ধরাইয়া অবরোধ ভাঙ্গিতে পারিলে যেমন সেই পথে সহস্র সহস্র শক্রবিশ্ব ভিতরে প্রবেশ করিয়া হর্গ দখল করিয়া বসে, এখানেও তেমনি ভোমাকে

প্রপুক করিয়া একবার সম্বন্ধের দৃঢ়ভা, সাধননিষ্ঠা ও মনোবল ভাঙ্গিরা দিতে পারিলে সেই ছিন্তপথে উহারা ভোমার অন্তরে প্রবেশ করিয়া সমস্ত হৃদয় মন দখল করিয়া বসিবে। স্কুভরাং যখনই কুচিস্তা, কুপ্রবৃত্তি আসিবে তখনই রীতিমত ধমক দিবে। হৃদয় মন ভোমার—ত্মি যদি স্বেচ্ছায় সেখানে কাহাকেও প্রবেশ করিতে না দাও তবে কাহার সাধ্য সেখানে প্রবেশ করে ? এখানে নরম হইলে বা ভয় করিলে চলিবে না। জীবন-মরণ সমস্তা যেখানে সেখানে কি নরম হইলে চলে ? এখানে স্থেমক অপেক্ষা দৃঢ়, সমুক্ত অপেক্ষা গন্তীর, ব্জুপেক্ষাও কঠোর হইতে হইবে।

সর্ববিশ্রকার কোমলতা, কমনীয়তাকে চুর্গ বিচুর্গ করিয়া ফেল।

দাধন জীবনে, তপস্থার জীবনে, শিক্ষা ও চরিত্র গঠনের সময়ে

কোমলতা, কমনীয়তার কোন স্থান নাই। এখানে যুদ্ধকেত্রে

দংগ্রামরত সৈনিকের মত নির্মিষ হইতে হইবে। যে কোন দোষ

ফটি তুর্ববলতা, যে কোন আদর্শ বিরোধী ভাবকে সমূলে উৎপাটিত

করিয়া ফেলিতে হইবে। ইহাতে সমস্ত বিশ্ব-ক্রন্মাণ্ড যদি বিরুদ্ধে

ভাতার, সমস্ত পৃথিবীর দরদীরা আসিয়া যদি চোধের জল ফেলে

হব্ও ক্রক্ষেপ করিবে না। স্বীয় কর্তব্য পালন, আদর্শ অমুসরণ

চরিয়া বীরের মত আগাইয়া যাইবে। জীবন-গঠনের সাধনায় অভ

হেজে ভড়কাইলে চলে না। মারের প্রতি বৃদ্ধদেবের, শয়তানের

প্রতি যীশুখুইের সেই বজ্ঞগন্তীর নির্দেশ স্মরণ কর, মদন ভস্মকারী

দবাদিদেব মহাদেবের সেই রুজ্বমূর্ত্তি ধ্যান কর। খাটি সাধকের

ইহাই তো প্রকৃত রূপ, প্রকৃত স্বভাব।

সং পথের সহ্যাত্রী খুব কম। উপযুক্ত সঙ্গী যদি না পাও

छात এकार हिला इरोत। अग्र काम मित्र डाकारेत मा : ভাকাইবে শুধু আদর্শের দিকে, জীবনের শক্ষ্যের দিকে। আদর্শ ও লক্ষার দিকে তাকাইয়া দৈনন্দিন জীবনের সমস্ত কার্য্য নির্বন্তিত क्रिति । हार्तिनित्कत क्र श कि जार विकास हिन्दि । এত नित्न क्र कि করিতেছে না করিতেছে তাহা দেখিবার প্রয়োজন নাই। সহ-যাত্রীদের মধ্যে কে সঙ্গে আসিল, কে পিছনে পড়িল সে দিকেও দৃষ্টি দিবার আবশ্যক নাই। তুমি শুধু ডাকাইয়া দেখ যে, ভোমার আদর্শামুযায়ী ভোমার জীবনের প্রতিটি কাজ অমুষ্ঠিত হইতেছে কি-না, তীব্র গতিতে জীবনের লক্ষ্যপানে অগ্রসর হইতে পারিতেছে কি-না। ভোমার আদর্শ ভোমাকে অফুসরণ করিতে হইকে, ভোমার লক্ষ্য স্থানে ভোমাকে পৌঁছিতে হইবে। ইংগর সহিত অন্তের কি সম্বন্ধ থাকিতে পারে ? এ জগতে তোমার শুভাশুভ কর্ম্মের ফলভোগী তুমি, তোমার ভালমন্দের জ্বন্ত দায়ী তুমি, অকা কেই নয়। অন্তে ওধু ভোমাকে সাহায্য করিতে পারে ; কিন্তু সব কিছু করিতে হইবে তোমাকেই। স্তভরাং তোমাকে তোমার ভাবে, তোমার আদর্শে চলিতে হইবে। অশু সকলে যদি জীবন-গঠনে নিস্চেষ্ট বা উদাসীন থাকে ভাহা হইলেও ভোমাকে নিশ্চেষ্ট বা উদাসীন शांकित्न हिन्दिन ना । विश्वविद्यानस्थत स्य ছाज भन्नीकांत्र भन्नानकनक স্থান অধিকার করিতে চায় ভাহার কি সাধারণ ছাত্রের মত হৈ-ভল্লোড করিয়া বেড়াইলে চলে ? স্থভরাং ভোমাকেই বা ভাহা করিলে চলিবে কেন ? কোন আত্মঘাতী বাক্তি যদি নিঞ্চের পায়ে কুঠারাঘাত করে ভবে কোন বিচক্ষণ ব্যক্তি যেমন ভাহার অহুসরণ করে না, ভেমনি অজ্ঞ ব্যক্তিরা যদি খীয় দায়িত্ব ও কর্তবা, জীবনের মহান্ আদর্শ কক্ষা বিশ্বত হইয়া আন্ত পঞ্চ চালিত হয় তবে কোন বিবেকী বা বিচারসম্পন্ন ব্যক্তিই তাহার দিকে ফিরিয়া ভাকায় না। মহাপুরুষদের জ্বীবনই ইহার প্রকৃষ্ট দৃষ্টান্ত। সর্বপ্রকার বিরোধিতা সত্ত্বেও তাঁহারা তাঁহাদের ভাবে, তাঁহাদের গল্ভব্যপথে চলিয়া সমগ্র জগদ্বাসীর নিকট এক মহান্ দৃষ্টান্ত স্থাপন করিয়া যান। তাঁহাদের সেই মহোচ্চ আদর্শ অমুসরণ করিয়াই জ্বীবনকে আজ সর্বভোভাবে গড়িয়া তুলিতে বদ্ধপরিকর হুইতে হুইবে। ইহাই জ্বীবনকে মহান্ ও গরীয়ান্ করিয়া তুলিবার পথ।

# অন্তর্বাণী

'আমি স্থায় কথা বলিতে কাহাকেও ছাড়ি না'—এই ধরণের আত্মন্তরিতাপূর্ণ কথা, অনেকের মুখেই শুনা যার এবং যাহারা বলেন তাহারা যেন একটু গর্ব করিয়াই ইহা বলিয়া থাকেন। কিন্তু প্রশ্ন—এই স্থায়-অস্থায় বা স্থায়-অস্থায় বিচার করিবে কে ? অর্থাৎ আমিই আমার স্থায় অস্থায়ভার বিচার করিব, না অপরে করিবে ? পরীক্ষাণী নিজের খাতা দেখিরা সসন্মানে উত্তীর্ণ বলিয়া ঘোষণা করিবে, না পরীক্ষক ? স্থাতরাং কি বলিতেছি, তাহা বলিবার পূর্বে শান্তভাবে স্থিরা মন্তিক্ষে করিয়া দেখা প্রয়োজন।

শিক্ষার্থী ও পরীক্ষার্থীর কোন্টা ভূল ও কোন্ট। গুদ্ধ তাহা বিচার করেন শিক্ষক ও পরীক্ষক। আসামী প্রকৃতই অপরাধী অথবা নিরপরাধ তাহা বিচার করেন আইনজ্ঞ বিচারক, আবার বিচারকের বিচাবের যাথার্থ্য বিচার করিয়া দেখেন ক্রেমান্থসারে উচ্চতর পর্য্যায়ের স্থায়াধীশগণ। এমতাবস্থায় আমার কথার স্থায়্তা-অস্থায়্তা বিচারের যোগ্য অধিকারী আমি নই, তাহা বিচারের প্রকৃত যোগ্যতা ও অধিকার আমার অপেক্ষা যাঁহারা বিজ্ঞ ও প্রাক্ত তাঁহাদের।

সাধারণ মামুষ তো অতি তুচ্ছ; ফায়-অফ্রায়, ধর্মাধর্ম, কর্তব্য-অকর্তব্য নির্ণিয়ে জ্ঞানী ব্যক্তিগণও বিমৃত্ হইয়া পড়েন। এ-জ্বগতে এক মাত্র স্থিতপ্রজ্ঞ, স্থিতধী, সত্য ও তত্ত্বজ্ঞী ব্রহ্মজ্ঞ আচার্য্যগণই অভ্যান্ত নির্দেশ দিতে পারেন, অহা কেহ নহে।

যে যাথা কিছু বলিবে বা ব্ঝাইবে তাথা যতটা সম্ভব থৈষ্য ধরিয়া শুনিবে ও ব্ঝিতে চেষ্টা করিবে; কিন্তু সহসা কিছু বলিতে বা ব্ঝাইতে যাইবে না। তাহা হইলে অনেক বিপদ হইতে নিক্ষৃতি পাইবে।

উত্তেজনার যত কারণই পাকুক বা ঘটুক না কেন, হঠাৎ কিছুতেই উত্তেজিত বা আত্মবিশ্বত হইবে না। যধন মন্তিক উত্তপ্ত, মেজাজ উত্ত ও মন ক্ষিপ্ত হইরা উঠিবার উপক্রেম করিবে তখনই উত্তেজনাস্থল বা তাহার কারণ হইতে দূরে সরিয়া যাইয়া কোন কার্য্যে আত্মনিয়োগ করিবে এবং ভগবৎশারণ ও নাম করিতে থাকিবে। ইহাই উত্তেজনা প্রশামনের অমোঘ উপায়।

আকম্মিক উত্তেজনা বড় সাজ্বাতিক। ইহা শুধু অপরেরই ক্ষতি করে না, নিজেরও সর্বনাশ ডাকিয়া আনে। হঠাৎ উত্তেজিত হওয়ার কলে অনেককে বিকৃত মন্তিক, এমন কি মৃত্যুমুধে পতিত হইতে

#### পৰ্যান্ত দেখা যায়।

উত্তেজনা এক প্রকার উৎকট ব্যাধি। উত্তেজনাপ্রবশ স্বভাব যাহাদের ভাহার। অনেক সময় অকারণেও অমূলক সংশার সন্দেহবশে হঠাৎ উত্তেজিত হইয়া পড়ে, যাহার ফল অত্যন্ত মারাত্মক হইয়া দাঁড়ায়। স্থতরাং অকুরেই ইহার বিনাশ সাধন একান্ত প্রয়োজন। ধৈর্ঘ্যের সাধনা, ভগবৎচরণে ব্যাকুল প্রার্থনা ও মহতের সঙ্গ—এই ব্যাধির মহৌষধি, 'সভাং সঙ্গোহি ভেষক্ম'।

আমরা অনেকেই অনেক কথা জ্ঞানি বলিয়া গর্ব বাধ করি; কিন্তু কেহই জ্ঞানা কথাও পালন ন। করিবার জ্ঞা তুঃৰ অফুভব করি না। ইহা অপেক্ষা চরম তুর্ভাগ্য আর কি হইতে পারে।

শুধু বড় বড় বা ভাল ভাল কথা জানিলেই মানুষ বড় বা ভাল হর না। মানুষ বড় ও ভাল হয় জানা কথা ও উপদেশ পালন করিবার ভিতর দিয়া। স্ত্রাং এই সতা কথাটি তথাকথিত বিজ্ঞ, প্রাক্ত ও ধর্মাভিমানীর দল যত শীঘ্র বৃঝিবেন তত্তই মঙ্গল। পরোপদেশে পাণ্ডিত্য প্রদর্শন অপেক্ষা নিজের উপদেশ নিজে পালন করিলে লাভ হয় অনেক বেশী। এই লাভ শুধু নিজেরই নয়, অপরেরও। কারণ, কথার চেরে আদর্শ অপরের উপর অধিকতর প্রভাব বিশ্বার করে।

আমরা জানি অনেক, কিন্তু বৃঝি কম। আবার যতটুকু বৃঝি তাহাও পালন করি না এবং যতটুকু বা দাগা বৃলাইবার মত পালন করিয়া যাই তাহার ভিতর দিয়াও অনুভৃতি লাভের জন্য চেষ্টা করি না। ফলে সমস্ত জানা বৃঝা কথা ও কাজ বার্থ হইয়া অভিমানের বোঝা কেবলই ভারী হইতে থাকে। কিন্তু ইংা বৃঝাইরা দিবে কে? এই জনাই প্রয়োজন মহতের সঙ্গ এবং সদৃশুক্তর

আশ্রয়, কুপা করুণা ও আশীর্বাদ।

কোপন স্বভাব, উপ্র মেঞ্চাঞ্জ, কর্কশ বাক্য ও তুর্বিনীত ব্যবহার
মানুষকে ধীরে ধীরে একেবারে অমানুষ করিয়া ফেলে। স্চনাভেই
সাবধান না হইলে প্রথমে অপ্রিয় এবং পরে সর্বসাধারণ কর্তৃক সে
লাঞ্জিত ও অপমানিত হইতে থাকে। ইহাতেও যদি আত্মচেতনা
ফিরিয়া না আসে তবে সমাজ পরিবার ও কর্মক্ষেত্র হইতে চিরতরে
বিদায় গ্রহণ করিয়া তাহাকে নানা প্রকার তৃঃখ তুর্দশার মধ্যে নিঃসঙ্গ
ভৌবন যাপন করিতে হয়।

কথায় কথায় যে ক্ষিপ্ত ও উত্তেজিত হয়, কারণে অকারণে ফে হঠাৎ ক্রোধান্ধ হইয়া হিতাহিত বিবেচনা ও শ্রুপ্তরু জ্ঞান হারাই। ফেলে তাহার পরিণাম বড় ভয়াবহ। অবিশব্ধে আত্মশোধনে প্রবৃদ্ধ না হইলে বিকৃতমস্তিক হইবার সম্ভাবনাও থাকে।

বিষেষ বা উত্তেজনার যত কারণই ঘটুক না কেন, ধীর স্থিয় শান্তভাবে তাহার প্রতিকার ও প্রতিরোধের চেষ্টা করিতে হইবে। চঞ্চল, বিক্ষিপ্ত ও উত্তেজিত মন ঘানা কখনও কোন জটিল সমস্থার সমাধান বা কোন পবিত্র কর্তব্য পালন সম্ভব নয়। শান্ত সংযত স্থান্ত ও পবিত্র মনই কর্তব্যাকর্তব্য নির্ধারণ পূর্বক গুরুত্বপূর্ণ দায়িত্ব বহনের উপযুক্ত। স্থাতরাং এই বিষয়ে প্রত্যেককে অবহিত হইতে হইবে।

রিপু-ইন্দ্রিয়ের উত্তেজনায় উৎপীড়িত, কামনা বাসনার আলায়া কর্জরিত, অশান্ত অস্থির মন ক্রেমশঃ তুর্বল পঙ্গু ও অকর্মণ্য হইয়া পড়ে, আর রিপু-ইন্দ্রিজয়জয়ী শান্ত সরল পবিত্র কর্তব্য-সচেত্ন মন বিজ্ঞাবলৈ বলীয়ান হইয়া অসাধ্য সাধনে সমর্থ হয়।

যাহার নাম শুনিলেই তোমার অন্তরে জ্বালার সৃষ্টি হয়, যাহার বিদ্বের, অন্থায় ব্যবহার ও আচরণ তোমাকে বিদ্বিষ্ট করিয়া তোলে, নিতান্ত অকিঞ্চিৎকর হইলেও) তাহার গুণগুলি সময় সময় চন্তা করিও। তাহা হইলে কোন প্রকার আফ্রোশ চরিতার্থ । বিদ্বেষের বশবর্তী হইয়া নয়, তাহার অস্থায় আচরণ, ক্ষতিকর চার্য ও প্রতিষ্ঠার প্রতিকার ও প্রতিনিবৃত্তির জ্বন্থই তুমি নিরুদ্ধিয় চিত্তে অগ্রসর হইতে পারিবে এবং ভগবানের আশীর্বাদে তোমার এই প্রচেষ্টা সার্থক ও সাকলামণ্ডিত হইবে, অথচ তোমার নিজের নিসিক বিপর্যয় বা অন্য কোন প্রকার অকল্যাণ হইবে না।

যথনই মন কোন কারণে উৎক্ষিপ্ত, বিক্ষিপ্ত বা উত্তেজিত হইবে গ্রথনই উত্তেজনার স্থান ও কারণ হইতে দূবে সরিয়া যাইয়া মনকে গ্রাবচ্চিস্থায় নিবিষ্ট রাখিবে এবং প্রতিদিন নিয়মিতভাবে নির্দিষ্ট মেয় ভগবচচরণে প্রার্থনা জ্ঞানাইবে যাহাতে দোষক্রটি তুর্বসতাগুলি টিরে ধীরে বিদূরিত হয়। মনকে উচ্চ আদর্শের চিন্ডায় ও তাহা দোয়েণের সাধনায় নিযুক্ত রাখিতে হইবে। সংসঙ্গ, সদ্গ্রন্থ পাঠ, দোলোচনা ও একটা সং পরিবেশের মধ্যে কিছু সময় অভিবাহিত গরিলে মনের সং প্রবণতা বৃদ্ধি পাইবে। মহং আদর্শ সাধনার ইৎসাহ, প্রেরণা ও শক্তি যাহা হইতে পাওয়া যায় তাহাই প্রকৃত হিস্ক, সদ্গ্রন্থ, সদালোচনা ও সংপরিবেশ বলিয়া বৃঝিতে হইবে।

সন্দের, সংশয়, অবিশ্বাস যাহার পদে পদে এ জ্বগতে তাহাপেকা অহুখী বা কুপার পাত্র আর কে হইতে পারে ?

এই সন্দেহ-সংশার উভয়তঃ। এক দিকে মানুষ যেমন অপরের প্রতি সন্দেহ সংশার পোষণ করে, অপর দিকে সে-ও তেমনি ভাবে যে, অস্তু সকলেও বৃঝি কেবল তাহাকেই সন্দেহ করিতেছে। এই প্রকার অমূলক সন্দেহ সংশারের ফলে মানুষের জীবনে এক দিন চরম বিপদ নামিয়া আসে যাহা হইতে সে আর কোন ক্রেমেই আত্মরক্ষা করিতে পারে না।

সন্দেহণাতিকতা আপন জনকে পর ও সংশ্লিষ্ট অপর সকলকে শক্র করিয়া পরিবারে ও প্রতিষ্ঠানে ভাঙ্গন ধরায় এবং সর্বত্র একটা অশাস্তি উপদ্রব সৃষ্টি করিয়া পারিপার্থিক আবহাওয়াকেও বিবাক্ত করিয়া তোলে। ইহাতে মানুষ যে নিজেই শুধু অশুর্জালায় জ্বলিয়া মরে তাহা নহে, অপরের অশুরেও জ্বালার সৃষ্টি করিয়া তাহাকে পুড়াইয়া মারে। ফলে সে একটা বিভাষিকায় পরিণত হইয়া সর্বসাধারণ কর্ত্ত্বক পরিত্যক্ত হয়।

সন্দিয়চিত ব্যক্তি কখনও অমৃতকে গরল বোধে পরিহার করিয়া নিজেকে পরম কল্যাণ হইতে বঞ্চিত করে, আবার কখনও বা গরলকেই অমৃতবোধে আক্ঠ পান করিয়া মৃত্যুকে অকারণে (নিজের অজ্ঞাতে) বরণ করিয়া লয়।

সন্দেহবাতিকত। এক প্রকার মারাত্মক ব্যাধি। একবার ইহার

কবলে পড়িলে কিছুতেই আর নিছতি পাওয়া যায় না। ঘুণের মত ইহা মানুষের অন্তরকে ধারে ধারে একেবারে অন্তঃসারহীন অকর্মণ্য করিয়া ফেলে। শুধু তাহাই নহে, ইহা মানুষের শান্তি ও কল্যাণ বিশ্বিক করে, উন্নতি অভ্যুদয়ের পথ রুদ্ধ করিয়া জীবনকে সম্পূর্ণ ব্যর্থ করিয়া দেয়। স্তভাং এই বিষবৃক্ষকে অন্ধ্যেরই সর্বপ্রয়ে বিনষ্ট করিতে হইবে।

শ্রুন্ধা ভক্তি বিশ্বাস নিষ্ঠা ও অনুরাগ ধর্মজীবনের মূল ভিত্তি।
সল্পেই সংশয় অবিশ্বাস এই মূল ভিত্তিতে ফাটল ধরাইয়া সাধনজীবনকে বিপন্ন করে। মানুষ কখনও কখনও এতই আত্মবিষূত্
ইইয়া পড়ে যে, জীবনের একমাত্র পথ-প্রদর্শক ও পরিচালক, বিপদাপদে
একমাত্র সহায়ক ও রক্ষক, ছদিন ও ছংসময়ের একমাত্র দরদী বদ্ধ্
হিতৈষীও আপনার জন—গুরুকে পর্যান্ত নিতান্ত অকারণে আঘাত দিয়া,
নানা দোষে দোষী সাবান্ত করিয়া মনের ছংখে কাঁদিয়া মরে। কিন্তু
এমনি ছদিব বা ছরদৃষ্ট যে, একবারও মনে হয় না—দোষ গুরুর নয়
দোষ আমার, ভ্রান্ত তিনি নন ভ্রান্ত আমি নিজে, আমার আত্মাভিমান,
আমার দৃপ্ত অহং অভ্রান্ত গুরুর উপর ভ্রান্তি আরোপ করিয়া আমাকে
শুধু বিপদের মধ্যেই ঠেলিয়া লইয়া ঘাইতেছে, আমি ভ্রান্তি ইত্তে
ক্রমশঃ অধিকতর ভ্রান্তি, মোহ ইইতে ক্রমশঃ গভীরতম মোহাবর্তে
পড়িয়া হাবুড়বু শাইতে খাইতে দিশাহারা হইতেছি।

এখন এই ত্রবস্থার প্রতিকার—এই মহাব্যাধির মহৌষধ কী ? প্রতিকার বা মহৌষধ—'দতাং সঙ্গং'—সং পুরুষের সঙ্গ। কিভাবে ইহা লাভ করা যায় ? 'মহং কুপয়ৈব'—একমাত্র মহতের কুপায়। এই মহতের কুপা অতি তুর্লভ, কিন্তু অমোঘ, অব্যর্থ। ক্ষণকালের জন্মণ্ড যদি এই সূত্র্লভ বস্তু লাভ করা সম্ভব হয় তবে ইহাই মামুষকে ক্ষন-ক্ষনা হবের দন্ত, অভিমান, পাপতাপ, ভ্রমজ্ঞান্তি আবিলতা প্রিক্তা হইতে মুক্ত করিয়া এই তৃশ্বর ভবার্ণ পার করিয়া দেয়। "ক্ষণমিহ সক্ষনসঙ্গতিকো ভবতি ভবার্ণৰে তরণে নৌকা।"

গভীব রাত্রিতে — সমস্ত বিশ্ব যথন স্থানিয় তথন অতি সন্তর্পণে অন্তরের অন্তরতম প্রদেশে প্রবেশ কর। যেখানে যত পাপ তাপ মিলনতা আত্মগোপন করিয়। আছে তাহাদের বাহির করিয়া আনিয়া ভগবচ্চরণে বলি প্রদান কর। আর কাঁদিয়া কাঁদিয়া চোখের জলে বৃক ভাসাইয়া অমুতাপের অনলে আত্মদহন করিয়া প্রার্থন। জ্ঞানাও—হে প্রাণারাম প্রভা! আমি তোমার অবোধ সন্তান, আমার অজ্ঞান জনিত সমস্ত অপরাধ, সর্বপ্রকার দোষ-ক্রটি-তৃর্বকাত। ক্ষমা করিয়া তোমার প্রীচরণে স্থান দাও। তোমার ও আমার মারে যে আড়াল—যে ভেদ ও ব বধান আছে তাহা দূর করিয়া তোমার ক্ষেণ্ণীতল কোলে টানিয়া লও। হে করুণানিধান! তুমি পরিণাম পরিণতি, তুমিই এই জ্ঞাবন-তরণীর কাগ্ডারী। আজ এই বিপয়ুহুর্তে তুমি আসিয়া হাল ধরিয়া আমাকে বিপথ ইইতে স্থপথে নিয়া চল। হে অন্তর্দে বতা, হে হৃদয়-স্থামিন্! ভোমার অহৈতৃকী কুপা করুণা ও আশীর্বাদে এই দীন হীন অকিঞ্চনকে কুভার্থ কর।

এমনি ভাবের কাতর প্রার্থনায় ভগবানের আসন টলিলে তাঁহার শুভদৃষ্টি মহতের মাধ্যমে তোমাকে অভিদিঞ্চিত করিবে এবং তুমি শুস্তু ও কৃতার্থ হইবে।

### ভান্তির নেশা

আষাঢ়ের মেঘ-মেত্র সন্ধ্যা। সারাদিন অবিশ্রাম বর্ষণের পর ক্লান্ত মেঘগুলি সবেমাত্র বিশ্রাম গ্রহণ করিয়াছে। কতক কতক সান্ধ্য-সমী-রণে ভর করিয়া ইতন্তভঃ ঘুরিয়া বেড়াইতেছে। দিনান্তের ম্লান রবি ছিন্ন মেঘের ফাঁকে ফাঁকে উকি মারিয়া যবনিকান্তরালে লুকাইবার উপক্রেম করিতেছে, গোধুলির স্থিয় রক্তিমরাগ সিক্ত বিশ্বের বুকে পড়িয়া বড় স্থানর দেখাইতেছে। এমনি সময় সারাদিনের অসাড় অচল হাত-পা-শুলিকে একটু সচল করিবার উদ্দেশ্যে আশ্রম-চতরে নামিয়া আসিলাম।

বিতল আশ্রম বাটির সন্মুখে প্রাচীরঘেরা ক্ষুদ্র চহর, চহরের চারি-পাশে সারি সারি রকম-বেরক্ষের ফুল ও রং-বেরংএর পাতাবাহারের গাছ। বর্ষার বর্ষণে গাছগুলি বেশ সত্তেজ হইয়া উঠিয়াছে, আর কোমল শব্দারত আশ্রম-প্রাঙ্গনটি ঠিক যেন একখানি সবৃক্ত কার্পেটের মত দেখা যাইতেছে। কলিকাতা মহানগরীর বুকে পোড়া ইটমাটির ইমারত অট্রালিকার মাঝে প্রকৃতি যেন বর্ষা-সন্ধ্যায় তার শ্রাম অঞ্চলের সবখানি সৌন্দর্য্য এই ক্ষুদ্র বাগানে ঢালিয়া দিয়াছে। তাই জড়-সভ্যতার কৃত্রিম আব্হাওয়ার বাহিরে নয়া প্রকৃতির অপূর্ব্ব সৌন্দর্য্য হ্রষমা দেখিতে দেখিতে ভাবৃক হৃদয় আমার অতি সহক্রেই গভীর চিন্তায় ডুবিয়া গেল—আমি ভাববিহ্বলচিত্তে—আশ্রম-প্রাক্তনে পায়চারী করিতে লাগিলাম।

কত সময় এমনিভাবে কাটিল জানিনা; কিন্তু হঠাৎ একটি পিঞ্জরাবদ্ধ পাখীর ছটফটানি আমার চিন্তায় বাধা দিল; ডাকাইয়া দেখিলাম, বাগানের পশ্চিমদিকের পাচিল ঘেসিয়া কতকগুলি স্থপীকৃত ইটের উপর একটি কুন্তু পিঞ্জরে আবদ্ধ শালিকশিশু মুক্তির চেষ্টায় চুটাচুটি করিতেছে। শাবকটি একবার খাচাটির উত্তরে দক্ষিণে এবং একবার উপরের দিকে, এমনি করিয়া বারবার অনবরত ছুটিভেছে। কিছু সময় ছুটাছুটির পর হয়তো শ্রান্ত হইয়া বসিয়া পড়িল, কিন্তু মূহুর্ত্ত মধ্যেই দ্বিশুণ উৎসাহে ডানা ঝাড়া দিয়া উঠিয়া আবার চেষ্টা করিতে লাগিল। মুক্তির মাডাল নেশা আজ তাকে মাডাইয়া তুলিয়াছে, ডাই সে শ্রান্তি ক্লান্তি অবসাদ বার্থতা ভূলিয়া মরিয়া হইয়া কেবলি ছুটিভেছে।

মনে পড়িল, ধর্মজীবনের নবামুরাগ, বৈরাগ্যোদ্মেষের সেই প্রথম দিনের কথা। পিতা মাতা, ভাই বন্ধু, আত্মীয় স্বজ্পনের স্কেহময় আবেষ্টনের মাঝে প্রাণ মন সেদিন কিন্তাবে হাপাইয়া উঠিয়াছিল, কিন্তাবেই না সংসারবদ্ধ মন বৈরাগ্যের নেশায় পাগল হইয়া শিকল কাটিবার জ্বন্ত কেবলই স্থযোগ খুঁ জিতেছিল! মুক্তির জ্বন্ত সে কি তীব্র ছট্ফটানি, বাঁধন কাটিবার জ্বন্ত কী উদপ্র আগ্রহ! মুহুর্ত্তের তরেও শান্তি স্বন্তি নাই, কে যেন গলা টিপিয়া ধরে, শাস রোধ হইয়া আসে। স্বাধীন মুক্ত, জ্বলন্ত স্থেয়িরমত দীপ্ত আত্মা দেহের আবরণে মায়িক বন্ধনে আবদ্ধ হইয়া কি যন্ত্রণায়ই না জ্বলিতেছিল— চারিদিকে বন্ধনের নিদারক নাগপাশ, শত বৃশ্চিক দংশনের বিষম বিধ্জালা,—প্রানমন অস্থির ওষ্ঠাগত।

ভারপর বিশ্বত শ্বভিপটে শুবকে শুবকে ফুটিয়া উঠিতে লাগিল ভাগের পথে আনন্দ-যাত্রার শান্তিময় দিবাশ্বভি। সে শান্তি কি বলিয়া বৃঝাইবার ? জনহীন হস্তর মরুপ্রাপ্তরের কুম্ম কারাপ্রকাঠে শৃল্পলিত ব্যক্তিকে যদি সহসা ভার আত্মীয় পরিজনের মধ্যে আনিয়া ছাড়িয়া দেওরা যায়, অতল সমুদ্রে নিমজ্জমান ব্যক্তিকে যদি হঠাৎ পোভাশ্রারে তুলিয়া লওরা হয়, ভবে ভার যে অবস্থা, এ-ও সেই অবস্থা। এ যে শুধু জীবন ভরিয়া প্রাণ দিয়া উপলন্ধি করিবার। তাই বিষয়-পশ্কিল ক্ষুদ্র সাংসারিক গণ্ডীর বাহিরে শান্তিপূর্ণ কঠোর বৈরাগ্যময় এই "স্বাধীন জীবনে স্বেচ্ছাবিহারী পাশীর বন্ধন-যন্ত্রণা বড় তীব্রভাবে বুকে বাজিল, তার সেই মুক্তির আকৃতি ছব্বিসহ ব্যথায় অস্তরকে পীড়িত করিয়া তুলিল—আমি ধীরে ধীরে খাঁচার নিকটে যাইয়া দ্বার উন্মুক্ত করিয়া দিলাম।

কিন্তু কই, পাখী বাহির হয় কৈ ? সে যেমনি ভাবে ছুটিতেছিল ঠিক ভেমনি ভাবেই পর্যায়ক্রমে ছুটিতে লাগিল; উন্মুক্ত দার আর ভার চোখে পড়িল না। আমি অবস্থা পর্যাবেক্ষণের জন্ম দূরে সরিয়া আসিলাম, সন্ধার ঘনায়িত অন্ধকারে পাখীর কথা চিন্তা করিতে করিছে আবার পায়চারী করিতে লাগিলাম; কিন্তু পাখী তবুও বাহির ইইতে পারিল না। তখন মনে ইইল ইহারই নাম "আস্থির নেশা"।

শুধু এই কুল পাখীটিকে নয়, অপরিসীম বৃদ্ধিমান মায়্যকেও এমনিভাবেই ল্রান্তির নেশায় পাইয়া বসে। এমনিভাবেই সে দ্বিগবিদিক-জ্ঞান শৃষ্ট হইয়া য়ৄগ য়ৄগ য়রিয়া বিপথে ঘুরিয়া মার। জীবনের স্ক্রপ্রশস্ত পথ সর্ববদা সকলের জন্ম উন্মক্ত : কিন্তু অহং-গর্ব্ব অভিমানান্ধ মায়ুষ ভাহা দেখিতে পায় কই ? আর পাইলেও জন্ম-জন্মান্তরের পৃঞ্চীভূত বিরুদ্ধ সংস্কারের প্রভাব এড়াইয়াসে-পথে চলিবার সামর্থ্য তার কোধায় ? আন্ত-বৃদ্ধিচালিত অদম্য উৎসাহ, উত্তম, অফুরন্ত চেষ্টা য়য় য়ে প্রভিনিয়ত ব্যর্থতার ত্বর্বহ মানি বহিয়া আবার তার কাছেই ফিরিয়া আসে! "ব্যক্তি-স্বাভন্ম্যের স্বাধীন মতবাদ ও বিবেক-বৃদ্ধি" (?) যে পদে পদে বিপর্যান্ত হইয়া রান্তার ধূলায় লুটাইয়া পড়ে। তবু মানবের ভ্রান্তির নেশা ছুটে কৈ ?

### দিনচর্য্যা

- ১। সুর্য্যোদয়ের পুর্বের অতি প্রত্যুয়ে শ্যা ত্যাগ করিবে। ইহাতে
  শরীর-মন স্থুস্থ ও উৎফুল্ল থাকে, দৈনন্দিন কর্ত্তর্য সম্পাদনে অধিকতর
  সময়, শক্তি ও উৎসাহ পাওয়া যায়।
- ২। শরীরের অবস্থানুসারে প্রত্যেকেরই নিয়মিত ভাবে কিছু সময় ব্যায়াম ( খালি হাতে বা যন্ত্রাদি সহ ব্যায়াম, আসন, ভ্রমণ, ক্রত ভ্রমণাদি) ও পরিশ্রমজনক কাজ অবশ্য কর্ত্তব্য।
- ৩। প্রতিদিন রাত্রিতে শ্যা গ্রহণ ও প্রত্যুবে শ্যাত্যাগের সময় নিয়মিতভাবে ভগবচিচয়া ও উপাসনা করিবে।
- 8। স্থাবিধা ২ইলে সকালে সন্ধ্যায় অথবা দিনরাত্রির মধ্যে যে কোন একটা নিদ্দিষ্ট সময় নিয়মিতভাবে কিছুক্ষণ নিদ্দিষ্ট আসনে বসিয়া ভগবত্পাসনা (ধান, জ্বপা, পুজাপ্রার্থনা, সন্ধ্যাবন্দনাদি) করা একান্ত আবশ্যক।

ইহাতে বৃদ্ধি নিশাল ও প্রথম, দেহমন পবিত্র ও সবল হয় এবং মনের দৃঢ়তা ও একাথ্যত। বৃদ্ধি পায়।

৫। প্রতিদিন কিছু সময় (অন্ততঃ তিরিশ মিনিট) নিয়মিতভাবে শাস্ত্র (প্রীমন্তগবদ্গীতা, শ্রীমন্তাগবত, উপনিষদ, চন্ত্রী, রামায়ণ, মহাভারত প্রভৃতি ঋষি-প্রণীত শাস্ত্র-গ্রন্থ) ও জীবন-গঠনের সহায়ক মহাপুরুষদের জীবনী ও ধর্মগ্রন্থাদি পাঠ করিবে। ইহাতে মন দ্বসংঘর্ষপূর্ণ ব্যবহারিক জ্বগতের উর্জে মহাশান্তিময় রাজ্যে বিচরণ করিতে সমর্থ হইবে।

৬। দিনের মধ্যে কিছু সময় সংসঙ্গ, সদালোচনা, সদমুষ্ঠান ও সংচিত্যা করিবে।

ইহাতে সন্তাব, সংসংস্কার ও সংপ্রাণত। বৃদ্ধি এবং কুভাব, কুপ্রাবৃত্তি ও কুসংস্কারাদি হ্রাস পাইবে।

- ৭। প্রতিদিনের কার্য্য প্রতিদিন সম্পন্ন করিবে, কোন কিছু পরবর্ত্তী দিনের জন্ম ফেলিয়া রাখিবে না।
- ৮। কখনও কোন প্রকার নেশা বা কু-অভ্যাসের দাস হইবে না। কোন প্রকার মানসিক চঞ্চলতা ও উচ্ছ, ছালতাকে কখনও প্রশ্রায় দিবেনা।
- ৯। কখনও বুখা সময় নষ্ট করিবে না। সর্ববদা সময় ও শক্তির সন্ধাবহার করিবে।
- ১০। শরীর মন ত্র্বল, নিস্তেজ ও নিরুৎসাহ হয় এমন কোন চিন্তাভারনা, কাজ বা আলোচনা কখনও করিবে না।
  - ১১। শক্তি ও ক্ষমতার অপচয় ও অপব্যবহার করিবে না।
- ১২। রাত্রে শয়ন কবিবার পূর্ব্বে প্রতিদিনের কান্ধকর্ম, আচরণ ব্যবহার প্রভৃতি বিচার বিশ্লেষণ করিয়া দোষ-ক্রুটি সংশোধনের ব্যবস্থা এবং পরবর্ত্তী দিনের করণীয় কার্য্যাবসী ও তাহা সম্পাদনের উপায় সমূহ চিন্তা করিয়া স্থির করিয়া রাখিবে।
- ১৩। সর্ব্বপ্রকার উদ্বেগ, উৎকণ্ঠা ও উত্তেজনার ভাব দূর করিয়া। শান্তভাবে থাকিতে অভ্যাস করিবে।
- ১৪। অক্সায় বা অনর্থক বাদবিততা যথাসম্ভব পরিহার করিয়। চলিবে।

- ১৫। সকলের সহিত সম্ভাব রক্ষা করিয়া চলিতে অভ্যন্ত হইবে।
- ১৬। অপরের উপর বাগ না করিয়া প্রয়োজন হইলে নিজের উপর রাগ করিবে, অপরের দোষ-ক্রটি-ছুর্ব্বলতার প্রতি দৃষ্টি না রাখিয়া নিজের দোষ-ক্রটি-ছুর্ব্বলতার প্রতি দৃষ্টি রাখিবে। তাহা হইলেই প্রকৃত কল্যাণ হইবে।
- ১৭। যাহাতে রিপু-ইন্দ্রিয়ের উত্তেজনা, কুভাব ও কুপ্রবৃত্তি জাগ্রত হয় তাহা সর্ববৈতোভাবে পরিত্যাগ করিবে।
- ১৮। যতদূর সম্ভব সংযম, শৌচ ও সদাচার পালন, নির্দিষ্ট সময়ে শরীরের পৃষ্টিসাধক খাত পরিমাণ মত আহার, নির্দিষ্ট সময়ে পরিমিত নিজা ( থুব কমও নয় খুব বেশীও নয় ), পরিষ্কার-পরিচ্ছন অনাড়ম্বর পোষাকপরিচ্ছন ব্যবহার, সকলের সহিত হাসিমুখে সৌজ্জপুর্ণ আলাপ ও আচরণ, নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট কর্ত্তব্য সম্পাদন, মানসিক স্থৈয় ও সন্তোষাদি জীবন-গঠন ও দীর্ঘায়ু লাভের পক্ষে সহায়ক।
- ১৯। জীবনের যে কোন ক্ষেত্রে উন্নতি সাধনে অভিলাষী ব্যক্তির পক্ষে সময়ামুবর্ত্তিতা ও নিয়মামুবর্ত্তিতা নিতান্ত অপরিহার্য্য।
- ২০। ঐদ্ধতা ও অশিষ্টতাকে সর্ব্বপ্রথম্নে পরিহার করিবে। ইহারা মামুষের সদ্গুণরাশিই শুধু নষ্ট করে না, সংশিক্ষা গ্রহণের সুযোগ হইতেও মামুষকে বঞ্চিত করে।

শারারিক ও মানসিক স্বাস্থ্য ও শক্তি লাভাকান্দী, চরিত্রোল্লয়ন ও জীবনের উৎকর্ষতা সাধনে অভিলাষী, দীর্ঘায়ু ও শান্তিকামী প্রভাৱেক উপরি উক্ত নিয়মাবলী পালন করিয়া চলিলে উপকার লাভ করিবেন। সমস্ত জীবন ধরিয়া যদি একটি মাত্র নীতি-নিয়মও অনুসরণ করিয়া চলা যায় তবে তাহাতেও যথেষ্ট শান্তি, শক্তি ও উন্নতি লাভ করা যায়।

## পরিশিষ্ট প্রার্থনার নিয়ম

সন্ধ-রক্ত্তমোগুণভেদে মান্থবের মধ্যে পশুন, মনুয়ার ও দেবক্ব আছে। পশুন্ধকে নির্জিত করিয়া মনুয়ান্তের উদ্বোধন এবং ধীরে ধীরে তাহাকে বিকশিত করিয়া দেবকে রূপান্তরিত করায়ই জীবনের সার্থকতা। এই জন্ম মানুষমাত্রেরই সদৃগুরুর নিকট হইতে দীকা গ্রহণান্তে প্রতিদিন নিয়মিতভাবে কিছু সময় ধ্যানজপ, পূজাপাঠ, প্রার্থনা করা নিতান্ত প্রয়োজন। তাহাতে মালিম্ম, চক্ষলতা ও চিত্তবিক্ষেপ দূর হইয়া চিত্ত ক্রমশঃ শুদ্ধ, শান্ত, স্থির ও নির্মান্ত ইবে, মন আবিলতা-পদ্ধিলতা, উদ্বেগ-উৎকণ্ঠামুক্ত হইয়া সবল, সভেজ ও একাগ্র হইয়া উঠিবে। তখন নির্মান্ত দর্পণে প্রতিফলিত প্রতিবিশ্বের মত সন্ভাবসমূহ ধারণা ও আয়ত্ত করা সহজ্ঞ হইবে।

প্রতিদিন অতি প্রত্যুষে ও সন্ধ্যাকালে নির্জনে কুশাসন বা কম্বলাসন পাতিয়া তত্বপরি পদ্মাসন করিয়া বসিয়া প্রথমে সদ্গুরু আচার্ষ্যের দিব্যমূর্ত্তি ধ্যান ও নামজপ করিবে। তৎপর প্রাতঃকালে 'শ্রীশ্রীগুরু-বন্দনা" ও "গুরু-প্রণাম-মন্ত্র" পাঠপূর্বক প্রণাম করিয়া শান্তি পাঠান্তে "আত্ম-কল্যাণ" ও "শক্তি-প্রার্থনা"-মন্ত্র পাঠ করিবে। সন্ধ্যাকালে ধ্যানান্তে 'ঈশ্র-স্তুতি" ও "গুরু-প্রণাম-মন্ত্র" পাঠান্তে প্রার্থনা করিবে।

ছাত্রছাত্রিগণ প্রাত্তংকাল ও রাত্রিতে পাঠারস্কের সমর প্রথমে জোড়াসন করিয়া বসিয়া (বাম পায়ের উপর ডান পা রাখিয়া সম্মুখের দিকে তাকাইয়া মেরুদণ্ড সোজা করিয়া বসা) শান্তিঃ-মন্ত্র পাঠপূর্বক "আত্মকল্যাণ" ও 'শক্তি-প্রার্থনা" পাঠ করিয়া 'মনোবোগ ও স্মৃতিশক্তি" বৃদ্ধির প্রার্থনা করিবে। ইহাতে চঞ্চল ও বিক্ষিপ্ত মন শান্ত, স্থির ও একাপ্র হইয়া পাঠে নিবিষ্ট হইবে এবং ধীরে ধীরে ধারণা ও স্মৃতিশক্তি বৃদ্ধি পাইবে। অধ্যয়নও সাধনা। কাজেই বাজে কথা না বলিয়া এইভাবে প্রার্থনাস্তে নিবিষ্টচিত্তে অধ্যয়ন করিলে প্রার্থনার উপকারিতা উপলব্ধি করা যাইবে। এতদ্বাতীত, রাত্রে শুইবার সময় বিছানায় বিসয়া "আত্মকল্যাণ" ও "শক্তি-প্রার্থনার" পর "গুরু-প্রণামন্মম্ব" ও ঈশ্বর-স্তৃতি" পাঠান্তে শয়ন করা কর্ত্তব্য। যে পর্যান্ত বুম না আসিবে সেই পর্যান্ত আচার্য্যের তেজোবাঞ্জক দিবামূর্ত্তি চিন্তা করিবে। তাহাতে স্থনিদ্র। হইবে ও তৃঃস্বপ্ন দেখা বন্ধ হইয়া যাইবে। যাহাদের প্রাতঃকাল ও সন্ধ্যায় প্রার্থনা করিবার স্থ্যোগ হয় না তাহায়া রাত্রে শুইবার সময় ও প্রাতঃকালে ঘুম হইতে উঠিবার সময় বিছানায় বিসয়াও এই প্রার্থনা করিতে পারেন। (ইহা শুধু ছাত্রছাত্রিদের পক্ষেই প্র্যোয্য)।

-:o:-

# প্রাথনা

#### শান্তিঃ-মন্ত

ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমূদচাতে। পূর্ণস্থ পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্মতে।। ওঁ শান্তিঃ! শান্তিঃ!!! শান্তিঃ!!!

সভ্য হইতে সর্বসাধারণকে দীক্ষা এবং ছাত্রছাত্রীদিগকে শক্তি-সাধন-মন্ত্র ও সাধনা দেওয়ার ব্যবস্থা আছে। এ সম্বন্ধে প্রয়োজনমত প্রালাপ করা যাইতে পারে।

### প্রীপ্রীশুরু-বন্দনা

(2)

ভব-সাগর-তারণ-কারণ হে, রবি-নন্দন-বন্ধন-খণ্ডন হে ! শরণাগত কিঙ্কর ভীতমনে, গুরুদেব দয়া কর দীনজ্বনে॥

(२)

হাদি-কন্দর-ভামস-ভাস্কর হে,
তুমি বিষ্ণু প্রজাপতি শঙ্কর হে,
পরব্রহ্ম পরাৎপর বেদভণে,
গুরুদেব দয়া কর দীনজ্ঞানে।
(৩)

মন-বারণ-শাসন-অস্কুশ হে,
নরত্রাণ তরে হরি চাক্ষ্য হে!
গুণগান-পরায়ণ দেবগণে,
গুরুদেব দয়া কর দীনজনে।
(8)

কুলকুগুলিনী-ঘুম-ভঞ্জক হে, হৃদি-গ্রন্থি-বিদারণ-কারক হে! মম মানস চঞ্চল রাত্রিদিনে,

গুরুদেব দয়া কর দীনজনে।

(0)

রিপুস্দন মঙ্গল-নায়ক হে,
স্থ-শান্তি-বরাভয়-দায়ক হে !
ত্রয় তাপ হরে তব নাম গুণে,
গুরুদেব দয়া কর দীনজনে ॥
(৬)

অভিমান-প্রভাব-বিমর্দিক হে, গতিগীন জ্বনে তুমি রক্ষক হে! চিত শক্ষিত বঞ্চিত ভ*্*তিগনে, গুরুদেব দয়া কর দীনজনে!! (৭)

তব নাম সদা শুভ-সাধক হে, পতিতাধম-মানব-পাবক হে!! মহিনা তব গোচর শুদ্ধমনে, শুক্তদেব দয়া কর দীনজনে।।
(৮)

জয় সন্গুরু ঈশ্বর-প্রাপক হে, ভাবরোগ-বিকার-বিনাশক হে। মন যেন রহে তব জ্রীচরণে, গুরুদেব দয়া কর দীনজনে।।

#### <u>जिल्लिक अर्गाप-महा।</u>

ওঁ অজ্ঞানতিমিরাশ্বস্থ জ্ঞানাঞ্চন-শলাকয়া। চক্ষরুশীলিতং যেন তশ্মৈ শ্রীগুরুবে নমঃ।। মন্ত্র সত্যং পূজ। সত্যং সত্যং ৫েদবনিরঞ্জনঃ। গুরোর্বাক্যং সদা সত্যং সত্যুমের পরং পদম ।। অৰগুমগুলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্। তৎপদং দৰ্শিতং যেন তাস্ম শ্রীগুরুবে নমঃ।। পিতৃমাতৃসুহৃদ্ধন্ধ বিছাতীর্থানি দেবতা। ন তুল্যং গুরুণা শীঘ্রং স্পর্শয়েৎ পরমং পদম্।। গুরুত্র হ্বা গুরুবিষ্ণু গুরুদেবে। মহেশ্বর। গুরুরের পরং ব্রহ্ম তুস্মি শ্রীগুরুরে নমঃ।। ধ্যানমূলং গুরোমূর্ তিঃ পুরুমুলং গুরোঃ পদম্। মন্ত্রমূলং গুরোর্বাক্যং মোক্ষমূলং গুরোঃ কুপা।। ওঁ ব্রহ্মানন্দং পরম স্থাবং কেবলং জ্ঞানমূর্ত্তিম্। দ্বাতীতং গগনসদৃশং তত্ত্বমন্তাদিলক্ষাম ।। একং নিত্যং বিমলমচলং সর্বাধী সাক্ষিভূতং। ভাবাতীতং ত্রিগুণরহিতং সদগুরুং তং নমামি।। স্থমের মাতা চ পিতা স্থমের, স্থমের বন্ধুশ্চ সঞ্চা স্থয়ের।

-----

परमव विका अविनः इत्मव, इत्मव मर्द्यः मम तमब्दानव ।।

#### আত্মকল্যাণ প্রার্থনা

শুওঁ অসতো মা সদগমর, তমসে। মা জ্যোতির্গমর।
মুভ্যোর্মাইমুভং গমরু, আবিরাবীর্ম এধি।।

হে পরমেশার ! তুমি আমাকে অসং হইতে সং-লোকে নিয়া চল, অজ্ঞানান্ধকার হইতে জ্ঞানের আলোকে লইয়া যাও, মৃত্যুর গ্রাস হইতে রক্ষা করিয়া অমৃত-রাজ্যো নিয়া যাও। হে স্বপ্রকাশ ! তুমি আমার নিকট প্রকাশিত হও।

#### मिक প्रार्थना

ওঁ তেকোইসি তেকো ময়ি ধেহি।
ওঁ বীধ্যমসি বীর্যাং ময়ি ধেহি।
ওঁ বলমসি বলং ময়ি ধেহি।
ওঁ ওকোহসি ওকাং ময়ি ধেহি।
ওঁ সহোইসি সহং ময়ি ধেহি।
ওঁ মহারসি মহাং ময়ি ধেহি।
বিজ্ঞানীয় মহাং ময়ি ধেহি।

হে পরমেশ্বর! তুমি ভেজস্বরূপ, আমাকে ভেজ দান কর। তুমি বীধ্যস্বরূপ, আমাকে বীধ্য দান কর। তুমি অনন্ত শক্তির মূর্ত্ত বিগ্রাহ, আমাকে শক্তি দান কর। তুমি অফুরন্ত ওজঃস্বরূপ, আমাকে ওজঃ দান কর। তুমি সহন-শক্তির ঘনীভূত মুক্তি, আমাকে সহিষ্ণুতা দান কর; তুমি অক্যায়ের প্রতি ক্রোধস্বরূপ দশুদাতা, আমাকে অক্যায়ের প্রতি ক্রোধ ও অক্যায় প্রতিরোধের শক্তি দাও।

> মনোযোগ ও স্মৃতিশক্তি রৃদ্ধির প্রার্থনা ওঁ বাঙ্মে মনসি প্রতিষ্ঠিতা, মনো মে বাচি প্রতিষ্ঠিতম্; আবিরাবীর্ম এবি। বেদক্য ম আবীক্তঃ: প্রচতং মে প্রহাসীঃ।

অনেনাধীতেন অংগরাতান্ সন্দধামি,
ঝতং বদিয়ামি, সত্যং বদিয়ামি,
তন্মামবকু, তদ্বক্তারমবকু।
অবকু মাম্, অবকু বক্তারমবকু বক্তারম্।।
ওঁ শান্তিঃ! শান্তিঃ!! শান্তিঃ!!!

হে ভগবন্! আমার বাক্য মনে এবং মন বাক্যে প্রভিষ্ঠিত হউক।
( অর্থাৎ আমি যখন যাহা ভধ্যয়ন করি ভাহা যেন অর্থ ও ভাৎপর্য্য
সহ আমার মনে মুদ্রিত হইয়া যায় এবং ভধ্যয়নকালে আমার মন যেন
অধ্যয়ন বিষয়ে নিবিষ্ঠ পাকে, অন্ত কোন বিষয় চিন্তা না করে।)
হে প্রকাশ-স্বরূপ পরমেশ্বর! তুমি আমার নিব্ট আত্মপ্রকাশ কর।
হে আমার বাক্য ও মন! ভোমরা উভয়ে বেদাপ আনয়নে সমর্থ হও
( বেদার্থ অনুধাবনের উপযোগী হও)। শ্রুত বিষয়সমূহ যেন আমি
ভূলিয়া না যাই। এই অধ্যয়নের দ্বারা আমি দিন ও রাত্রিকে এক
করিয়া দিব ( অর্থাৎ এক মুহূর্ত্ত সময় নষ্ট না করিয়া সর্বেদা জ্ঞানার্জ্বনে
নিযুক্ত থাকিব)। আমি সর্ব্রেদা উত্তম ও সত্য কথা বলিব। পরমেশ্বর
আমাকে রক্ষা করুন, আচার্যাকে রক্ষা করুন। আমায় রক্ষা করুন,
আচার্যাকে বক্ষা করুন, আচার্যাকে রক্ষা করুন।

আচার্যা ও আমার সর্ববপ্রকার হুঃখ ও ভাপের শান্তি হউক।

-:•:-

### পৈশ্বর স্তুতি

থমাদিদেবঃ পুরুষ: পুরাণঃ

থমস্থা বিশ্বস্থা পরং নিধানম্।
বেত্তাসি বেছাঞ্চ পরঞ্চ ধাম

থয়া ততং বিশ্বমনস্তর্ক্ষপ।। ৩৮

বায়ুর্যমোহ্যির্বরুণঃ শশাস্কঃ

প্রজাপতিন্ত: প্রপিতামহশ্চ।

ন্মে৷ ন্মস্টেইস্ত সহস্রকৃত্বঃ

পুনশ্চ ভুয়োইপি নমো নমস্তে ৷৷ ৩৯

নমঃ পুরস্তাদথ পৃষ্ঠতক্তে

ন্মোইস্তু তে সর্বত এব সর্বব।

অনস্বীৰ্য্যামি ভবিক্ৰমস্থং

সর্কাং সমাপ্লোষি ততোহসি সর্কা:।। 8•

পিতাসি লোকস্ম চরাচরস্থ

ত্মস্থ পূজাশ্চ গুরুর্গরীয়ান্।

ন স্বংসমোহস্তাভাষিকঃ কুতোহস্তো

লোকত্রয়েহপাপ্রতিমপ্রভাব। ৪৩

তম্মাৎ প্রথম্য প্রণিধায় কায়:

প্রদাদধ্যে স্থানহমীশমী ভাম্ ।

পিতেব পুত্রস্থা সংখব সখ্যঃ

প্রিয়ঃ প্রিয়ায়াইসি দেব সোচ্ম্। 88

( শ্রীশ্রীমন্তগবদগীতা, ১১শ অধ্যায় )

#### পুত্তক সন্থান্ত

### কয়েকখানি প্রসিদ্ধ পত্রিকার অভিমত

আনন্দবাজার পত্রিকা :— তরা আবাঢ় ১৩৫২ ; ২ গুলারক "ধর্মপিপাত্ম ব্যক্তিরা পুস্তকখানিতে যথেষ্ট চিন্তার খোরাক

"ধর্মীপপান্থ ব্যক্তির। পুশুকখানিতে যথেষ্ট চিন্তার খোরাব পাইবেন।"

যুগান্তর :-

७१ व्यावन, २२६२ ; हैर २२। १।८६

"গ্রন্থকার মানবের ব্যষ্টি ও সমষ্টিগত দৈনন্দিন জীবনে যে সমস্ত বাধাবিপত্তি, নৈরাশ্য অবসাদ আসিয়া সাধনার পথ ক্ষ করিয়া দাঁড়ায়, সেই সকল বিপদাপদ হইতে আত্মরক্ষা করিবার তথাপূর্ণ উপদেশাদি প্রদান করিয়াছেন। ধর্মপ্রোণ শান্তিকামী পাঠক এই গ্রন্থ পাঠে উপকৃত হইবেন।"

ভাষ্তবাকার পত্তিকা:— 'The seekers of truth will have glimpses of light in these well conceived and thoughtful essays."

15th July, 1945.

দেশ:—গ্রন্থকার ধন্ম সম্বনীয় উপদেশমূলক এই পুস্তকখানিতে উচ্চ চিস্তা, ধন্ম-সাধনা ও আদেশ নিষ্ঠার পরিচয় প্রদান করিয়াছেন " ২৬শে ছৈচ্চ, ১৩৫২; ইং ৮।৬।৪৫

Hindusthan Standard:-

Feb. 27, 1949,

"The book is particularly suited to the requirements of the times. In this book the author has pointed out the duties and ideals of human life in graceful and expressive language and in a spirit of profound sympathy.

The author has drawn our attention to those

qualities which contribute to the development of true humanity, Behind these moral instructions lie deep faith and absolute resignation to God. In these background he has imbued these dry and didactic lessons with a tone of poetic excellence. It is to be hoped that the usefulness of such a book will be appreciated".

Amrita Bazar Patrika—"It gave us great pleasure to gothrough the collection of essays written by a man who-wields a facile pen and has a few thing of value and import to tell us." June 8, 1947

### লেথকের অন্যান্য প্রন্থ সমূহ শ্রীশ্রীয়ুগাচার্য্য সঙ্গ ও উপদেশায়ুত স্বাধীন ভারতে মৃতন মামুষ ও নবকাতি গঠনের বীর্য্যবাণী।

জাতি-সংগঠক ও ধর্ম-সংস্থাপক আচার্য্য শ্রীমং স্বামী প্রণবানন্দলীর ত্যাগ-সংযম-সত্য ব্রহ্মচর্য্য ও দেবার স্থমহান্ ভিত্তিতে শক্তিশালী জাতীয় জীবন-গঠন, ছাত্র ও তরুণ সমাজের নৈতিক চরিত্রোরয়ন, শারীরিক ও মানসিক শক্তি অর্জ্জন, মেধা, প্রতিভা, আত্মশক্তি, আত্মবিশাস ও আত্মর্য্যাদাবোধ জাগ্রত করতঃ মমুয়ান্বের পরিপূর্ণ বিকাশ সম্বন্ধে উদ্দীপনাপূর্ণ মহামূল্য উপদেশাবলী সম্বলিত অপূর্ব্ব গ্রন্থ।

সন্তের প্রথম জীবনের হৃত্পাপ্য চিত্র সংযুক্ত, প্রায় ৫ শত পৃষ্ঠার সম্পূর্ণ। যূল্য—৬.০০ টাকা

অমুভবাজার পত্তিকা :—ইং ৫, ১০, ১৯৪৭ :—It deserves to be widely read for its rich contents.

Hindusthau Standard :-

6th June, 1948

"This book, written in a lucid and Powerful style, carries a message to our young hopefuls of the nation, which they will do well to heed, if they want to build a new nation on the sure foundation of self-confidence and self-respect."

আনন্দ্রাজার পত্তিকা:—ইং ১৪, ১২, ৪৭ :— "প্রণবানন্দজীর উপদেশামৃত যেমনি শিক্ষাপ্রদ, তেমনি আচরণের দ্বারাই প্রাণবন্ত ইইয়াছে। এই গ্রন্থ পাঠে জিজ্ঞান্ত পাঠক উপকৃত হইবেন।"

দেশ: ১৭ই আখিন, ১৩৫৪: "অলৌকিক তপঃশক্তিসম্পন্ন
মহাপুরুষ প্রণবানন্দজীর উপদেশগুলি পাঠ করিলে মনুষ্যত্বের বলিষ্ঠ
প্রেরণা অভ্রে উদ্দীপ্ত হইয়া উঠে, মন সর্ব্বপ্রকার দৈন্য ও ত্ব্বলতার
উদ্ধে এক সনাতন সভ্যের প্রেরণা লাভ করে। এমন প্রজ্ঞানময় বাণী
প্রচারের দারা গ্রন্থকার বর্তমান সমাজের অশেষ কল্যাণ-সাধন
করিয়াছেন। আমরা এমন পুস্তকের বহুল প্রচার কামনা করি।"



সাধন-বাণীঃ (পঞ্ম সংস্করণ) মূল্য—এক টাকা

দেশ: ১০ই মাঘ, ইং ২৪, ১, ৪৮: **"জাতির মনুয্যুছ** বিকাশের পক্ষে এগুলি সাহায্য করিবে:"

আনন্দবাজার পত্রিকাঃ ইং ১২, ৩, ৬৮ ঃ—"আলোচ্য প্রস্থে প্রকৃত মনুষ্যাত্ব এবং অধ্যাত্ম-জীবনে প্রতিষ্ঠিত ২ইবার উপযোগী কতক-গুলি উপদেশ সন্নিবিষ্ট হইয়াছে। উপদেশগুলি স্তুন্দর, সরল এবং অধ্যাত্ম অনুভূতির আলোকে সেগুলি উজ্জল হইয়া উঠিয়াছে।"

#### এতিপ্রিপ্রানন্দ শ্বতি চয়ন মূল্য—এক টাকা

**(मन :-- है: ১७हे जातहे. ১**३००

"স্বামী আত্মানন্দ বস্থ শাস্ত্ৰবেন্দ্ৰা, স্থপণ্ডিড, সাধক এবং স্থলেৰক। ···· লেখক মহাপুরুষ স্বামী প্রণবানন্দক্রীর স্থৃতি চয়নের ভিতর দিয়া তাঁহার জীবন এবং জ্ঞানগর্ভ তাঁহার মধুর বচনের উজ্জ্ঞল চমক আমাদের মনের উপর ফেলিয়াছেন। ইহা উন্নত জীবন লাভে মনকে উদ্দীপ্ত করে এবং চিত্তবৃত্তিকে সমুন্নত করিয়া ভোলে।..."

পাথেয়

म्मा-२ होका

(ममं: हे: 10 %. ००

"'পাথেয়' সত্য সতাই জীবন-পথের প্রকৃষ্ট পাথেয়। জাতি-ধর্ম-বর্ণ-বয়স-মত-পথ নির্বিশেষে প্রত্যেকটি মামুষের পক্ষে গ্রন্থখানি নিতান্ত অপরিহার্যা। দৈনন্দিন জীবনে পথচলার পাথেয়-স্বরূপ জীবন-পথের পথিকমাত্রেরই ইহা সঙ্গে সঙ্গে রাখা প্রয়োজন।"

আনন্দবান্ধার পত্রিকাঃ তাং ১৩, ১২, ৫৩

জীবন-পথের প্রকৃতই পাথেয়। যে কোন দেশের যে কোন ধর্শ্বের যে কোন শ্ৰেণীৰ মান্তবই ইহা পাঠে উপকৃত হইবেন:

ব্ৰীপ্ৰকপুজা-সোপানম্ মূল্য ২ টাকা

ज्ञां क्षिण महामात्रीत कर्द्धवा मृता—) होकाः

मह्वाखिष नवनाती भारतवर रेपनियन कीवरन हैश व्यवक शाही छ অমুসরণীয়।

প্রবাসী, জৈছি, ১৩৫৮

" ভারত সেবাশ্রম সজ্ব' কি প্রাণশক্তির বলে দীর্ঘ হাল ধরিয়া হিন্দুধর্ম ও সমাজের সেবা করিয়া চলিয়াছে, তাহার শক্তির উৎস কোপায় এবং অনস্ত সমস্থার আবেষ্টনে নিরুৎসাহ না হইয়া যথার্থ মানবল্লীতির ভিত্তিতে নির্বিরোধী সমন্বয় সমাধান কিভাবে হইতে পারে ইত্যাদি বিষয়ে আচার্য্য স্বামী প্রণবানন্দক্ষীর স্থাপন্ত কর্মপদ্ধতির নির্দেশ ইহাতে পাওয়া যায়। হিন্দুগণ ইহা অনুসরণ করিলে বিশেষভাবে উপকৃত হইবেন।…"

হিন্দুসংগঠন

মূল্য-এক টাকা

আনন্দবাজার পত্রিকা

"হিন্দু মিলন-মন্দির ও রক্ষিদল গঠন আন্দোলন, অমুন্নত সমাজের উন্নয়ন, লাঞ্ছিত নিপীড়িত হিন্দুজনসাধারণের রক্ষার ব্যবস্থা ইত্যাদি বিষয়ে আচার্যায়সী প্রণবানন্দের ধাণী ও পত্রাবলী হিন্দু জনসাধারণের নিকট প্রেরণা ও কার্যাশক্তির উৎসর্রপে কার্যাকরী হইয়াছিল, সে বাণীর প্রয়োজন এখনও সম্ভাবে বর্ত্তমান।"

্ৰিপ্ৰণবানন্দ উপদেশ মূল্য —এক টাকা

"হ্নপ্ত মনুষ্যাণের জ্ঞাগরণ, লুপ্ত আত্মশক্তির পুনরুদোধন এবং চরিত্রোক্নয়নের বীধ্যপ্রদ বাণী সম্বলিত এই পুস্তিক। পাঠে সকলেরই প্রাণমন নুডন উৎসাহ-উদ্দীপনায় উদ্দীপ্ত হইয়া উঠিবে।

ছাত্রছাত্রিগণের জীবন-গঠন ও স্মরণ-শক্তির উন্নতি সম্পর্কে বিশেষ উপদেশ পুস্তাকের শেষ অধ্যায়ে আছে।"